আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৬ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৭ || সংখ্যা ৪১ || সোমবার || শ্রাবন ০২ || ১৪৩০ || জিলহজ্ব ২৮ || ১৪৪৪ || Vol. 27 || Issue 41 || July 17 || 2023 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

টিকটকে লাইভ সম্প্রচার চিরতরে লাইসেন্স খোয়ালেন মার্কিন চিকিৎসক

বাংলা পত্রিকা ডেস্কঃ টিকটকে অশ্লোপচারের দৃশ্য লাইভ সম্প্রচার করে এবার নিবন্ধন (লাইসেন্স) হারালেন যুক্তরাষ্ট্রের ওহিও অঙ্গরাজ্যের চিকিৎসক **(বাকি অংশ ১৮ পাতায়)**

ধোঁয়া-বৃষ্টি-ঝড়-জলোচ্ছ্বাস-গরমে নাভিঃশ্বাস নিউইয়র্কে

বাংলা পত্রিকা ডেস্কঃ নিউইয়র্ক সিটি তথা গোটা ট্রাই-স্টেট এলাকায় তীব্র গরমে নাভিঃশ্বাস ছুটেছে সকলের। কানাডীয় দাবানলে সৃষ্ট ধোঁয়ায় ছেয়ে থাকার পর এলো ঝড়। এরপর জলোচ্ছ্বাসের আঘাত। সব মিলিয়ে আবহাওয়া বিপর্যয় চলছে এখানে। কানাডায় ফের দাবানল বাড়ছে ফলে বাতাসের মান আবার নিম্নস্তরে নেমে আসে। ছিলো বন্যার পূর্বাভাসও। সাথে গোটা ট্রাই-স্টেট জুড়ে ছিলো ঝড় ও বজ্রবৃষ্টি। শনিবার ও রবিবার অনেকটা একই পরিস্থিতি বিরাজ করেছে। নিউইয়র্ক সিটি, ওয়েস্টচেস্টার ও রকল্যান্ড কাউন্টিতে শনিবার সকাল ১১টা থেকে রাত ১১টা পর্যন্ত বাতাসের মান নিম্ন থাকার সতর্কতা জারি থেকেছে। নিউইয়র্ক ওয়েদার সার্ভিসেস তার সতর্কতায় উলেখ করেছে উত্তরপূর্ব নিউইয়র্ক, নিউজার্জির উত্তরাঞ্চল ও কানেটিকাটের দক্ষিণাঞ্চলে বন্যা দেখা দেয়। আর বজ্রবৃষ্টিতে বন্যাদশা চলতে থেকে শনিবার সন্ধ্যা থেকে রবিবার সন্ধ্যা পর্যন্ত। নদীর আশেপাশে যাদের বসবাস তারা বন্যার জলধারায় ক্ষতির মুখে পড়ে। আর শহরের নিম্নাঞ্চলগুলোর যেখানে পয়ঃনিষ্কাশন অপেক্ষাকৃত দুর্বল সেখানে সেখানে বন্যা দেখা দেয়। আর গোটা হাডসন ভ্যালিতে গোটা সপ্তাহ জুড়েই ভারী বৃষ্টিপাতে **(বাকি অংশ ১৮ পাতায়)**



এরদোয়ানকে হঠাৎ বাইডেনের ফোন

বাংলা পত্রিকা ডেস্কঃ তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। এ সময় বাইডেন জানিয়েছেন, তিনি দ্রুত সময়ের মধ্যে **(বাকি অংশ ১৮ পাতায়)**

ভোটের তোপে উড়ে গেলো মেয়র এরিক অ্যাডামসের ভেটো

বাংলা পত্রিকা ডেস্কঃ নিউইয়র্ক সিটি কাউন্সিল বৃহস্পতিবার হাউজিং বিলে মেয়র এরিক অ্যাডামসের দেওয়া ভেটোকে বাতিল করে দিয়েছে। যাতে বাড়ির ভাড়ায় সুবিধা বাড়ার পক্ষে মত পাকাপোক্ত হলো। আর এর মধ্য দিয়ে মেয়র এরিক অ্যাডামস এই প্রথম আইন প্রণেতাদের কাছে বড় ধরনের ধাক্কা খেলেন। ৪২-৮ ভোটে নিরঙ্কুশ সংখ্যা গরিষ্ঠতা নিয়ে সিটি কাউন্সিলের



প্রস্তাব পাশ হয়। গত এক দশকেও মেয়রের নেওয়া কোনো অবস্থান এত বড় ধাক্কা খায় নি। এরিক অ্যাডামের পূর্বসুরি বিল ডি বাজিওর সঙ্গে সিটি কাউন্সিলের ছিলো বেশ ভালো বোঝাপড়ার সম্পর্ক। আর সে কারণে নিজের ৮ বছর মেয়াদে কাউন্সিলের আনা কোনো প্রস্তাবেই তিনি কখনো ভেটো দেননি। ‘কাউন্সিল **(বাকি অংশ ১৮ পাতায়)**



নোয়াখালীতে বাদল মির্জার বাড়িতে হামলা
জ্যাকসন হাইটসে শামীম ওসমানের সঙ্গে কি ঘটেছিল?

বাংলা পত্রিকা ডেস্কঃ নিউইয়র্কে বাংলাদেশি অধ্যুসিত জ্যাকসন হাইটসে হেনস্তার শিকার হয়েছেন আওয়ামী লীগ নেতা ও সংসদ সদস্য শামীম ওসমান। সেখানে একদল মানুষের দুর্ব্যবহারের শিকার হয়েছেন **(বাকি অংশ ৩৫ পাতায়)**

পাত্র খুঁজে দিতে আমেরিকান আইনজীবীর ৫০০০ ডলার পুরস্কার ঘোষণা

বাংলা পত্রিকা ডেস্কঃ করপোরেট মামলার আইনজীবী ঈভ টিলি-কুলসন (৩৫)। ৫ বছর ধরে তিনি সিঙ্গেল। কিন্তু এভাবে আর দিন কাটতে চায় না। তাই একজন জীবনসঙ্গী, মানে স্বামী প্রয়োজন তার। এমন একজন পুরুষ খুঁজে পেতে অস্থির হয়ে পড়েছেন। কিন্তু নিজে পছন্দসই পাত্র খুঁজে পাচ্ছেন না। তাই অন্যদের দ্বারস্থ হয়েছেন। ঘোষণা দিয়েছেন তাকে কেউ পছন্দমতো একজন পাত্র খুঁজে দিলে তাকে ৫০০০ ডলার পুরস্কার দেবেন। এ খবর **(বাকি অংশ ১৮ পাতায়)**

ভ্যাপিং: ই-সিগারেটের ধোঁয়ায় ঝুকিতে যুক্তরাষ্ট্রের পরিবেশ

বাংলা পত্রিকা ডেস্কঃ যুক্তরাষ্ট্রের পরিবেশকে মারাত্মক ক্ষতির হাত থেকে বাঁচাতে ই-সিগারেট এখনই বন্ধ করতে হবে। নতুন একটি প্রতিবেদন এই কথা জানিয়েছে যে এই ই-সিগারেট তথা ভ্যাপিং যুক্তরাষ্ট্রে কেবল গ্রহণকারীদের স্বাস্থ্যগত ক্ষতির কারণ হচ্ছে তা-ই নয়, এর ফলে পরিবেশগত মারাত্মক ক্ষতি হচ্ছে। কেন্দ্রীয় সরকারকে ই-সিগারেট পুরোপুরি নিষিদ্ধ করতে বলা হয়েছে এই প্রতিবেদনে। পাবলিক **(বাকি অংশ ১৮ পাতায়)**

সিয়েনা জরিপ: অপরাধ আতঙ্কে ৬১% নিউইয়র্কার

বাংলা পত্রিকা রিপোর্টঃ নিউইয়র্ক স্টেটের ৬১ শতাংশ মানুষ সারাক্ষণই একটা আতঙ্কের মধ্যে কাটান। কখন তারা কোন অপরাধী তৎপরতার শিকার হয়ে বসেন সেই আশঙ্কা ঘিরে থাকে তাদের মনে। নিজেরই শুধু নয়, পরিবার পরিজনের নিরাপত্তা নিয়েও **(বাকি অংশ ১২ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

JUIN ZONE REALTY INC
Licensed Real Estate Broker
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-899-7000
F: 718-899-2000
khanf04@yahoo.com
Ferdous Khan
Licensed Real Estate Sales Assoricate
Zillow
81-15 Queens Blvd. 2Fl
Elmhurst, NY 11373

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax - Sales Tax - Payroll - Notary Public - Bookkeeping - Business Formation - Financial Statement - Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

২৩ জানুয়ারি ২০২৩ থেকে ট্যাক্স ফাইলিং শুরু হচ্ছে

কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান তাহলে সর্বাধিক রিফান্ড পাবেন এবং ভবিষ্যৎ জটিলতা থেকেও রক্ষা পাবেন।

We are Top 500 intuit Company

AUTHORIZED IRS e-file PROVIDER



Steven M. Levy, CPA



আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।

Southeast USA Income Tax Services

জ্যাকসন হাইটস
74-09 37th Avenue, Suite # 206
Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207
Cell: 917-566-1612

জ্যামাইকা
168-16, Hillside Avenue
Jamaica, NY 11432
Phone: 646-464-5944
718-487-4507

ব্রংক্স
1445 Unionport Roa, Bronx, NY
পার্কচেষ্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
Phone: 347-621-0378
718-427-5919

email: usa.bd54@gmail.com


বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
৩-এর পৃষ্ঠা

মিডটাউনে মেডিসন স্কয়ার গার্ডেন অক্ষত থাকবে আরও ১০ বছর

নিউইয়র্কঃ আরও ১০ বছর নিউইয়র্কের প্রাণকেন্দ্রে একই ভাবে থাকবে মেডিসন স্কয়ার গার্ডেন। নগরের রেল টার্মিনাল পেন স্টেশনের নতুন নকশা প্রণয়নের পর হুমকির মুখে পড়েছে এই মাল্টিপারপাস ভবনটি। গভনর্র ক্যাথি হোকুল সেই নকশা অনুমোদন করলে এই স্থাপনাকে অক্ষত রাখার জন্য আবেদন করা হয়। স্থায়ীভাবে থাকার আবদেন করা হলেও আপাতত তা ১০ বছরের জন্য অনুমোদিত হলো। পেন স্টেশনকে যখন ঢেলে সাজানোর পরিকল্পনা চলছিলো তখনই এই সুপারিশ এলো। পেন স্টেশন থেকেই অ্যামট্রাক, লং আয়ল্যান্ড রেলরোড ও নিউজার্সি ট্রানজিট এর রেলগুলো ছাড়ে কিংবা পৌঁছায়। নগর পরিকল্পনা বিভাগের চেয়ারম্যান ড্যান গ্যারডনিক বলেছেন, নতুন পরকল্পনা অনুযায়ী ম্যাডিসন স্কয়ার গার্ডেনর চারিদিকটা ঘিরে উলেখযোগ্য উন্নয়ন সাধিত হবে। পেন স্টেশনের ভবিষ্যত নিয়ে বেশ কিছু উচ্ছাভিলাসী পরিকল্পনা রয়েছে। যা এখন এমএসজিকে অক্ষত রেখেই বাস্তবায়ন করতে হবে। গ্যারডনিক বলেন, "এমএসজি যেহেতু সহযোগিতায় সম্মত রয়েছে, রেল এজেন্সিগুলোর উচিত হবে পেন স্টেশনকে ঘিরে একটি জবরদস্ত পরিকল্পনা গ্রহণ করা।"

MIJAN REAL ESTATE LTD.
Reg. No. C-187784
মিজান রিয়েল এস্টেট লিমিটেড
রাজউক অনুমোদিত পূর্বাচল, উত্তরা এবং বসুন্ধরা,ধানমন্ডি, বনানী ও গুলশান সহ ঢাকায় জায়গা, বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন। 917-631-5050
USA Address:
127-14 101 Avenue
Queens, NY 11419
EXIT REALTY PRIME
ThInkIng of BUYING-
SELLING, INVEST, RENT
Houses, Co-op&Condo
Mijanur Rahman (Mijan)
Licensed Real Estate Agent
189-10 Hillside Ave, Suite E, NY 11423
Tel: 718-262-0205, Fax: 718-262-0254
www.EXITprmeNY.com
Mijanur Rahman (Mijan)
Chairman & CEO
917-631-5050
Email: RealtorMijan@gmail.com

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত
MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসট্যান্ট
কার্ডিওলজী — তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড কেলোলে, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট
পডিয়াট্রি — ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ
সাইকিয়াট্রিস্ট — সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট
We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
৩০৯৯ কোলব্রিজ এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com
৯৩৮১ কানেলটীন এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com


আপনার বিল ট্র্যাক, ম্যানেজ করা ও বিল বুঝে নেওয়া সব কিছু এক জায়গায় করতে পারেন।
যে কোনও সময় লগ ইন করে:
- মাস অনুযায়ী আপনার ব্যবহারে নজর রাখুন
- আপনার বাসার এনার্জীর স্ন্যাপশট নিন
- আমাদের হোম এনার্জী ক্যালকুলেটার ব্যবহার করুন
- ভয়েস অ্যাসিস্টেন্স সক্রিয় করুন
- যে কোনও সময় আমাদের সাথে চ্যাট করুন
- ফ্লেক্সিবল পেমেন্টের জন্য সাইন আপ করুন
অ্যাপ খুলুন বা
conEd.com/PaymentOptions দেখুন
conEdison

নতুন

RUTH BADER GINSBURG HOSPITAL

এখন পরিচর্যার জন্য খোলা আছে



একটি নতুন হাসপাতাল যা একটি নতুন দৃষ্টিভঙ্গি তুলে ধরে।
সাউথ ব্রুকলিনে (South Brooklyn) স্বাস্থ্য পরিচর্যার রূপান্তর ঘটাচ্ছে।

সকলের জন্য উৎকর্ষতা আশা করুন

SouthBrooklynHealth.nyc
844-NYC-4NYC (844-692-4692)

NYC HEALTH+ HOSPITALS | South Brooklyn Health

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

দুই বড় দলের সমাবেশ
নির্বাচন প্রশ্নে সমঝোতা জরুরি

রাজধানী ঢাকাতে বুধবার (১২ জুলাই) বড় দুই দল আওয়ামী লীগ ও বিএনপির সমাবেশ শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হলেও তা থেকে এমন ঘোষণা এসেছে, যা সামনের দিনগুলোতে পরিস্থিতি আরও উত্তপ্ত করতে পারে। বিকালে নয়াপল্টনের সমাবেশ থেকে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সরকারের পদত্যাগের 'একদফা' দাবিতে আন্দোলনের ঘোষণা দিয়েছেন। অন্যদিকে, বায়তুল মোকাররমের দক্ষিণ গেটে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ আওয়ামী লীগ আয়োজিত শান্তি সমাবেশে দলের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের শেখ হাসিনার সরকারের অধীনেই আগামী নির্বাচন অনুষ্ঠানের ঘোষণা দিয়েছেন।

আগামী নির্বাচনকে ঘিরে দলের পক্ষ থেকে এটাই তাদের একদফা বলে জানিয়েছেন তারা। আসন্ন নির্বাচনকে ঘিরে দেশের বড় দুই দলের একই ইস্যুতে অর্থাৎ নির্বাচন কার অধীনে অনুষ্ঠিত হবে তা নিয়ে পরস্পর বিপরীত অবস্থান স্বাভাবিকভাবেই দেশে রাজনৈতিক উত্তেজনা বৃদ্ধির ইঙ্গিত দিচ্ছে।

বায়তুল মোকাররমের সামনে ও নয়াপল্টনে যথাক্রমে আওয়ামী লীগ ও বিএনপির সমাবেশকে কেন্দ্র করে পুরো এলাকা ছিল লোকে লোকারণ্য। জনসমাবেশ ঘটিয়ে দুই দলই দেশবাসীর কাছে নিজেদের শক্তিমত্তার প্রমাণ দিতে চেয়েছে।

সমাবেশে আসা নিয়ে ক্ষমতাসীন দলের সমর্থকদের কোনো ভোগান্তির খবর পাওয়া না গেলেও বিভিন্ন জেলা থেকে আসা বিএনপি নেতাকর্মীদের হয়রানির শিকার হতে হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। সমাবেশে যাওয়ার পথে বুধবার বিভিন্ন জেলায় বিএনপির নেতাকর্মীদের ওপর হামলা ও বাধা দেওয়ার ঘটনার পাশাপাশি নানা স্থানে গাড়িতে তল্লাশি চালিয়ে পুলিশ ৭৩ জনকে আটক করেছে। এর মধ্যে সাভারে চেকপোস্ট বসিয়ে পুলিশ বিএনপির ৬০ নেতাকর্মীকে আটক করে। এছাড়া ভাড়া করা ৪০টি গাড়ির চাবি ছিনিয়ে নেওয়া হয় বলে খবরে প্রকাশ। আবার কেরানীগঞ্জে ক্ষমতাসীন দলের নেতাদের নির্দেশে বুড়িগঙ্গায় খেয়া পারাপারেও বাধা দেওয়ার খবর পাওয়া গেছে। অবশ্য পুলিশ জানিয়েছে, নাশকতা ঠেকাতেই চেকপোস্ট বসিয়ে তল্লাশি কার্যক্রম পরিচালনার পাশাপাশি বেশ কয়েকজনকে আটক করা হয়েছে।

রাজধানী ঢাকার ব্যস্ততম এলাকায় মাত্র দেড় কিলোমিটার দূরত্বে বড় দুই দলের সমাবেশ অনুষ্ঠিত হলেও কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি, এটি স্বস্তিদায়ক। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত রাখতে হবে। যদিও ধারণা করা যায়, যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়নের দুটি উচ্চ ক্ষমতাসম্পন্ন প্রতিনিধিদল ঢাকায় অবস্থান করছে বলেই দুদলের এই শান্তিপূর্ণ সহাবস্থান।

এক্ষেত্রে আমাদের বক্তব্য হচ্ছে, বাইরের চাপের কারণে নয়, স্ব-উদ্যোগেই সহিষ্ণুতার রাজনীতির চর্চা করতে হবে। সমাবেশে আগামী সংসদ নির্বাচনকে কেন্দ্র করে বড় দল দুটি যে অবস্থান নিয়েছে, তা পরিস্থিতিকে আরও সংঘাতময় করবে। অতীতে বিভিন্ন কারণে এবং ক্ষমতার পালাবদলের প্রেক্ষাপটে দেশে সহিংস রাজনৈতিক পরিবেশ সৃষ্টি হয়েছে। মাসের পর মাস হরতাল-অবরোধ কর্মসূচি পালনকালে সহিংসতায় বহু প্রাণহানি হয়েছে। সেসময় দেশজুড়ে নাশকতামূলক কর্মকাণ্ডে যে ব্যাপক ব্যক্তিগত ও রাষ্ট্রীয় সম্পদহানি হয়েছিল, তার নেতিবাচক প্রভাব পড়েছিল অর্থনীতিতে। মনে রাখতে হবে, দেশের অর্থনীতি বর্তমানে নানা সংকটে রয়েছে। রাজনৈতিক সহিংসতা এ সংকটকে আরও বাড়িয়ে তুলতে পারে, যা কোনোভাবেই কাম্য নয়। রাজনৈতিক সংকট দূর করার জন্য আগামী নির্বাচন গ্রহণযোগ্য হওয়া প্রয়োজন।

এজন্য নির্বাচনকালীন সরকার নিয়ে যে বিতর্ক চলছে তার অবসান হওয়া দরকার। কাজেই দেশ ও জনগণের স্বার্থে সরকার ও বিরোধী দুপক্ষই একদফার অবস্থান থেকে বেরিয়ে সংলাপের টেবিলে বসবে-এটাই প্রত্যাশা।

পুতিনই ন্যাটোকে নতুন জীবন দিয়েছেন

॥ মারওয়ান বিশারা ॥

২০১৯ সালে লন্ডন সম্মেলনের আগে ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল মাখোঁ ন্যাটোর ব্রেন ড্রেড বা মস্তিষ্কের মৃত্যু ঘোষণা করেছিলেন। দেখেশুনে মনে হচ্ছে, বিশ্ব সেই দিন পেরিয়ে এসেছে। ইউক্রেনে রাশিয়ার আগ্রাসন ন্যাটোর এমন পুনরুজ্জীবন ঘটিয়েছে, যেটা জোটের ৭৪ বছরের ইতিহাসে দেখা যায়নি। এ সপ্তাহে লিথুয়ানিয়ায় ন্যাটো সম্মেলনে সেই উদ্দীপনাটাই দেখা গেল।

মাখোঁর যুক্তি ছিল, ইউরোপের নিরাপত্তা বিবেচনায় যখন সদস্যদেশগুলোর যৌথ দৃষ্টিভঙ্গি অথবা একই ধরনের উদ্দেশ্য নেই, তখন দায় ভাগ করে নেওয়ার জন্য তাদের বিবাদ করার কোনো প্রয়োজন নেই। তিনি দাবি করেছিলেন, সন্ত্রাসবাদ হলো সাধারণ শত্রু, যেটা চীন কিংবা রাশিয়া নয়, আমাদের 'সবগুলো দেশকে আঘাত করেছে'। তিনি এ বিষয়েও জোর দিয়েছিলেন যে যুক্তরাষ্ট্র আগের চেয়ে কম নির্ভরযোগ্য হয়ে পড়েছে। এ কারণে ইউরোপকে তাদের নিরাপত্তার প্রশ্নে আরও স্বয়ংসম্পূর্ণ হতে হবে।

সদস্যদেশগুলোর মধ্যে দায় ভাগ করে নেওয়ার প্রশ্নে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বক্তব্যে উত্তেজনা বাড়ে। ইউরোপীয় সদস্যরা সামরিক খাতে ব্যয় কমিয়েছে এবং সম্মিলিত নিরাপত্তার বিষয়টি খাটো করে দেখছে, এ রকম ভুল অভিযোগ তোলেন ট্রাম্প। জোট থেকে যুক্তরাষ্ট্রকে সরিয়ে নেওয়ারও হুমকি দেন তিনি। প্রকৃতপক্ষে ট্রাম্পের চার বছরে ন্যাটোর অস্তিত্ব ছিল নিবু নিবু অবস্থায়।

সোভিয়েতকে দূরে রাখা, জার্মানদের সরিয়ে আমেরিকানদের জায়গা তৈরি করতে ওয়াশিংটন থেকে ন্যাটো গঠিত হয়েছিল। শীতল যুদ্ধের সমাপ্তি হওয়ায় জোটটি এর মূল উদ্দেশ্য হারিয়ে ফেলে। সোভিয়েত ইউনিয়নের পতন, ওয়ারশ চুক্তি বাতিল এবং দুই জার্মানির একত্রীকরণ, এ সবকিছুই একটা যুগের পরিসমাপ্তি ও নতুন যুগের জন্মের প্রতীক। আরও ঐক্যবদ্ধ, নিরাপদ ও আত্মবিশ্বাসী ইউরোপের জন্মের প্রতীক।

এরপর বলকান যুদ্ধ শুরু হলে তাতে ন্যাটোর হস্তক্ষেপের ঘটনা ঘটে। এরপর আসে যুক্তরাষ্ট্রে ৯/১১ হামলার ঘটনা। ইতিহাসে প্রথমবারের মতো তাদের ৫ নম্বর অনুচ্ছেদটি সচল করে জোটটি। নিজেদের এলাকার বাইরে বৃহত্তর মধ্যপ্রাচ্য ও অন্যান্য অঞ্চলে অভিযান পরিচালনা করে ন্যাটো। নতুন ধরনের হুমকি ও শত্রুর বিরুদ্ধে জোটটি তার সামরিক সক্ষমতা আরও সমৃদ্ধ করে।

কিন্তু ২০০৩ সালে যুক্তরাষ্ট্রের নেতৃত্বে ইরাকে আগ্রাসনের সময় বিভক্তি দেখা যায়, যেটি জোটটির রাজনৈতিক ও সামরিক সংহতিকে খাটো করেছে। ২০০৪ সালে দায় ভাগাভাগি করে নেওয়ার ক্ষেত্রে ন্যাটোর প্রচেষ্টা ব্যর্থ হয়, তাতে ইরাকে বিশৃঙ্খলা ও অস্থিতিশীলতার ঢেউ আছড়ে পড়তে থাকে। ফলে ২০১১ সালে ইরাক থেকে ন্যাটো নিজেদের প্রত্যাহার করে নেয়। ইরাক ও সিরিয়ায় 'ইসলামিক স্টেটের' উত্থান যুক্তরাষ্ট্র-ন্যাটোর আরেকটি বড় ব্যর্থতা।

সরাসরি না হলেও ন্যাটো লড়াই চালিয়ে যেতে ও রাশিয়াকে দুর্বল করতে এবং ভবিষ্যতে পুতিনকে এ ধরনের আগ্রাসন থেকে বিরত রাখতে দৃঢ় প্রতিজ্ঞ। ইউক্রেনকে বিলিয়ন বিলিয়ন ডলারের সহযোগিতা এবং সর্বাধুনিক ও ক্লাস্টার বোমার মতো বিপজ্জনক অস্ত্র দিয়ে ন্যাটো প্রমাণ করেছে যে ইউক্রেনে শেষ সেনাটা জীবিত থাকা পর্যন্ত তারা লড়াই চালিয়ে যাবে।

ইরাক দখল যদি আমেরিকানদের জন্য বিপর্যয় সৃষ্টিকারী মহা ভুল হয়, তাহলে আফগানিস্তান দখল ছিল ন্যাটোর জন্য ভয়ানক এক অবমাননা। ২০ বছরের এই খরুচে যুদ্ধ শেষ হয় ২০২১ সালে আফগানিস্তান থেকে ন্যাটোর লজ্জাজনক ও তালগোল পাকানো প্রত্যাহারের মধ্য দিয়ে। দ্বিতীয়বারের মতো তালেবান শাসন ফিরে আসে।

এটাই সবকিছু নয়। ২০১১ সালে লিবিয়ায় ন্যাটোর সামরিক আগ্রাসন তালগোল পাকানো বোকামি ছাড়া আর কিছু নয়। আট মাস ধরে লিবিয়ার বাহিনীর ওপর প্রায় সাত হাজারবার বোমা হামলার পর মুয়াম্মার গাদ্দাফিকে ক্ষমতাচ্যুত করা হয়। কিন্তু এর মধ্য দিয়ে লিবিয়ায় রক্তক্ষয়ী গৃহযুদ্ধ শুরু হয়, যে যুদ্ধ দেশটিকে পঙ্গু করে দিয়েছে। বারাক ওবামা পরবর্তীকালে এই আগ্রাসনকে বলেছিলেন প্রেসিডেন্ট হিসেবে তাঁর দায়িত্বকালে সবচেয়ে খারাপ ভুল।

পূর্বমুখী সম্প্রসারণ সত্ত্বেও সামরিক অভিযানের ক্ষেত্রে ন্যাটো ভয়াবহভাবে ব্যর্থ হয়েছে অথবা একুশ শতকে তাদের একেবারে মূল কৌশলনীতি কী হবে, সেটা নির্ধারণে ব্যর্থ হয়েছে। ২০২১ সালে প্রেসিডেন্ট জো বাইডেন বিশ্বমঞ্চে 'আমেরিকার প্রত্যাবর্তন' ঘোষণা দেন। পূর্বসূরিরা যুক্তরাষ্ট্রের প্রতি বাকি বিশ্বের নির্ভরশীলতা ও আস্থার ক্ষেত্রে যে ক্ষতিটা করেছিলেন, সেটা পুষিয়ে নেওয়ার প্রচেষ্টা শুরু করেন তিনি। ইউরোপে ন্যাটো জোট নিয়ে যে সংশয় তৈরি হয়েছিল, সেটা মীমাংসা করে জোটটিকে ঐক্যবদ্ধ ও উদ্ধার করার উদ্যোগ নেন বাইডেন।

২০২২ সালে সবকিছুর পরিবর্তন ঘটতে থাকে। ইউক্রেনে রাশিয়ার সর্বাত্মক আগ্রাসন শুরুর পর নাটকীয়ভাবে সব সংশয় উবে যায়।

প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন দীর্ঘদিন ধরে তাঁর প্রভাবাধীন এলাকায় যুক্তরাষ্ট্র-ন্যাটোর হস্তক্ষেপ করছে বলে সতর্ক করে আসছিলেন। তিনি সতর্ক করেছিলেন, জর্জিয়া ও ইউক্রেন সীমান্ত পর্যন্ত ন্যাটো নিজেদের সম্প্রসারণ করতে চাইছে। কিন্তু তার এই বক্তব্যের পাত্তা দেয়নি ওয়াশিংটন। হোয়াইট হাউসে বাইডেন প্রশাসন তখন আন্তআটলান্টিক সম্পর্ক পুনরুজ্জীবনের মনোযোগী ছিল।

ন্যাটোর পুনরেকত্রীকরণ প্রচেষ্টার এক বছরের মাথায় ইউক্রেনে পুতিন আগ্রাসন শুরু করে। পুতিনের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে ইউরোপীয় নেতারা প্রতারিত বোধ করলেন। তাঁরা হিসাব কষে দেখলেন, পূর্ব দিকের সীমান্তে যে নতুন বিপদ উপস্থিত হয়েছে, তা মোকাবিলায় যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন ন্যাটো জোটকে শক্তিশালী করা ছাড়া তাঁদের সামনে বিকল্প নেই।

যে ফিনল্যান্ড সব সময় ন্যাটো থেকে দূরে থাকার প্রতিশ্রুতি দিয়ে এসেছে, তারা এখন যেকোনো মূল্যে ন্যাটোয় যুক্ত হতে চায়। তুরস্কের আপত্তির কারণে জোটে যুক্ত হতে না পারার কারণে সুইডেন যেটা করেছে, তা থেকে এটা স্পষ্ট যে ইউরোপীয়রা এখন কী চায়। ইউরোপীয় ইউনিয়নের মধ্যস্থতায় শেষ পর্যন্ত তুরস্ক তাদের আপত্তি তুলে নেয়। সরাসরি না হলেও ন্যাটো লড়াই চালিয়ে যেতে ও রাশিয়াকে দুর্বল করতে এবং ভবিষ্যতে পুতিনকে এ ধরনের আগ্রাসন থেকে বিরত রাখতে দৃঢ় প্রতিজ্ঞ। ইউক্রেনকে বিলিয়ন বিলিয়ন ডলারের সহযোগিতা এবং সর্বাধুনিক ও ক্লাস্টার বোমার মতো বিপজ্জনক অস্ত্র দিয়ে ন্যাটো প্রমাণ করেছে যে ইউক্রেনে শেষ সেনাটা জীবিত থাকা পর্যন্ত তারা লড়াই চালিয়ে যাবে।

পশ্চিমা একটা সময় ধরে বড় ধরনের অস্থিরতার পর পুতিন ন্যাটোকে নতুন অর্থ ও প্রেরণা দিয়েছে। আগে কি কেউ ভেবেছে জাপানে ন্যাটোর লিয়াজোঁ কার্যালয় হবে?

মারওয়ান বিশারা, আল-জাজিরার জ্যেষ্ঠ-রাজনৈতিক বিশ্লেষক

ইংরেজি থেকে সংক্ষেপিতভাবে অনূদিত



নামাজের সময়-সূচী

জুলাই	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩
ফজর	৪.০৪	৪.০৫	৪.০৬	৪.০৭	৪.০৮	৪.১০	৪.১১
সূর্যোদয়	৫.৩৭	৫.৩৮	৫.৩৯	৫.৪০	৫.৪১	৫.৪১	৫.৪২
জোহর	১.০২	১.০২	১.০৩	১.০৩	১.০৩	১.০৩	১.০৩
আসর	৬.১২	৬.১২	৬.১১	৬.১১	৬.১১	৬.১১	৬.১০
মাগরিব	৮.২৬	৮.২৫	৮.২৫	৮.২৪	৮.২৩	৮.২৩	৮.২২
এশা	১০.০১	১০.০০	৯.৫৯	৯.৫৮	৯.৫৭	৯.৫৬	৯.৫৫

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

গ্রহণযোগ্য নির্বাচন কোন পথে

॥ তৈমূর আলম খন্দকার ॥

পূর্ব-পাকিস্তানের গণমানুষ দলমত নির্বিশেষে ভাত ও ভোটের অধিকারের দাবিতে ঐক্যবদ্ধ হয়েছিল। ফলে স্বাধিকার আন্দোলন বেগ পেয়েছে। মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন হয়েছে। যাদের নেতৃত্বে স্বাধিকার আন্দোলন হয়েছিল তাদের দ্বারাই লুণ্ঠিত হওয়ার সূচনা হয়েছিল গণতান্ত্রিক অধিকার। মানুষের ভোট ও ভাতের অধিকার তারাই পদদলিত করেছিল। পরিস্থিতি এমনই আকার ধারণ করে যে, মনে হচ্ছিল স্বাধীনতার সুফল যেন শাসক দলের জন্যই নির্ধারিত ছিল।

একদলীয় শাসন ব্যবস্থা, '৭৫-এর পট পরিবর্তন, পরবর্তীতে বহুদলীয় রাজনীতি চালু সব ছাপিয়ে যখন গণ মানুষের ভোটাধিকার বাস্তবায়ন হয় নাই, তখনই পুনরায় শুরু হয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে জাতীয় নির্বাচনের আন্দোলন, যার অগ্রভাগে ছিলেন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। সেই আন্দোলনে অভূতপূর্ব সমাবেশ দেখা গেল বাম দল এবং আমিরে জামায়াতে ইসলামীর আমির অধ্যাপক গোলাম আযমের। সেনা সমর্থিত ১/১১ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে জাতীয় নির্বাচনে ২০০৮ সাল আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর ২০১৪ সালে নির্বাচনের পূর্বেই শেখ হাসিনা নেতৃত্বাধীনে মহাজোট সরকার সংবিধান থেকে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচনপদ্ধতি সংবিধান থেকে বিলুপ্ত করে দেয়ার কারণেই ২০১৪ ও ২০১৮ সালে একতরফা নির্বাচনে শেখ হাসিনা সরকার গঠন করলে বিশ্বব্যাপী তার ভাবমূর্তি ক্ষুণ্ন হয়, স্বচ্ছ নির্বাচনী ব্যবস্থা ভেস্তে দেয়ার দায় পড়ে শেখ হাসিনার কাঁধে। সে কারণেই আন্তর্জাতিকভাবে তিনি বিভিন্ন প্রশ্নের সম্মুখীন এবং কূটনীতিকরা সরকারকে বিভিন্ন প্রশ্নবাণে প্রশ্নবিদ্ধ করছেন, আমেরিকা প্রণয়ন করছেন ভিসানীতি যা এর আগে কখনো ঘটেনি। শেখ হাসিনা সরকারের প্রতিটি কর্মকান্ডে অর্থাৎ জাতীয় কোনো ইস্যু মঞ্জুর বা নামঞ্জুর, গ্রহণ বা প্রত্যাখ্যান সর্ব ক্ষেত্রেই সরকার সংবিধানের রেফারেন্স সর্বাধিক প্রাধান্য দিয়েছে।

সংবিধানে ৬৫(২) অনুচ্ছেদে বলা হয়েছে যে, 'একক আঞ্চলিক নির্বাচনী এলাকাসমূহ থেকে প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে আইনানুযায়ী নির্বাচিত ৩০০ সদস্য লইয়া এবং এই অনুচ্ছেদের (৩) দফার কার্যকারিত-াকালে উক্ত দফায় বর্ণিত সদস্যদিগকে লইয়া সংসদ গঠিত হইবে, সদস্যগণ সংসদ সদস্য বলিয়া অভিহিত হইবেন।' সংবিধানের এ অনুচ্ছেদে 'প্রত্যক্ষ নির্বাচন' এর মাধ্যমে সংসদ সদস্য নির্বাচিত করার বিধান রাখা হয়েছে। 'প্রত্যক্ষ নির্বাচন' বলতে নির্বাচনে অর্থাৎ প্রার্থী নির্বাচনে জনগণের প্রত্যক্ষ অংশগ্রহণ। বর্তমান প্রেক্ষাপটে ভয়ভীতির উর্ধ্বে থেকে কাঙ্ক্ষিক্ষত প্রার্থীকে ভোট দেয়ার পরিস্থিতি জনগণের মধ্যে রয়েছে কি? অন্যদিকে বিরোধী দল কি গণতান্ত্রিক প্রক্রিয়ার অংশ হিসাবে তাদের নির্বাচনী কার্যক্রম সঠিক ও যথাযথভাবে পরিচালনা করতে পারছে? আন্তর্জাতিক চাপে যা এখন সরকারকে মেনে নিতে হচ্ছে।

বাংলাদেশের মানুষ সংগ্রামী, তবে এখানে সুবিধাবাদী ও সুবিধাভোগী লোকের অভাব নেই, বরং সংখ্যাধিক্য। ফলে তাঁবেদারি তোষামোদি সংস্কৃতি সর্বক্ষেত্রে প্রাতিষ্ঠানিক রূপ লাভ করেছে এবং যারা এসব বিষয়ে অপারগ তারা ছিটকে পড়ছে। আর যারা তাঁবেদারি ও তোষামোদিতে সিদ্ধহস্ত সমাজে তাদের পোয়াবার। মানুষের চারিত্রিক বৈশিষ্ট্য যে অবস্থানে চলে গেছে সেখানে মেরুদন্ড সোজা রেখে দায়িত্ব পালন করা দুষ্কর! ফলে সংখ্যায় কম হলেও রাজনীতি ও রাষ্ট্রীয় দায়িত্ব পালনে যারাই মেরুদন্ড সোজা রেখে সোজাসাপটা সরল পথে চলতে চায় তারাই ছিটকে পড়ছে, নতুবা সম্মান নিয়ে বাঁচার জন্য আপসকামিতা ছাড়া অন্য কোনো উপায় থাকে না। কারণ সংশ্লিষ্ট ব্যক্তি যখন কোনো বিষয়ে প্রতিবাদ করে বা অন্যায়ের প্রতিরোধ করতে চায় তখন আশপাশের লোকজনের কোনো সমর্থন পায় না।



কারণ আপসকামিতা চরম আকার ধারণ করায় বিবেকের মৃত্যু এখন দৃশ্যমান। কর্তার জয়ে জয়ধ্বনি দেয়ার সংস্কৃতি এখন তুঙ্গে। ফলে সাংবিধানিক প্রতিষ্ঠানসহ রাষ্ট্রীয় বেতনভুক্ত কর্মচারীরা 'ক্ষমতাকে' পূজা করার কারণে 'জি হুকুম, জাঁহাপনা' অর্থাৎ 'ইয়েস বস' সংস্কৃতি সর্ব ক্ষেত্রে চালু হয়েছে। অন্য দিকে, এ দেশের কিছু মানুষের চারিত্রিক বৈশিষ্ট্য হলো পরশ্রীকাতরতা। হাতের মুঠোয় পেলে ভাগ্যহত



মানুষকে অত্যাচার নির্যাতন করে আনন্দ ভোগ করার মানুষের সংখ্যাও কম নয়। বিড়াল যেমন ইঁদুরকে খেলতে খেলতে হত্যা করার আনন্দ উপভোগ করে তেমনি ভাগ্যবানরা ভাগ্যহতদের অহেতুক অত্যাচার নির্যাতন করাকে চরমভাবে উপভোগ করে। যারা ক্ষমতায় থাকে তাদের অনেকেই ক্ষমতাকে অপব্যবহার করছে যেনতেনভাবে। এমতাবস্থায় ঔপনিবেশিক আদলে গড়ে ওঠা আমলাদের পক্ষে একটি প্রভাবমুক্ত সুষ্ঠু নির্বাচন করার প্রতিশ্রুতি আস্থায় আনা যায় না, এ দেশের নির্বাচনিক পূর্ব ইতিহাস এটাই সাক্ষ্য দেয়।

বিবদমান প্রতিহিংসাপরায়ণ এই সমাজে একটি সুষ্ঠু, গ্রহণযোগ্য ও নিরপেক্ষ নির্বাচন অসম্ভব। চলমান পদ্ধতিতে তুমুল সংস্কার না হওয়া পর্যন্ত শাসক দলের বিরুদ্ধে নির্বাচনে জনগণের মতামত মূল্যায়িত হওয়ার সুযোগ সৃষ্টি হবে না। কারণ এখানে চলছে, 'মুখ মে শেখ ফরিদ, বোগলমে ইট' সংস্কৃতি। উপরে থাকে সবাই ফিটফাট, ভেতরে সদরঘাট।

প্রকৃতপক্ষে একটি সুষ্ঠু গ্রহণযোগ্য নির্বাচন করার জন্য সব স্টেকহোল্ডারকে সঠিক, প্রভাবমুক্ত ও বিবেকসম্পন্ন ভূমিকা থাকা আবশ্যক। স্টেকহোল্ডার নিম্নরূপ :

১. রাষ্ট্র ২. সরকার অর্থাৎ সরকার কর্তৃক রাষ্ট্রীয় কর্মচারীদের দ্বারা নির্বাচনী দায়িত্ব পালন (সূত্র : সংবিধানের অনুচ্ছেদ-১২০) ৩. বিচার বিভাগ ৪. নির্বাচন কমিশন। ৫. রাজনৈতিক দল তথা দলের নমিনেশন পদ্ধতি। ৬. ভোটার।

একটি সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের জন্য রাষ্ট্র, সরকার, সরকারি কর্মচারীদের সদিচ্ছার পাশাপাশি বিচার বিভাগ, রাজনৈতিক দল ও ভোটারদের সচেতনাসহ সদিচ্ছার দৃঢ়তা থাকা আবশ্যক।

গ্রহণযোগ্য নির্বাচন ও জনবান্ধব প্রার্থী নমিনেশন দেয়ার জন্য রাজনৈতিক দলের সদিচ্ছা আবশ্যক। মিডিয়ার ভাষায় দলীয় ফান্ড গঠনের আদলে বড় দলে 'নমিনেশন বাণিজ্য' একটি প্রতিষ্ঠিত প্রথা। দল ও জাতির প্রতি অবদান কতটুকু তা বিবেচনার চেয়ে কে কত সম্পদশালী নমিনেশন দেয়ার ক্ষেত্রে তা বিবেচনায় আনা হয়। ফলে ব্যাংক লুটেরা, মানিলন্ডারিং হোতারা, বিদেশে সাহেবপাড়া, বেগমপাড়ায় বিভিন্ন অট্টালিকার মালিকেরা নমিনেশনপ্রাপ্তির শীর্ষে থাকে, ছিটকে পড়েছে দলীয় নিবেদিত নেতাকর্মীরা, যার মধ্যে নরসিংদী নিবাসী অ্যাডভোকেট সানাউল্লাহ মিয়ার নাম উল্লেখ করা যেতে পারে। অন্যদিকে এ বিষয়টিও বিবেচনায় নেয়া দরকার যে, দলীয় নেতাকর্মীরাও টাকা ছাড়া নড়ে না।

নির্বাচনে দাঁড়ালে বোঝা যায় যে, দলের কর্মী তো নয় বরং তারা কর্মচারী। কর্মী চলে আদর্শে, কিন্তু কর্মচারী চলে বেতনে। এতে কর্মীদের বিরুদ্ধেও অভিযোগ আনা যায় না। কারণ প্রার্থী নির্বাচনী বৈতরণী পার হলে, সে নির্বাচিত হয়েই দুই হাতে টাকা কামায়, বাদ পড়ে যায় কর্মীরা, পাশে জোটে আত্মীয়স্বজন ও চামচা বাহিনী। বড় বড় রাজনৈতিক দল ক্ষমতায় যাওয়ার চর্চা করে, কিন্তু আদর্শিক কর্মী বাহিনী গড়ে তোলার পদক্ষেপ নেয় না। ফলে নমিনেশন, প্রার্থী ও দলীয় কর্মীর আত্মিক সম্পর্কটি এখন টাকা পয়সাকেন্দ্রিক। নির্বাচনে 'ভোটারগণ' সবচেয়ে বড় স্টেকহোল্ডার। কিন্তু আমাদের দেশের ভোটাররা সচেতন হলেও অসচেতনতার অভাব নেই। কিছু ভোটার মার্কাভিত্তিক, কিছু ভোটার টাকা-পয়সাভিত্তিক। নিজের বিবেক দিয়ে প্রার্থী বাছাইয়ের প্রবণতা আমাদের সমাজে অত্যন্ত কম। ক্ষমতা, পেশিশক্তি ও অর্থশক্তির কাছে বিপর্যস্ত হয়ে পড়েছে আমাদের রাষ্ট্রের গ্রহণযোগ্য ও সুষ্ঠু নির্বাচনী ব্যবস্থা, জবাবদিহিতা এখন আর কেউ আমলে নেয় না। ভবিষ্যৎ প্রজন্মের কাছে ভোটারদেরও জবাবদিহিতা থাকা দরকার।

বাংলাদেশে গ্রহণযোগ্য সুষ্ঠু নির্বাচনের কোনো পরিবেশ নেই, পরিবেশ সৃষ্টি হওয়ার কোনো লক্ষণ দেখা যাচ্ছে না। বিশ্ব রাজনীতি সরকারের পক্ষে-বিপক্ষে দুই ভাগে ভাগ হয়ে গেছে, আন্তর্জাতিক শক্তিধর রাষ্ট্র প্রতিনিয়তই বিবৃতি দিয়ে আসছে, কিন্তু তা কতটুকু আমলযোগ্য হবে তা এখনো বলা যাচ্ছে না। অন্য দিকে, লেভেল প্লেইং ফিল্ড অর্থাৎ খেলার সমতল মাঠ এমনিতে বিপর্যস্ত। কারণ আইনি বেড়াজালে আটকে দেয়া হয়েছে প্রধান দুই নেত্রীর মধ্যে এক নেত্রীকে, রাজ-নীতিবিমুখ করে রাখা হয়েছে, করা হয়েছে তাকে কারাবন্দী যা এখন ৮ বছর অতিক্রম হতে চলল। অন্য দিকে, প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় ক্ষমতা প্রয়োগে দাবড়িয়ে বেড়াচ্ছেন গোটা বাংলাদেশ। রাজনীতির মাঠে একজন মুক্ত, অন্যজন বন্দী। ফলে সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়া মুক্ত না হওয়া পর্যন্ত লেভেল প্লেইং ফিল্ড প্রত্যাশা করা যায় না।

পূর্ব ইতিহাস প্রমাণ করেছে যে, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ছাড়া নির্বাচনে যাওয়ার অর্থই হবে একতরফা নির্বাচনের বৈধতা দেয়া। দলীয় সরকারের অধীনে নিরপেক্ষ নির্বাচনের কোনো সুযোগ নেই। কোনো সমঝোতায় বিরোধী দল যদি নির্বাচনে যায় তবে ভবিষ্যতে জনগণ তাদের আর বিশ্বাস করবে কি? শুধু তত্ত্বাবধায়কের ওপর নির্ভর করলে চলবে না। রাজনৈতিক দল ও ভোটারদের হাত হবে আরো দায়িত্বশীল, সচেতন ও বিবেকের ধারক বাহক।

লেখক: রাজনীতিক, কলামিস্ট ও আইনজীবী (অ্যাপিলেট ডিভিশন)



মেগা প্রকল্পগুলো দেশকে করে তুলছে স্বনির্ভর ও সমৃদ্ধ

॥ মো. নূরুল আমিন ॥

২৫ জুন ২০২২ তারিখে উদ্বোধন হয়েছে স্বপ্নের পদ্মা সেতু। দেশের টাকায় নির্মিত পদ্মা সেতু। পদ্মা সেতু দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিম অঞ্চলের ১৯টি জেলাকে সড়কপথে সরাসরি সংযুক্ত করেছে। এটি বিদেশী অর্থায়ন ছাড়া প্রথমবারের মতো বাস্তবায়িত বাংলাদেশের একটি মেগা প্রকল্প। ২০১১ সালে এ প্রকল্পে অর্থায়নের জন্য বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক, জাইকা, ইসলামী উন্নয়ন ব্যাংকের সঙ্গে ঋণ চুক্তি সই করে সরকার।

কিন্তু নির্মাণকাজ তদারক করতে পরামর্শক নিয়োগে দুর্নীতির অভিযোগ আনে বিশ্বব্যাংক, একের পর এক সব প্রতিষ্ঠানে প্রতিশ্রুত অর্থায়ন স্থগিত করে। ২০১২ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষণা করেন দেশের টাকায় হবে পদ্মা সেতু। ২০১৪ সালে দুর্নীতি দমন কমিশন জানিয়ে দেয় পদ্মা সেতুতে দুর্নীতির প্রমাণ পাওয়া যায়নি।

২০১৭ সালে কানাডার টরন্টোর এক আদালত জানান, পদ্মা সেতু প্রকল্পে দুর্নীতির উপযুক্ত প্রমাণ পাওয়া যায়নি। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুর্বার সাহস ও অসীম দৃঢ়তায় ২০১৫ সালের ১২ ডিসেম্বর নির্মাণকাজ উদ্বোধনের মাধ্যমে শুরু হয় পদ্মা সেতুর কাজ। পদ্মা সেতুর ব্যয় ৩০ হাজার ১৯৩ কোটি টাকা। মূল সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কিমি. হলেও সেতুর বাইরে উড়াল পথ ৩.৬৮ কিমি.।

সব মিলে সেতুর দৈর্ঘ্য ৯.৮৩ কিমি.। সেতু তৈরিতে পদ্মার দুই পাড়ে নদী শাসন করা হয়েছে প্রায় ১৪ কিমি.। সেতুটি ১০ হাজার টন ফ্রিকশন পেন্ডুলাম বেয়ারিং ক্ষমতাসম্পন্ন হওয়ার কারণে রিখটার স্কেলে ৯.০ মাত্রার ভূমিকম্প সহনীয়। বিশ্বের গভীরতম (১২০ মিটার) পাইলের সেতু এটি। সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নেওয়ার দক্ষতা প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেখিয়েছেন।

তিনি একজন দূরদৃষ্টিসম্পন্ন নেতা, পদ্মা সেতু করে তিনি দেখিয়ে দিয়েছেন তিনি কঠিন চ্যালেঞ্জ নিতে জানেন। এমনকি গত ০১.০২.২০২৩ তারিখে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে বিশ্বব্যাংকের সদর দপ্তরে বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট ডেভিড ম্যালপাসকে পদ্মা সেতুর চিত্রকর্ম উপহার দিয়ে একরকম মধুর প্রতিশোধ নিয়েছেন।

গত বছর পদ্মা সেতুতে যানবাহন চলাচল করেছে ৫৬ লাখ ৫৪ হাজার ২০৮টি এবং এ থেকে মোট টোল আদায় হয়েছে ৭৯৪ কোটি ৫৩ লাখ ৪ হাজার ৭৫০ টাকা। সেতুটির মাধ্যমে যেমন দেশের মর্যাদা বৃদ্ধি পেয়েছে, তেমন পদ্মার দক্ষিণ পারে ক্ষুদ্র ও বৃহৎ শিল্প স্থাপনসহ কর্মসংস্থান বৃদ্ধি পেয়ে অর্থনীতিতে এসেছে দুর্বার গতি।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল দক্ষিণ এশিয়ায় নদীর তলদেশে ৪ লেনবিশিষ্ট প্রথম টানেল। এ টানেল কর্ণফুলী নদীর দুই তীরের অঞ্চলকে যুক্ত করবে। এ টানেলের দৈর্ঘ্য ৩.৪৩ কিলোমিটার। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৯ সালের ২৪ ফেব্রুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল নির্মাণের কাজ উদ্বোধন করেন। এর জন্য ব্যয় হবে ১০ হাজার ৩৭৪ কোটি টাকা এবং ব্যবহার শুরু হবে ২০২৩ সালের শেষ দিকে।

এ টানেল দিয়ে যাতায়াতে চট্টগ্রাম থেকে কক্সবাজারের দূরত্ব কমবে ৪০ কিলোমিটার। বাংলাদেশে নদীর তলদেশে টানেল হবে তা ছিল স্বপ্ন, সে স্বপ্ন বাস্তবায়ন করে দেখিয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। টানেলটি দেশের অন্যতম যানজটপূর্ণ শহর চট্টগ্রামে যানজট কমিয়ে দেবে। টানেল চালু হলে প্রতিদিন গড়ে ২৮,৩০৫টি যানবাহন চলাচল করবে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল শুধু চট্টগ্রামের জন্য নয়,



গোটা দেশের অর্থনীতিতে পরিবর্তন আনবে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ২০১৬ সালের ২৬ জুন উদ্বোধনের মধ্য দিয়ে শুরু হয় এমআরটি লাইন (মেট্রোরেল) ৬-এর নির্মাণ কাজ। আর ২৮ ডিসেম্বর ২০২২ সালে প্রধানমন্ত্রী মেট্রোরেলে চড়ে শুরু করলেন মেট্রোরেলের জয়যাত্রা। উত্তরা দিয়াবাড়ী থেকে কমলাপুর পর্যন্ত ২১.২৬ কিলোমিটার দীর্ঘ মেট্রোরেলের নির্মাণকাজ এখন প্রায় শেষ পর্যায়ে।

উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত ১১ কিলোমিটার চালু হয়েছে। মানুষের মাঝে যে উৎসাহ উদ্দীপনা, তা ট্রেনে যারা যাত্রী তারাই শুধু অনুধাবন করতে পারেন। যদি এই রেল কমলাপুর পর্যন্ত চালু হয়ে যায়, তবে ঘণ্টায় ৬০ হাজার যাত্রী পরিবহণ করা সম্ভব হবে। তখন যেমন ঢাকা শহরের মানুষ উপকৃত হবে, তেমনি যানজট কমবে, কর্মঘণ্টা বাঁচবে, পরিবেশ দূষণ কমবে, জ্বালানি সাশ্রয় হবে।

এটিও শেখ হাসিনার সাহসী পদক্ষেপের আর একটি উজ্জ্বল দৃষ্টান্ত। এ পর্যন্ত প্রকল্পের ব্যয় দাঁড়িয়েছে ৩৩ হাজার ৪৭২ কোটি টাকা এবং জুলাই মাসে মতিঝিল পর্যন্ত পরীক্ষামূলক চালু হয়ে অক্টোবরে চূড়ান্তভাবে এটি চালু হবে।

কক্সবাজার জেলার মহেশখালীতে মাতারবাড়ী এলাকায় নির্মাণ হচ্ছে গভীর সমুদ্রবন্দর। এ কাজে অন্তত ১৫ মিটার গভীরতাসম্পন্ন জাহাজ প্রবেশ করতে পারবে। প্রতিটি জাহাজ ৮০০০-এর বেশি কনটেইনার আনতে পারবে। মাতারবাড়ী বন্দর স্থাপনের কাজে প্রায় ১৪.৩ কিলোমিটার দীর্ঘ একটি নৌ-চ্যানেল তৈরি করা হয়েছে।

যার ফলে আধুনিক কনটেইনারবাহী জাহাজ, তেলবাহী ট্যাঙ্কার ও খোলা পণ্যবাহী জাহাজ জেটিতে ভেড়ার সুযোগ পাবে। দেশে গভীর সমুদ্রবন্দর না থাকায় বিদেশ থেকে এলপিজি বা এলএনজি আনতে বিপুল বৈদেশিক মুদ্রা চলে যেত। বর্তমানে এলপিজি নিয়ে জাহাজ আসছে সরাসরি। এটি হতে যাচ্ছে বাংলাদেশের প্রথম খননকৃত বন্দর। দেশের আমদানি-রপ্তানিতে বিরাট ভূমিকা রাখবে এটি। গভীর সমুদ্রবন্দরটি নির্মাণে ব্যয় হবে ১৭,৭৭৭ কোটি টাকা। অর্থনৈতিক সক্ষমতায় এগিয়ে যাবে দেশ।

২০২৬ সালে নির্মাণকাজ শেষ হবে। তখন আর অন্য দেশের বন্দর আমাদের ব্যবহারের প্রয়োজন হবে না। এই কৃতিত্বের দাবিদার শেখ হাসিনা। পুরোদমে মাতারবাড়ী বন্দর চালু হলে দেশের অর্থনীতিতে গতি আসবে এবং তা জাতীয় অর্থনীতির প্রবৃদ্ধিতে ২ থেকে ৩ শতাংশ অবদান রাখবে।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের নির্মাণ কাজের ৬০ শতাংশের বেশি সম্পন্ন হয়েছে। আগামী অক্টোবর মাসে এ টার্মিনালের আংশিক উদ্বোধন হবে বলে জানা গেছে। নির্মাণকাজ শুরু হয়েছে ২০১৯ সালের ২৮ ডিসেম্বর। এতে ব্যয় ধরা হয়েছে ২১ হাজার ৩৯৮ কোটি টাকা। তৃতীয় টার্মিনালটি হচ্ছে ২ লাখ ৩০ হাজার বর্গমিটার এলাকা নিয়ে।

তৃতীয় টার্মিনাল চালু হলে বছরে ১ কোটি ২০ লাখ যাত্রীকে সেবা দেওয়া সম্ভব হবে। নতুন টার্মিনালে থাকবে ১ হাজার ৩০০ গাড়ি পার্কিংয়ের সুবিধা। এটি হবে দৃষ্টিনন্দন, থাকবে অত্যাধুনিক সুযোগ-সুবিধা। এতে বাড়বে দেশের মর্যাদা, ত্বরান্বিত হবে অর্থনীতির গতি।

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র ২,৪০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি পরিকল্পিত পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র। এর জন্য ব্যয় হবে ১,১৩,০৯,২৯১ কোটি টাকা এবং এ কেন্দ্রের ইতোমধ্যে ৭৭ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে। এটি হতে যাচ্ছে বাংলাদেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র। এ বিদ্যুৎকেন্দ্রটি রাশিয়ার রোসাটোম স্টেট অ্যাটমিক এনার্জি করপোরেশন কর্তৃক নির্মিত হচ্ছে।

২০১৩ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাশিয়া সফরকালে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের প্রাক-প্রাথমিক চুক্তি স্বাক্ষরিত হয়। ২০১৩ সালের ২ অক্টোবর প্রধানমন্ত্রী রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের সর্বাধুনিক নিরাপদ প্রযুক্তি ব্যবহৃত হয়েছে এ প্রকল্পে। পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রধান জ্বালানি হচ্ছে ইউরেনিয়াম। এটি জ্বালানি শক্তি আমদানি হ্রাস করবে।

গ্যাসনির্ভরতা, পেট্রোলিয়াম, কয়লানির্ভরতা কমে আসবে। এ কেন্দ্র ২টি এমনভাবে নির্মিত হচ্ছে, যেন শক্তিশালী ঘূর্ণিঝড়, ভূমিকম্প, বন্যা মোকাবিলা করে টিকে থাকতে পারে। এ কেন্দ্রটি নির্মিত হলে জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন ঘটবে। নতুন শিল্প স্থাপন সম্ভব হবে। দেশের অর্থনীতির চাকা সচল ও সুদৃঢ় হবে। পরিবেশ দূষণের হাত থেকে মানুষ রক্ষা পাবে।

পদ্মা সেতুসহ এসব মেগা প্রকল্প দেশকে নিয়ে যাবে অনন্য উচ্চতায়। বাংলাদেশ হবে অর্থনীতিতে স্বনির্ভর ও সমৃদ্ধ।

লেখক: চেয়ারম্যান, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন; সাবেক সিনিয়র সচিব

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।
অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসার নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
তাছাড়া ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং ৫ বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্ট্রাকচারাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী
● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কামরুল ইসলাম চৌধুরী

॥ মীযানুল করীম ॥

Negotiation I Policing দু'টি পরিচিত পরিভাষা। Negotiation মানে আলাপ-আলোচনা, যাতে অনেকাংশে আর্থিক লেনদেনও জড়িত। Avi Policing মানে কঠোর নজরদারি ও সতর্কতা। পরিবেশের ক্ষেত্রে এই দু'টি পরিভাষা বারবার ব্যবহৃত হয়ে থাকে। বাংলাদেশ পরিবেশ সাংবাদিক ফোরামের সভাপতি কামরুল ইসলাম চৌধুরী এই দু'টি পরিভাষার ওপর জোর দিতেন খুব বেশি। তিনি আর নেই। ৩০ এপ্রিল রাতে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। তার বয়স হয়েছিল মাত্র ৬৩ বছর।

মনে পড়ে ১৯৯৯ সালের অক্টোবর মাসে, আমরা তার নেতৃত্বে করাচি ও লাহোর সফর করেছি সরকারের বিদেশী অর্থায়নে। বড় শহরের বায়ুদূষণ রোধে এই সফরের আয়োজন করা হয়েছিল। তখন পরিবেশমন্ত্রী ছিলেন মরহুমা বেগম সাজেদা চৌধুরী। ক্ষমতায় ছিল আজকের মতো আওয়ামী লীগ। প্রথম দফায় দেশের প্রধানমন্ত্রী ছিলেন শেখ হাসিনা। আমরা করাচি গিয়ে সেখানে বাতাসের মান লক্ষ করি, যা ঢাকার তুলনায় মন্দ ছিল না। করাচিতে আমরা একজন ঘএঙ বিশেষজ্ঞ Mrs. Dhunmai Kawasji এর সাথে বৈঠক করলাম। সঙ্গী সাংবাদিকদের মধ্যে অনেকেই ঢাকাকে Gas chamber এর সাথে তুলনা করলেন। মনে পড়ে আমাদের সাথে ছিলেন পরিবেশ সাংবাদিক ফোরামের প্রাক্তন সাধারণ সম্পাদক বখতিয়ার রানাও। আমরা গিয়েছিলাম Emirates এর বিমানে চড়ে। এরপর লাহোরে যাই সে দেশের পরিবেশ সাংবাদিকদের এবং আইইউসিএনের সাথে আলাপ করার জন্য। আমরা করাচি প্রেসক্লাবও পরিদর্শন করি এবং দেশটির পরিবেশ কর্তৃপক্ষের সাথে আলোচনা হয়েছে। লাহোরে এক সাংবাদিকের সাথে পরিচয় হয়, যিনি ঢাকাতে এসেছিলেন। তার নাম উমর আফ্রিদি। তিনি তৎকালীন নব্য ক্রিকেটার শহীদ আফ্রিদির চাচাতো ভাই। তখন শহীদ আফ্রিদি নতুন খেলতে নেমেছেন। উমরের নৃতাত্ত্বিক অনুভূতি এত প্রখর ছিল যে, তিনি সে দেশের সাবেক প্রধানমন্ত্রী, বহুলালোচিত ইমরান খানকে পাঠান হিসেবে স্বীকার করতে রাজি ছিলেন না। কারণ তার মতে, পাঠানদের একটি বৈশিষ্ট্য পশতুভাষী হওয়া। তিনি মনে করতেন ইমরান খান পশতু নয়, হাজারা ভাষী।

যা হোক, সমগ্র সফর কার্যক্রম পরিচালনা করেছিলেন কামরুল ইসলাম চৌধুরী। কামরুল ইসলাম চৌধুরী জন্মগ্রহণ করেন নোয়াখালীর সোনাইমুড়ী উপজেলায়। এই উপজেলায় অনেক বিখ্যাত ব্যক্তির জন্ম। তাকে কবরস্থ করা হয়েছে নিজ গ্রামে। তিনি পরিবেশ সাংবাদিক ফোরামকে NGO-এর মতো চালাতে গিয়ে স্বাভাবিকভাবেই সমালোচনার সম্মুখীন হয়েছেন। এ জন্য অনেকে তার বিরোধিতা করেন। তবে যে পদ্ধতিতে তিনি প্রেস ক্লাব সাধারণ সম্পাদক পদে অধিষ্ঠিত হয়েছিলেন তা গ্রহণীয় নয়। তার মৃত্যুর পরে পরিবেশ সাংবাদিক ফোরাম টিকে থাকবে কি না, তা বড় প্রশ্ন।

একই সময়ে বাংলাদেশের পরিবেশ সাংবাদিকরা নেপাল, ভারত ও মালয়েশিয়া সফর করেন। ফোরামের সাংবাদিক হিসেবে কামরুল ইসলাম চৌধুরী এইসব সফর কার্যক্রম পরিচালনা করেছিলেন। কিন্তু এরপরও পরিবেশ সাংবাদিক ফোরামের নামে সরকারের বিরাট তদন্তের কার্যক্রম শুরু হয়। আমি নিজেও অহেতুক পুলিশের হয়রানির সম্মুখীন হয়েছিলাম। আমাদের পাকিস্তান সফরকালীন এক সহকর্মীর জাতীয় প্রেস ক্লাব মিলনায়তনে বিয়ের অনুষ্ঠান ছিল। সেখানে কয়েকটি দেশের রাষ্ট্রদূত থাকার পরও পুলিশ হানা দেয় এবং নানা অপ্রাসঙ্গিক ব্যাপারে তাকে প্রশ্ন করেছিল। জলবায়ু পরিবর্তনসহ পরিবেশ সংক্রান্ত বিভিন্ন উপলক্ষে কামরুল চৌধুরী সাধারণত বাংলায় নিবন্ধ লিখতেন বিভিন্ন পত্রিকায় এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডক্টর সালিম-উল-হক পত্রপত্রিকায় লিখে আসছেন ইংরেজিতে।

কামরুল ইসলাম চৌধুরীর সাংবাদিকতা জীবন শুরু হয় দৈনিক সংবাদে। এরপর তিনি ইংরেজি সাপ্তাহিক হলিডে ও বিএসএসে কাজ করেন। দৈনিক সংবাদ বামপন্থী পত্রিকা। এটা সবার জানা কথা। সাধারণত কমিউনিস্টরা বা সমাজতন্ত্রীরা ছাড়া অন্যরা এই পত্রিকা কমই কিনেন। দৈনিক সংবাদের প্রোডাক্ট-যারা ডানপন্থী রাজনীতিতে এসেছে, তাদের মধ্যে শওকত মাহমুদ ও কামরুল ইসলাম চৌধুরীর নাম প্রথমে উল্লেখ করতে হয়। দুইজন প্রায় সমসাময়িক। শওকত মাহমুদ বিএনপির ভাইস চেয়ারম্যান হয়েছিলেন, কামরুল ইসলাম চৌধুরীও মূলত এই দলের লোক ছিলেন, যদিও জীবনের শেষ দিকে তার কর্মকান্ডের অন্যরকম মূল্যায়ন করা যায়। তিনি এক দিকে পরিবেশ রক্ষার ব্যাপারে অবদান রেখেছেন; অন্য দিকে পরিবেশ সাংবাদিক ফোরামকে একপ্রকার এনজিওতে পরিণত করেছিলেন।

উল্লেখ্য, ১৯৮৩ সালের শেষ দিকে আমি নিজে যখন পেশাগতভাবে দৈনিক সংগ্রামে সাংবাদিকতা জীবন শুরু করি, তখন পরিবেশ সাংবাদিকদের একটি সংগঠনের কথা কানে আসে। এতে জড়িত ছিলেন মরহুম গিয়াস কামাল চৌধুরীর মতো সিনিয়র সাংবাদিকও। তারা তখন সুন্দরবন থেকে শুরু করে দেশের পুরো উপকূল সফর করছিলেন। এতে সংগ্রামের সিনিয়র সাংবাদিক, বর্তমানে আমেরিকা প্রবাসী আনোয়ার হোসেইন মঞ্জুও শামিল হয়েছিলেন। অনেক পরে পরিবেশ সাংবাদিক ফোরাম গঠিত হয় এবং এতে দায়িত্বশীল ছিলেন আহমেদ নূরে আলম (বর্তমানে প্রবাসী) ও মঈনুদ্দীন নাসেরের (বর্তমানে প্রবাসী) মতো সিনিয়র সাংবাদিকরা। কিন্তু তারা পরে আর জড়িত ছিলেন না- সেটাও একটা বিরাট প্রশ্ন। যাই হোক, কামরুল ইসলাম চৌধুরী দীর্ঘদিন পরিবেশ সাংবাদিক ফোরামের নেতৃত্ব দিয়েছেন- এটাও একটা বড় কথা। তার সময়ে মফিজুর রহমান দীর্ঘদিন সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেন। কবি হাসান হাফিজও পরিবেশ সাংবাদিক ফোরামে সংশ্লিষ্ট।

পরিবেশ একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এবং পরিবেশ সাংবাদিক ফোরাম ছাড়া এসব সাংবাদিকদের জাতীয় সংগঠন নেই- এটাও সত্য কথা। আমরা কামরুল ইসলাম চৌধুরীর রূহের মাগফিরাত কামনা করি এবং পরিবেশ সাংবাদিকদের সংগঠন এগিয়ে যাক, এটাই প্রত্যাশা করি। বিশেষ করে জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এ দেশের বন্যা, ঝড়, ভাঙন, জলোচ্ছ্বাস, প্রভৃতির তীব্রতা এবং সংঘটন বৃদ্ধি পেয়েছে। এজন্য বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের জন্য পরিবেশ দূষণ রোধ তথা প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করার গুরুত্ব এত বেশি। পরিবেশ সংশ্লিষ্ট সাংবাদিকরা এ ক্ষেত্রে এগিয়ে আসবেন বলে আশা করা যায়। অতীত থেকে শিক্ষা নিয়ে ভবিষ্যতের দিকে এগিয়ে যেতে হবে। এ ক্ষেত্রে পরিবেশ সাংবাদিক ফোরাম একটি দৃষ্টান্ত হয়ে থাকবে।

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার

Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine
হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist
পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon
Complete Physical & Follow up
DMV/TLC, School Physical
Flu Shots, Hajj & Umrah Vaccine
Blood, Urine Test, EKG
Immigration Physical
Podiatric Surgery
COVID Test & COVID Vaccine
All Types of Vaccine
FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM
79 Church Avenue, Brooklyn, NY 11218

বাংলা পত্রিকা
পড়ুন, লিখুন
এবং বিজ্ঞাপন

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-672-0209, 718-414-4760

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।	বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে *প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়*	ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে হাফিজ চৌধুরীর প্রশ্নঃ

আমি একজন ইউএস সিটিজেন। আমি বাংলাদেশে গিয়েছিলাম। বাংলাদেশে থাকা অবস্থায় আমি বিয়ে করেছি। আমার স্ত্রী এখনও বাংলাদেশে অবস্থান করছে। এখন আমি বাংলাদেশে অবস্থানকারী আমার স্ত্রীর জন্য আবেদন করতে চাচ্ছি। কিন্তু আমার জীবনে ঘটে যাওয়া একটি বিষয় নিয়ে আমি দুশ্চিন্তায় আছি।

বিষয়টি হচ্ছে বেশ কয়েক বছর আগে একজন ইউএস সিটিজেনের সাথে আমার বিয়ে হয়েছিলো। সেখানে আমার সন্তান আছে। আমি সেখানে আমার স্ত্রী মাধ্যমে গ্রিনকার্ড পেয়ে পরে সিটিজেনশীপ নিয়েছি। কিন্তু একটি দুঃখজনক ঘটনা হচ্ছে আমাদের মধ্যে ঐ সম্পর্ক আর স্থায়ী হয় নাই। অর্থাৎ আমাদের মধ্যে ডিভোর্স হয়ে গেছে। আগেই উল্লেখ করেছি যে আমাদের ঐ ঘরে সন্তান আছে। এ কারণে আমার জানার বিষয় হচ্ছে আমি যখন আমার এই স্ত্রীর জন্য আবেদন করব আমি কোন সমস্যার সৃষ্টি হতে পারে কিনা? আর সমস্যার সৃষ্টি হলে সেটা কি ধরনের সমস্যা হতে পারে। আমার জীবনে ঘটে যাওয়া এই ঘটনা নিয়ে আমি খুব উদ্বিগ্ন। সে কারণে আপনার কাছে পরামর্শের আশায় লিখলাম। আশা করি আপনার পরামর্শ পাব।

হাফিজ চৌধুরীর প্রশ্নের উত্তরঃ

আপনার অন্য কোন রকম সমস্যা না থাকলে আপনার প্রথম বিয়ে এ ব্যাপারে সমস্যার সৃষ্টি করতে পানরবে না। আপনার প্রথম স্ত্রীরর সন্তান আছে। আপনাদের ঐ সন্তান প্রমাণ করে যে আপনাদের ঐ বিয়ে চিলো প্রকৃত বিয়ে। প্রকৃতঅর্থে সংসার করার জন্য ঐ বিয়ে হয়েছিলো।

আপনাদের তথ্য প্রমাণ উপস্থাপন করে প্রমাণ করতে হবে যে এই বিয়ে আপনাদের প্রকৃত বিয়ে। যেমন আপনাদের বিয়ের ছবি। সামাজিক কোন অনুষ্ঠানে আপনাদের উভয়ের উপস্থিতির ছবি। আপনারা যদি দূরে কোথাও একত্রে বেড়াতে যান সেখানে যাবার জন্য টিকেটের কপি। হোটেল ভাড়ার রশিদ ইত্যাদি।



এসবের প্রমাণ বহন করে। আর আপনাদেগর স্ত্রীর জন্য আবেদন করতে নিম্নের তথ্যপত্র প্রয়োজনঃ

ম্যারেজ সার্টিফকেট, ২) ডিভোর্স লেটারের কপি, ৩) আপনার সিটিজেনশীপের কপি, ৪) আপনার এবং আপনার স্ত্রীর ২ কপি করে ছবি। তারপর এপিফেডভিট অব সাপোর্টের জন্য লাগবে নিম্নে উল্লেখিত তথ্যপত্রঃ

ট্যাক্স রিটার্ন, (ডব্লিউ-২ ফরম)
জব লেটার,
বাংকের চিঠি,
সিটিজেনশীপের কপি।

এ বিষয়ের আমাদের অনেক পাঠকের জানতে চাওয়ার প্রেক্ষিতে ইমিগ্রেশন কেস ফাইল করা সম্পর্কে কিছু আলোচনা করছি।

ইমিগ্রেশনে অধিকাংশ কেস ফাইল করা বেশ সহজ। ইমিগ্রেশনের ওয়েব সাইটও অনেক সহায়ক। এই ওয়েব সাইটটি খুব সতর্কতার সাথে দেখে নেবার জন্য আমরা পরামর্শ দেই। এ ব্যাপারে বুঝতে পারলে বা সুনির্দিষ্ট প্রশ্ন থাকলে ইউএসসিআইএস'র সঙ্গে যোগাযোগ করা যেতে পারে। এছাড়া কোন ইমিগ্রেশন বিশেষজ্ঞের সাথে পরামর্শ করা যেতে পারে।

আবার কেস ফাইল করার আগে কয়েকটি স্তর বা ধাপ উল্লেখ করছি যা অনুসরণ করা যেতে পারে।

উপযুক্ত পরামর্শঃ

একটি ইমিগ্রেশন ফরম সম্পূর্ণ রূপে পূরণ করার পরই কেবল কেস শুরু হতে পারে। প্রতিটি কেসের জন্য আলাদা আলাদা ভাবে ফরম পূরণ করতে হবে। সেকারণে প্রথম পদক্ষেপ হচ্ছে উপযুক্ত ফরম নির্ধারণ করা এবং ফরম সম্পর্কে নিশ্চিত হওয়ার পর আরো নিশ্চিত হতে হবে যে সাম্প্রতিক ভার্সনে ফরম পূরণ করা হচ্ছে। ইমিগ্রেশন কর্তৃপক্ষ প্রায়ই ফরম সংশোধন করে থাকে। নতুন ভার্সন প্রবর্তন করার পর পুরানো ভার্সনের ফরম আর গৃহিত হয় না। কেউ যদি পুরানো ফরম ব্যবহার করে তবে তার কেস প্রত্যাখ্যান হবে এবং সেটা ফেরৎ পাঠিয়ে দেবে। ইউএসসিআইএস'র ওয়েব সাইট থেকে ফরমটি নেয়া হয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত হতে হবে। ইউএসসিআইএস'র কাছে আবেন করে মেইন ফরমও পাওয়া যেতে পারে।

ফরমটি সঠিকভাবে পূরণ করতে নিম্নের নির্দেশাবলী ভালো করে জানতে ও পড়তে হবেঃ

সম্পূর্ণভাবে ও সঠিকভাবে ফরম পূরণ করা গুরুত্বপূর্ন। ফরম পূরণের ক্ষেত্রে প্রত্যেক ফরমেই নির্দেশাবলী দেয়া থাকে। ফরমে দেয়া নির্দেশাবলী আবেদনকারীদের ভালো করে পড়ে নিয়ে সেটা অনুসরণ করতে হবে। ফরমের নীচে এবং সঠিক স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে।

প্রয়োজনীয় তথ্যপত্রঃ

প্রত্যেক আবেদনের নির্দিষ্ট ডকুমেন্ট জরুরী। প্রত্যেক ফরমে ডকুমেন্টের তালিকা আছে। নির্দিষ্ট ডকুমেন্ট পাওয়া না গেলে বিকল্প ডকুমেন্ট আছে।

ইমিগ্রেশন ফিসঃ

প্রত্যেক ফরমের সঙ্গে প্রসেসিং ফিলাগবে। ইমিগ্রেশন তখনই আবেদন গ্রহণ করবে যখন সঠিক ফি প্রদান করা হবে। সঠিক ফি প্রদান না করলে আবেদন ফেরত পাঠিয়ে দেবে। আই-১৩০ ফরমের জন্য সে সময়ের সঠিক ফি দিতে হবে। আবেদন করার সময় ফি চেক করে নিতে হবে।

কোথায় আবেদন ফাইল করতে হবে?

ইমিগ্রেশন মেইলেও আবেদন গ্রহণ করছে। কোন কোন ক্ষেত্রে অনলাইনেও আবেদন করা যায়। সঠিক ঠিকানায় আবেদন মেইল করতে হবে। ইউএসসিআইএস'র ওয়েব সাইটে সঠিক ঠিকানা পাওয়া যাবে। আপনা রনিজ ঠিকানা অনুযায়ী আবেদন করার ঠিকানা নির্ধারিত হবে। ইউএসপোস্ট অফিস অথবা এক্সপ্রেস মেইলেও আবেদন করা যাবে।

একটি এনভেলাপে একটি করে আবেদন পাঠানোর পরামর্শ থাকবে আমাদের্ যেমন আপনি একজন্ ডিএসটিজেন। আপনি আপনার মা-বাবার গ্রিনকার্ডের জন্য আবেদন করতে চান। সেক্ষেত্রে আপনাকে দুটি আই-১৩০ ফরম পূরণ করতে হবে। সেই সাথে ইমিগ্রেশন ফি'র জন্য দুটি পৃথক চেক পাঠাতে হবে।

আগেও উল্লেখ করা হয়েছে য, প্রয়োজনে একজন প্রফেশনাল বিশেষজ্ঞের সাথে পরামর্শ করা উত্তম। ফরম, ফি এবং মেইলিং ঠিজানা সব সময় এক থাকনো। মাঝে মাঝে পরিবর্তন হয়। ভুল বা বেটিক তথ্য দিরে কতিপয় সুবিধা থেকে বঞ্চিত হতে পারেন। সুতরাং অভিজ্ঞ বিশেষজ্ঞের পরামর্শ নেয়া শ্রেয়।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

২০২৩ সালের কুরুক্ষেত্র

॥ গোলাম মাওলা রনি ॥



কুরুক্ষেত্রের যুদ্ধের নাম শোনেননি পাক ভারতে এমন লোক খুঁজে পাওয়া দুষ্কর। একটি যুদ্ধ- বিবদমান দু'টি পক্ষ যারা কিনা রক্ত সম্পর্কে নিকটাত্মীয় এবং যুদ্ধের প্রেক্ষাপটে ন্যায় ও অন্যায়ের পক্ষ-বিপক্ষ নিয়ে তারা ভারতবর্ষ দুই ভাগে বিভক্ত হয়ে যেসব কাহিনীর জন্ম দিয়েছিল তার সঙ্কলিত রূপ মহাভারত নামক মহাকাব্যে যেভাবে বর্ণিত হয়েছে তা মানবজাতির জন্য কিয়ামত পর্যন্ত শিক্ষণীয় হয়ে থাকবে। প্রেম, ভালোবাসা, বিনোদন, ক্রীড়া, কৌতুক, রাজনীতি, অর্থনীতি, ধর্ম-কর্ম, সমাজ-সংসারের বাস্তব রূপ ছাড়াও কল্পনা এবং মনোবিজ্ঞানের এমন সব উপাখ্যান আজ থেকে আড়াই হাজার বছর পূর্বে রচিত একটি গ্রন্থে এমনভাবে বর্ণিত হয়েছে যা আধুনিককালের মানুষকে বিস্ময়ে বিমূঢ় করে দেয়।

মহাভারতের বর্ণিত সর্বশেষ প্রলয়ঙ্করী যুদ্ধটি যে ময়দানে সংঘটিত হয়েছিল সেটির নাম কুরুক্ষেত্র। কুরুক্ষেত্রের যুদ্ধটি কেবল নিছক সাহিত্যকর্ম নয় তা দুনিয়ার তাবৎ ইতিহাসবেত্তা একবাক্যে স্বীকার করেছেন। অর্থাৎ কুরুক্ষেত্রের ময়দানে যুদ্ধ হয়েছিল এবং সেই যুদ্ধের ফলে সমগ্র ভারতবর্ষের যে ক্ষয়ক্ষতি হয়েছিল তা কাটিয়ে উঠতে কয়েক শত বছর লেগেছিল। বাংলার ইতিহাসের প্রথম রাজা জগদত্ত কুরুক্ষেত্রে গিয়েছিলেন কৌরবদের পক্ষ নিয়ে যুদ্ধ করতে এবং স্ববংশে পরাজিত ও নিহত হয়ে বাংলাকে এমন বিপর্যয়ের মধ্যে ফেলে দিয়েছিলেন যার কারণে জগদত্তের পতন ও পরাজয়- পরবর্তী কয়েক শ' বছরের মধ্যে কোনো রাজা বা রাজবংশের নাম-গন্ধ পর্যন্ত ইতিহাসে খুঁজে পাওয়া যায় না।

বাংলার প্রথম রাজার যুদ্ধে পরাজিত হবার ইতিহাস এবং অন্যায় ও অন্যান্য পক্ষ হিসেবে চিহ্নিত কৌরব বংশের পক্ষে যুদ্ধ করার সিদ্ধান্তের মধ্যেই আমাদের জাতিগত ভ্রান্তি- পরাজিত হবার প্রবল আগ্রহ এবং উড়ে গিয়ে উইপোকার মতো মরে যাওয়ার বাসনার মতো আত্মঘাতী মনোবৃত্তি বাঙালি যে কোনোকালে ছাড়তে পারেনি তা ইতিহাসের সন্ধিক্ষণগুলোতে বারবার প্রমাণিত হয়েছে। রাজা জগদত্তের আমল থেকে আজ অবধি আপনি যদি রাজ্য-রাজা-রাজধানীর ইতিহাস পর্যালোচনা করেন তবে দেখতে পাবেন যে, ক্ষমতা মানুষকে কীভাবে অন্ধ বানিয়ে দেয়, কীভাবে তাদের মনুষত্ব কেড়ে নেয়, কীভাবে তাদের বেহায়া-বেশরম-বেপর্দা এবং বিরক্তিকর প্রাণীতে পরিণত করে ফেলে।

আমরা যদি ২০২৩ সালের বাংলাদেশের রাজনীতি পর্যালোচনা করি তবে দেখতে পাবো যে, একটি পক্ষ মিথ্যাচারকে তাদের অলঙ্কার বানিয়ে ফেলেছে। তাদের মনে বিশ্বাস জন্ম নিয়েছে যে, মিথ্যা না বললে তাদের সৌন্দর্য ফুটে ওঠে না। মিথ্যার পোশাক না পরলে তাদের আব্রু রক্ষা হয় না এবং মিথ্যার রং মিথ্যার ঢং ও মিথ্যার গন্ধ শরীরের সঙ্গে যুক্ত না করলে তাদের হয়তো হারাম পশুদের মতো মনে হয়। এ জন্য তারা পরস্পরের সাথে প্রতিযোগিতা করে মিথ্যাচার করে। তারা মিথ্যার বেসাতি সাজিয়ে মিথ্যা ও ভাঁওতাবাজির বাণিজ্যে সফলতা লাভের জন্য মিথ্যার টনিক বানিয়ে হররোজ পান না করলে বেঁচে থাকার অর্থ খুঁজে পায় না। মিথ্যা নাটক- মিথ্যা পুস্তক- মিথ্যা শপথ এবং মিথ্যার মুকুট মাথায় পরে তারা মিথ্যার মঞ্চে উলঙ্গ নৃত্য করে জীবনের সফলতার মাইলফলক স্থাপন করতে চায়।

কুরুক্ষেত্রের কৌরবদের মতো হাল ফ্যাশনের ক্ষমতাধররা প্রতারণা, জাল-জালিয়াতি এবং জুয়া-জোচ্চুরির মাধ্যমে ক্ষমতা লাভ, ক্ষমতা ভোগ এবং প্রতিপক্ষের ওপর প্রতিশোধ গ্রহণের জন্য ব্রহ্মাস্ত্রের খোঁজে দুনিয়া তোলপাড় করছে। কৌরব সেনাপতি কর্ণ ব্রহ্মাস্ত্র হাসিলের জন্য যেভাবে অস্ত্রগুরু দ্রোনাচার্যের সঙ্গে প্রতারণা করে অভিশপ্ত হয়েছিল এবং কুরুক্ষেত্রের যুদ্ধে নির্মমভাবে মারা পড়েছিল ঠিক একইভাবে হাল আমলের কৌরবরা তাদের সব কুকর্ম দ্বারা এমনভাবে ঘেরাও হয়ে পড়েছে যে, পৃথিবীর কোনো অব্যর্থ ব্রহ্মাস্ত্র দ্বারা তাদের অস্তিত্ব বজায় রাখা সম্ভব হচ্ছে না।

মহাভারতে বর্ণিত ভিলেনরা নীতি নৈতিকতায় এবং বীরত্বে তাদের প্রতিপক্ষ পান্ডবদের সঙ্গে পেরে ওঠেনি। পঞ্চ পান্ডবের বীরত্ব সাধারণ মানুষের সমর্থন এবং সারা ভারতের সামন্ত রাজাদের সমর্থনের পাশাপাশি দেবতাদের আশীর্বাদ তথা প্রকৃতির আনুকূল্যে কুরুক্ষেত্রের ময়দানটি দুর্যোধনদের জন্য মৃত্যুকূপে পরিণত হয়েছিল। কুরুক্ষেত্রের ময়দানে পতনের পূর্বে দুর্যোধনদের তান্ডব বন্ধ করার জন্য স্বয়ং দেবতারা মর্তে নেমে এসেছিলেন। কিন্তু কোনো দৈববাণী কিংবা দেবতাদের দূতিয়ালী কৌরবদের অহমিকা রোধ করে ন্যায়ের পথে ফিরিয়ে আনতে পারেনি। ফলে একটি ধ্বংসাত্মক যুদ্ধ অনিবার্য হয়ে পড়ে।

কুরুক্ষেত্রের যুদ্ধের দুটো মৌলিক বৈশিষ্ট্য ছিল। প্রথমটি ছিল উভয়পক্ষের সেনাপতিরা একই গুরুর শিষ্য ছিলেন। অর্থাৎ অস্ত্র গুরু দ্রোনাচার্যের নিকট কৌরব ও পান্ডব রাজপুত্ররা শৈশব-কৈশোর ও যৌবনে অস্ত্র চালনা শিখেছিলেন। দ্বিতীয়ত, তারা ছিলেন একই অঞ্চলের বাসিন্দা এবং রক্ত-সম্পর্কের আত্মীয়। যুদ্ধের একটি সাধারণ নিয়ম হলো- যুদ্ধরত প্রতিপক্ষ বিশেষ করে আক্রমণকারীরা যদি ভিনদেশী হয় তবে যুদ্ধের ময়দানে দুই ধরনের দৃশ্য দেখতে পাওয়া যায়। ক্ষমতায় থাকা রাজা-বাদশাহরা যদি যোগ্য ও জনপ্রিয় হন তবে সারা দেশের জনগণ তাদের পক্ষে থাকে। ফলে আক্রমণকারীরা কোনোকালেই সুবিধা করতে পারে না। অন্য দিকে, ক্ষমতাধররা যদি কৌরবদের মতো চরিত্রহীন, নিপীড়ক এবং জনবিচ্ছিন্ন হন তবে জনগণ বিদেশী আক্রমণকারীদের স্বাগত জানায় এবং প্রায় সব ক্ষেত্রে আক্রমণকারীদের হাতে নিপীড়কদের পতন হয়।

যুদ্ধের ময়দানটি যদি কুরুক্ষেত্রের মতো হয়- অর্থাৎ যেখানে ভিনদেশী কোনো আক্রমণকারী থাকে না এবং যেখানে যুদ্ধরত উভয়পক্ষ একই ভূখন্ডের বাসিন্দা সেখানে সাধারণ জনগণ বিভক্ত হয়ে পড়ে এবং সবাই অস্ত্র হাতে নিয়ে যুদ্ধক্ষেত্রে ঝাঁপিয়ে পড়ে এবং প্রতিপক্ষের শেষ প্রাণীটিকে কবরে না পাঠানো পর্যন্ত অথবা নিজে মৃত্যুর কোলে ঢলে না পড়া পর্যন্ত যুদ্ধ থামে না।

মহাভারতের কুরুক্ষেত্রের যুদ্ধের উল্লেখিত আলোচনার পরিপ্রেক্ষিতে আমরা যদি ২০২৩ সালের জুলাই মাসের বাংলাদেশের রাজনীতি পর্যালোচনা করি তবে দেখতে পাবো যে, পুরো দেশ দুটো ভাগে বিভক্ত হয়ে পড়েছে। এক পক্ষে রয়েছে ক্ষমতার মধু মেওয়া ভোগকারী বিশাল এক গোষ্ঠী, যারা গত ১৫ বছর ধরে সব রাষ্ট্রীয় সুবিধা ভোগের পাশাপাশি রাজনীতির কালো পথে সেসব সুবিধা দুনিয়াব্যাপী নিন্দা কুড়ায় সেগুলোও গলধকরণ করেছে জলহস্তির মতো। ঘুষ-দুর্নীতি, নিয়োগ-বদলি, লুটপাট-রাহাজানি, দখল-চাঁদাবাজির মতো আর্থিক অপরাধ করে তারা দেশ-বিদেশে সম্পদের পাহাড় গড়ে তুলেছে এবং সারা দুনিয়াতে তাদের মন্দকর্মের দুর্গন্ধ ছড়িয়ে পড়েছে। ফলে পৃথিবীর সভ্য লোকেরা নিজেদের দেশ জাতিকে সেই দুর্গন্ধের কবর থেকে রক্ষা করার জন্য গলদঘর্ম পরিশ্রম করছে।

ক্ষমতার কালো মানিকের দল অবৈধ আয় রোজগারের তেল চর্বিতে অবগাহন করতে করতে সত্য ও মিথ্যার পার্থক্য ভুলে গেছে। তাদের ক্ষুণ্নিবৃত্তির প্রাথমিক পর্ব শেষ হওয়ার পর পাশবিক লালসা তাদের ভয়ঙ্কর প্রাণীতে পরিণত করে ফেলেছে। প্রতিপক্ষকে ভয় দেখানো, সবাইকে সন্দেহ করা, নিজেদেরকে শ্রেষ্ঠতর এবং বাকিদেরকে নিকৃষ্টতর ভাবা, প্রতিপক্ষের ওপর পাশবিক জুলুম অত্যাচার চালানোকে এক ধরনের বিনোদন কর্মে পরিণত করা এবং অন্যের নিকট গচ্ছিত মূল্যবান ও আকর্ষণীয় বস্তু জোর জবরদস্তি করে অপহরণ করা তাদের অভ্যাসে পরিণত হয়েছে। ফলে রাজনীতির ময়দানে যত ব্যাকরণ রয়েছে সব উলোট পালট হয়ে পুরো ময়দানকে কুরুক্ষেত্রের ময়দানের মতো ভয়ঙ্কর বানিয়ে ফেলেছে। এ অবস্থায় ২০২৩ সালের শেষের দিকে আমাদের গাঙ্গেয় ব-দ্বীপটির অবস্থা কী হবে তা নিয়ে সাধারণ জনগণ, প্রতিবেশী রাষ্ট্রসমূহ এবং বিশ্ব মোড়লরা পর্যন্ত চিন্তায় অস্থির হয়ে পড়েছে।

লেখক: সাবেক সংসদ সদস্য



বাংলাদেশ কি বৃহৎ শক্তিবর্গের প্রভাব বলয় থেকে নিজকে মুক্ত রাখতে পারবে?

॥ প্রদীপ মালাকার ॥

গত জুনের ২২তারিখ গণভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাংবাদিকদের বলেন, সেন্টমাটিন দ্বীপ কাউকে দিয়ে ক্ষমতায় থাকতে চান না, তিনি বলেন, আমি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবের কন্যা, আমি এ দেশের কোন সম্পদ কারো কাছে বিক্রি করে ক্ষমতায় আসতে চাই না। বিএনপির নাম উল্লেখ করে বলেন, ওই গ্যাস বিক্রির মুচেলিকা দিলে আমিও তখন ক্ষমতায় থাকতে পারতাম। আর এখনো যদি আমি বলি, সেন্ট মাটিন দ্বীপ বা দেশ কাউকে লীজ দেব, তাহলে আমাদের ক্ষমতায় থাকতে কোন অসুবিধা হবে না। সাংবাদিকদের প্রশ্নের জবাবে কোন দেশর নাম না জানালেও ১৪ দলের দুই শীর্ষ নেতা রাশেদ খান মেনন ও হাসানুল হক ইনু সংসদে বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্র সেন্ট মার-টিন দ্বীপ চায়।

বাংলাদেশে অবাধ সুষ্ঠু, ও শান্তিপূর্ণ জাতীয় নির্বাচনের স্বার্থে এক নতুন ভিসা নীতির কথা ঘোষণা করেছে যুক্তরাষ্ট্র। এই নীতির আওতায় যে কোন ব্যক্তি যদি সেদেশে গণতান্ত্রিক নির্বাচনের প্রক্রিয়া ব্যাহত করার জন্য দায়ী হন বা এরকম চেষ্টা করেছেন বলে প্রতীয়মান হয়- তাহলে যুক্তরাষ্ট্র তাকে ভিসা দেওয়ার ওপর বিধিনিষেধ আরোপ করতে পারবে। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতর এক বিবৃতিতে জানানো হয়েছে, এর আওতায় পড়বে বর্তমান এবং সাবেক বাংলাদেশী কর্মকর্তা, সরকার সমর্থক ও বিরোধী রাজনৈতিক দলের সদস্যবৃন্দ, আইন প্রয়োগকারী সংস্থা, বিচারবিভাগ ও নিরাপত্তা সংস্থা গুলোর সদস্যরা। ওদিকে বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম বলেছেন, যুক্তরাষ্ট্র সরকারের নতুন ভিসা নীতিতে সরকার বিচলিত নয়। কারণ সে দেশে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের জন্য সরকার প্রতিশ্রুতিব্বধ। তিনি ইউএনবিকে দেওয়া সাক্ষাৎকারে বলেন, এটি কোন নিষেধাজ্ঞা নয়।

বাংলাদেশের ভু-গৌলিক অবস্থানে ভু-রাজনৈতিক দিক থেকে গুরুত্বপূর্ণ। কিন্তু অনেকে এ ক্ষেত্রে একটা গুরুতর 'স্ববিরোধীতাও' কথা তুলে ধরেন। তারা বলেন, পৃথিবীতে এমন অনেক দেশের সাথে যুক্তরাষ্ট্রের মিত্রতা দেখা যায়, যেখানে গণতন্ত্র বা নির্বাচন বলতে তেমন কিছুই নেই এবং সেসব দেশের মানবাধিকার নিয়েও গুরুতর প্রশ্ন আছে। ওই দেশগুলোকে ফেলে ওয়াশিংটন হঠাৎ বাংলাদেশে সুষ্ঠু নির্বাচন হচ্ছে কিনা তা নিয়ে এত ব্যস্ত হয়ে উঠেছে কেন? হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের ফেলো ড. আনু আনোয়ারের ভাষ্য মতে, কোথাও গণতন্ত্র হুমকির মুখে পড়েছে বলে মনে করলে যুক্তরাষ্ট্র তাকে সুরক্ষা দেবার চেষ্টা করে- আন্তর্জাতিক আইন অনুযায়ী। কিন্তু অনেক ক্ষেত্রে সে অর্থে এটা অনুসৃত হয় না, কারণ ভু-রাজনীতি ও জাতীয় স্বার্থের প্রশ্নের মধ্যে সংঘাত দেখা দিলে, সবসময়ই ভু-রাজনৈতিক কৌশলগত স্বার্থ বিবেচিত হয়, সেখানে গণতন্ত্র, সুষ্ঠু নির্বাচন বা মানবাধিকার নয়।

তবে ড. আনু আনোয়ারের মত অনেক বিশ্লেষক মনে করেন যে, যুক্তরাষ্ট্র সাম্প্রতিককালে বাংলাদেশের ক্ষেত্রে নিষেধাজ্ঞার মত যেসব পদক্ষেপ নিচ্ছে, তার পিছনে আসল উদ্দেশ্য এই ভু-রাজনৈতিক স্বার্থ, গণতন্ত্র বা মানবাধিকার নয়। তারা বলেন, যুক্তরাষ্ট্র আসলে নানাভাবে চাপ প্রয়োগ করে বাংলাদেশকে চীনের প্রভাব- বলয়ের বাইরে রাখতে চায়। কিন্তু বাংলাদেশ অনেক বছর আগেই চীনের বেল্ট এন্ড রোড ইনিশিয়টিভের অংশ হয়েছিল। গত ২০২১ সালের মে মাসে ঢাকায় চীনের রাষ্ট্রদূত লি জি মি এক অনুষ্ঠানে বলেছিলেন, বাংলাদেশ যেন আমেরিকান নেতৃত্বাধীন 'কোয়াড' নামের চীন বিরোধী ক্লাবে যোগ না দেয় এবং এটা করলে চীন-বাংলাদেশ দ্বিপাক্ষিক সম্পর্কের মারাত্মক ক্ষতি হবে। তখন ব্যপক আলোচনার জন্ম দিলে, পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন একে অপ্রত্যাশিত এবং দুর্ভাগ্যজনক বলে আখ্যায়িত করেছিলেন।

এবার একটু পিছনে ফিরে দেখা যাক, ২০০৯ সাল শেখ হাসি-নার দ্বিতীয় বারের শাসনামলে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী হিলারি ক্লিনটন বাংলাদেশ সফরকালে বঙ্গোপসাগরে নৌঘাঁটি করার প্রস্তাব দিয়ে ব্যর্থ হয়। দক্ষিণ চীন সাগরে চীনা নৌবাহিনীর উপস্থিতি বেড়ে যাওয়ার পরিপ্রেক্ষিতে যুক্তরাষ্ট্র বঙ্গোপসাগরে ঘাটি গড়তে চায়। যুক্তরাষ্ট্রের বাংলাদেশের ব্যপারে তথা দক্ষিণ এশিয়ায় আগ্রহ বেড়েছে নানা কারণে প্রথমতঃ ভারত মহাসাগরীয় অঞ্চলে চীনের নৌবাহিনীর প্রভাব বৃদ্ধি যা যুক্তরাষ্ট্রের স্বার্থকে আঘাত করতে পারে। সে কারণে দক্ষিণ এশিয়ার দেশগুলিকে নিয়ে চীনের বিরুদ্ধে একটি এলায়েন্স গড়ে তোলা প্রয়োজন মনে করে। দ্বিতীয়ত আফগানিস্তানে আমেরিবকান সৈন্য প্রত্যাহারের ফলে যে শূন্যতার সৃষ্টি হয়, সেই শূন্যতা পূরণের জন্য দক্ষিণ এশিয়ার দেশগুলির সমন্বয়ে একটি শান্তিরক্ষী বাহিনী গঠন করা।

তৃতীয়তঃ যুক্তরাষ্ট্র মনে করে ইসলামিক কট্টরপন্থীরা দক্ষিণ এশিয়ায় বিশেষ করে বাংলাদেশে নতুন করে ঘাটি গড়তে পারে। সে কারনে দক্ষিণ এশিয়ার দেশগুলোকে নিয়ে একটি মোর্চা গঠন করা প্রয়োজন। চতুর্থতঃ এ অঞ্চলে বিশেষ করে গভীর সমুদ্রে বিপুল জ্বালানী সম্পদ রয়েছে। তাছারা বাংলাদেশের ভু-রাজনৈতিক অবস্থান যুক্তরাষ্ট্রের নীতি-নির্ধারকদের জন্য এ কারনেই যথেষ্ট গুরুত্বপূর্ণ। তারা বঙ্গোপসাগরে অবস্থান করে খুব সহজেই বাংলাদেশের রাজ-নীতি সহ দক্ষিণ এশিয়ার রাজনীতিকে তাদের অনুকূলে প্রভাবিত করতে পারবে। বিগত আওয়ামী সরকারের আমলে যুক্তরাষ্ট্র বাংলাদেশের সঙ্গে 'সোফা' ও 'হানা' নামে দু দফায় একটি সামরিক চুক্তিতে উপনীত হওয়ার উদ্যোগ নেয়। ওই সময় ভারতের আপত্তির কারনে বিগত সরকার এ রকম চুক্তিতে উপনীত হতে পারেনি।

চীনের সাথে বাংলাদেশের সামরিক সহযোগিতা বৃদ্ধি পাওয়ায় এবং দেশটি বঙ্গোপসাগরে তাদের নৌবাহিনীর ঘাঁটি স্থাপনের এই উদ্যোগ নিতে যাচ্ছে, তখন সরকারের উচ্চ পর্যায় থেকে এ খবর জানা গিয়েছিল। গত জোট সরকারের আমলে বাংলাদেশ ও চীনের মধ্যে স্বাক্ষরিত 'আমব্রেলা' নামের সাম-রিক চুক্তিটির ওপর ভারতের প্রতিরক্ষা বিভাগ থেকে যে রিপোর্ট দেওয়া হয়েছিল, তাতেও বলা হয়েছিল, চীনের সঙ্গে বাংলাদেশের সামরিক চুক্তি, যুক্তরাষ্ট্র সরকারকে দক্ষিণ এশিয়ার প্রতি নতুন করে দৃষ্টি প্রসারিত করার সুযোগ করে দিয়েছে। ঐ সময় আরও খবর ছিল, বাংলাদেশের সঙ্গে চীনের ঐ আমব্রেলা চুক্তিকে ভারত তাদের জন্য ঝুঁকিপূর্ণ হিসেবে ও মায়ানমারের সঙ্গে চীনের সামরিক সহযোগিতা বৃদ্ধি সে অঞ্চলে আমেরিকার সামরিক উপস্থিতিকে আরও তরান্বিত করবে বলে উল্লেখ করা হয়।

রাষ্ট্র বিজ্ঞানের ভাষায় বলা হয়, একটি দেশের পররাষ্ট্র নীতি তার স্বাধীন সার্বভৌম অস্তিত্বের জন্য খুবই গুরুত্বপূর্ণ বিষয়। আর সেই স্বাধীন পররাষ্ট্রনীতি প্রণীত হয় ঐ দেশের ভুগলিক অবস্থান, রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক অবস্থাকে বিবেচনায় রেখে। দেশ স্বাধীন হওয়ার পর বঙ্গবন্ধু পাকিস্তানী কারাগার থেকে দেশে ফিরেই দেশের বরেণ্য বুদ্ধিজীবি, পত্রিকার সম্পাদকমন্ডলী সহ সকলের সঙ্গে মতবিনিময় করে একটি স্বাধীন দেশের উপযোগী স্বাধীন পররাষ্ট্রনীতি সাজিয়েছিলেন, যা কারো প্রতি, এমন কি শত্রু বলয়ের পরাশক্তি আমেরিকার কাছে ও মনে হয়নি যে, সদ্য স্বাধীন দেশটি ভারতের কাছে অন্ধ অনুগত। দেশ স্বাধীন হওয়ার-দুই মাসের মধ্যে বঙ্গবন্ধু মিত্র সৈন্যদের সরিয়ে নেওয়ার জন্য ভারতের প্রতি আহবান জানান এবং তার আহবানে সৈন্য ফিরিয়ে নেওয়া হয়।

১৯৭৩ সালে বঙ্গোপসাগরে আমেরিকার বহুজাতিক কোম্পানির তেলের সন্ধান ও উত্তোলনের ব্যাপারে আমেরিকান কোম্পানিগুলোকে দেশ ত্যাগের নির্দেশ বলিষ্ঠ পররাষ্ট্রনীতির উজ্জল স্বাক্ষর। ভারতের সঙ্গে সমতার ভিত্তিতে অমীমাংসিত সীমান্ত সমস্যার সমাধান ও অধিকাংশ চুক্তি করা সম্ভব হয়েছিল। এক কথায় জোট নিরপেক্ষ আন্দোলনে যোগ দিয়ে বাংলাদেশ তার নিরপেক্ষ চরিত্র বজায় রাখতে সমর্থ হয়েছিল। বাংলাদেশের এই স্বাধীন ও নিরপেক্ষ নীতি কয়েক বছর টিকে ছিল। তারপর বঙ্গবন্ধুর হত্যাকান্ড তথা ৭৫-এর রাজনৈতিক পটপরিবর্তনের মাধ্যমে সামরিক নেতারা ক্ষমতা দখল করেন। ক্ষমতার স্বার্থে ও বিশেষ গোষ্টির প্ররোচনায় ইসলামী দেশগুলো ও পাকিস্তানের স্বার্থের অনুকুলে পররাষ্ট্রনীতিকে সাজানো হয়। ফলে বাংলাদেশ তার পূর্বের স্বাধীন স্বকীয়তা হারিয়ে বিশেষ দেশের প্রতি ঝুঁকে পড়ায় নিকট প্রতিবেশী ভারতের সঙ্গে সম্পর্কের অবনতি ঘটতে থাকে। সীমান্ত সমস্যা, গঙ্গার পানি বণ্টন, থেকে শুরু করে উপজাতীয় শান্তি বাহিনীর উপদ্রপ সহ আরও অনেক উপসর্গ দেখা দেয় এই সময়ে।

বাংলাদেশের ভু-গৌলিক অবস্থানে ভু-রাজনৈতিক দিক থেকে গুরুত্বপূর্ণ। কিন্তু অনেকে এ ক্ষেত্রে একটা গুরুতর 'স্ববিরোধীতাও' কথা তুলে ধরেন। তারা বলেন, পৃথিবীতে এমন অনেক দেশের সাথে যুক্তরাষ্ট্রের মিত্রতা দেখা যায়, যেখানে গণতন্ত্র বা নির্বাচন বলতে তেমন কিছুই নেই এবং সেসব দেশের মানবাধিকার নিয়েও গুরুতর প্রশ্ন আছে। ওই দেশগুলোকে ফেলে ওয়াশিংটন হঠাৎ বাংলাদেশে সুষ্ঠু নির্বাচন হচ্ছে কিনা তা নিয়ে এত ব্যস্ত হয়ে উঠেছে কেন? হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের ফেলো ড. আনু আনোয়ারের ভাষ্য মতে, কোথাও গণতন্ত্র হুমকির মুখে পড়েছে বলে মনে করলে যুক্তরাষ্ট্র তাকে সুরক্ষা দেবার চেষ্টা করে- আন্তর্জাতিক আইন অনুযায়ী।

দীর্ঘ ৪৫ বছরে ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক কখনও মধুর ছিল না। মাঝখানে দুটি গণতান্ত্রিক ও নির্বাচিত সরকারের আমলে ভারত-বাংলাদেশ সম্পর্কে অনেকটা উন্নত হলেও কার্যত এ সম্পর্ক অবিশ্বাস ও সন্দেহের তিমিরেই রয়ে গেছে। মূলত: ভারত-বাংলাদেশ সম্পর্ক ব্যারোমিটারের পারদের মতই উঠানামা করেছে। বর্তমান পররাষ্ট্র নীতি নিয়ে আলোচনার পূর্বে আশির দশকে বিশ্ব ও আঞ্চলিক ভু-রাজনীতি সম্বন্ধে কিছু টা আলোচনা করা যাক। বিশ্ব তখন স্নায়ু যুদ্ধে দুইভাগে বিভক্ত। একদিকে আমেরিকার নেতৃত্বে ধনবাদী বা বুর্জোয়া গণতান্ত্রিক দেশগুলো কমিউনিজমকে প্রতিরোধ করার উছিলায় দেশে দেশে প্রভাব বিস্তারে সক্রিয়।

অন্যদিকে সোভিয়েত ইউনিয়ন ও চিনের নেতৃত্বে দেশে দেশে কমিউনিজম বা সমাজতন্ত্র কায়েমের প্রচেষ্টা চলে। উভয় শি-বিরই যার যার বলয় তৈরির জন্য ন্যাটো, সিয়াটো ও ওয়ারস নামক সামরিক জোট গঠন করে। উভয় সামরিক জোট থেকে মুক্ত ও নিজেদের স্বাধীন অস্তিত্ব বজায় রেখে চলার জন্য মার্শাল টিটো, নাসের ও পন্ডিত জহর লাল নেহেরুর নেতৃত্বে জোট নিরপেক্ষ আন্দোলন গড়ে তোলা হয়। আর তারই ফল হিসেবে নেহেরুর যোগ্য কন্যা ইন্দিরা গান্ধী আশির দশকে ভারত মহাসাগরকে শান্তির অঞ্চল হিসেবে ঘোষণা দেওয়ার জন্য আন্দোলন চালিয়ে যান। এই আন্দোলনের পক্ষে সারা বিশ্বের বিশেষ করে জোট নিরপেক্ষ ও তৃতীয় বিশ্বের দেশগুলোর জোরালো সমর্থন মেলে। ফলে ব্রিটিশের ফেলে যাওয়া দ্বীপ দিয়াগো গারসিয়া যুক্তরাষ্ট্রের সামরিক ঘাটি তৈরির উদ্যোগ ভেস্তে যায়। সোভিয়েত রাশিয়ার যুদ্ধ জাহাজগুলোর ভারত মহাসাগরে আনাগোনা কমে যায়। বলতে গেলে প্রায় এক দশক সময় পর্যন্ত ভারত মহাসাগর ও তার সন্নিহিত অঞ্চলসমূহ সত্যিই বৃহৎ শক্তিবর্গের প্রতিযোগিতা ও তাদের প্রভাব বলয় থেকে মুক্ত ছিল।

৯০ এর দশকে সোভিয়েত ইউনিয়নের পতনের ফলে বিশ্ব রাজনীতি দ্রুত পরিবর্তিত হতে থাকে। আঞ্চলিক রাজনীতি বা দক্ষিণ এশিয়ায়ও তার প্রভাব পড়ে। ইন্দিরা গান্ধী ও রাজীব গান্ধী সরকারের পতনের পরই পরবর্তী সরকারগুলোর পররাষ্ট্রনীতি ছিল অনেকটা দুর্বল এবং এই সময়েই জোট নিরপেক্ষ আন্দোলন মুখ থুবড়ে পড়ে। ফলে যুক্তরাষ্ট্র বিনা প্রতিবাদে প্রতিদ্বন্দ্বিহীন একচ্ছত্র শক্তি হিসেবে ভারত মহ-াসাগরে দিয়াগো গারসিয়ায় সামরিক ঘাটি স্থাপন করে ফেলে। সামরিক ঘাটি স্থাপন করেই তারা ক্ষান্ত থাকেনি, ঘাটি স্থাপন করেই মনোযোগ দেয় বঙ্গোপসাগরের দিকে এবং এ লক্ষ্যে দীর্ঘদিন যাবত কাজও করে যাচ্ছে। বিশ্বের সামরিক বিশেষজ্ঞদের ধারণা, বঙ্গোপসাগর হচ্ছে সামরিক দিক থেকে কৌশলগত ও আদর্শ স্থানীয় অঞ্চল।

এদিকে ভারতে ও রাজনৈতিক পরিবর্তন ঘটে এবং সরকারে আসে মৌলবাদী বিজেপির নেতৃত্বে কোয়ালিশন সরকার। তারা ভারতের পররাষ্ট্র নীতিতে পরিবর্তন আনে এবং নতুনভাবে যুক্তরাষ্ট্র সরকারের সঙ্গে বন্ধুত্ব গড়ে তুলে। যুক্তরাষ্ট্র সরকারও পাকিস্তানকে ঠেলে দিয়ে সানন্দে সেই সুযোগ লুফে নেয়। ফলে এই অঞ্চলে আদিপত্য বিস্তারে তাদের আর কোন বাধা থাকে না। তাদের অভীষ্ট লক্ষ্য সাধনের জন্য হাসিনা সরকারের সঙ্গে 'সোফা ও হানা' নামে দুটি চুক্তি সম্পাদনের জন্য অস্থির হয়ে ওঠে। বন্ধু যাতে রুষ্ট হয়ে না যায় সেই জন্য প্রকাশ্যে প্রতিবাদ না করে ভারত গোপনে হাসিনা সরকারকে চাপ প্রয়োগ করে, ঐ চুক্তি সম্পাদন হতে বিরত রাখে।

হাসিনা সরকারের পতনের পর ক্ষমতায় আসে জোট সরকার। ক্ষমতায় আসার পরই সরকার ও বিরোধী দল কে কত আমেরিকার আস্থাভাজন ও বিশ্বাসভাজন হতে পারে তার প্রতিযোগিতায় নেমে পড়ে। এদিকে বছর পার হতেই ব্যবসায়িক স্বার্থের ব্যাপারটিকে ইস্যু করে ভারতের সঙ্গে বাংলাদেশের সর্বকালের সম্পর্কের অবনতি ঘটে। সীমান্তে পুশ ইনসহ নানা সমস্যা দেখা দেয়। সরকার এ ক্ষেত্রে দূরদর্শিতার পরিচয় দিতে ব্যর্থই হয়নি, দিকবেদিক চিন্তা না করে, ভারতকে টাইট দিতে চীনের সঙ্গে 'ছাতা' চুক্তি করে সব কিছু লেজেগোবরে করে ফেলে। চুক্তিটি আমেরিকার নীতির বিরুদ্ধে হওয়ায় বঙ্গোপসাগরে চীনের দেওয়া সামরিক ঘাটি করার প্রস্তাব বাস্তবায়নের পূর্বেই আমেরিকা ঐ স্থানে ঘাটি করার জন্য বাংলাদেশ সরকারকে চাপ দিতে থাকে। সাম্প্রতিক সময়ে যুক্তরাষ্ট্র সফরে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্রমোদী ভারতের ভুগলিক অখন্ডতা ও নিরাপত্তার দিকটি বিশেষ গুরুত্বের সঙ্গে তুলে ধরেন। এর প্রেক্ষাপটে ও অতীত অভিজ্ঞতার আলোকে ভারত বাংলাদেশ প্রশ্নে কোনও জুকিপূর্ণ সিদ্ধান্ত না নেওয়ার অনুরোধ করেছে বলে আভাষ পাওয়া যায়।

যুক্তরাষ্ট্রের স্বার্থ উপেক্ষা করে চীনের প্রতি বাংলাদেশের অধিকমাত্রায় নির্ভরশীল হওয়া যুক্তরাষ্ট্র প্রশাসনের শেখ হাসিনা বিরোধী হওয়ার অন্যতম কারণ। কূটনৈতিক মহল আরও মনে করেন ভারত-প্রশান্ত মহাসাগরীয় সামরিক জোট কোয়াডে যুক্ত হতে সেন্ট মার্টিন দ্বীপ যুক্তরাষ্ট্রকে দীর্ঘ মেয়াদে লীজ দেওয়ার জন্য আমেরিকান প্রস্তাবে শেখ হাসিনার অস্বীকৃতি আমেরিকান অসন্তোষের কারণ। যুক্তরাষ্ট্র সেন্ট মার্টিন দ্বীপে তাদের সাবমেরিন যুদ্ধজাহাজ ও মেরিন সেনাদের নিরাপদ অবস্থান চায়। এখানে ঘাটি করে বঙ্গোপসাগরে পূর্ণ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা সহ প্রতিবেশী মিয়ানমারে ওপরও নজরদারি করতে পারবে। কাজেই এহেন পরিস্থিতিতে শেখ হাসিনা সরকার কি বৃহৎ শক্তিবর্গের প্রভাব বলয় থেকে মুক্ত থাকতে পারবে? পর্যবেক্ষকদের ধারনা, যেভাবে যুক্তরাষ্ট্র বাংলাদেশকে বিভিন্ন চুক্তির মাধ্যমে অষ্টেপিষ্টে বেঁধে ফেলতে চাইছে, তাতে এ অঞ্চলে বৃহৎ শক্তিবর্গের আধিপত্য ও আনাগোনা বেড়ে যাবে। যার প্রভাব বাংলাদেশের রাজনীতির ওপর পড়তে বাধ্য।

নিউইয়র্ক , ইউএসএ



পদত্যাগ করছেন যুক্তরাজ্যের প্রতিরক্ষামন্ত্রী বেন ওয়ালেস

ঢাকা ডেস্ক, ১৬ জুলাই : যুক্তরাজ্যের প্রতিরক্ষামন্ত্রী হিসেবে গত চার বছর ধরে দায়িত্ব পালন করছেন বেন ওয়ালেস। তবে সেই পদ থেকে পদত্যাগের ঘোষণা দিয়েছেন তিনি। বেন ওয়ালেস বলেছেন, ব্রিটিশ মন্ত্রিসভায় পরবর্তী রদবদলের সময় প্রতিরক্ষামন্ত্রীর পদ থেকে সরে দাঁড়াবেন তিনি। একই সঙ্গে পরবর্তী সাধারণ নির্বাচনেও প্রতিদ্বন্দ্বিতা করবেন না তিনি।

রোববার (১৬ জুলাই) এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি।

প্রতিবেদনে বলা হয়েছে, চার বছর দায়িত্ব পালনের পর মন্ত্রিসভার পরবর্তী রদবদলের সময় প্রতিরক্ষামন্ত্রীর পদ থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন বেন ওয়ালেস। সংবাদমাধ্যম সানডে টাইমসকে বেন ওয়ালেস বলেছেন, তিনি পরবর্তী সাধারণ নির্বাচনেও দাঁড়াবেন না।

তবে 'অসময়ে' মন্ত্রীর দায়িত্ব ছেড়ে যাওয়া এবং উপনির্বাচনের কথা অস্বীকার করেছেন তিনি।

বিবিসি বলছে, বেন ওয়ালেস যুক্তরাজ্যের তিনজন প্রধানমন্ত্রীর অধীনে প্রতিরক্ষামন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং ইউক্রেন যুদ্ধে যুক্তরাজ্য যে প্রতিক্রিয়া দেখিয়েছে তাতে বড় ভূমিকা পালন করেছেন তিনি।

বেশ কয়েকটি সূত্র বিবিসিকে জানিয়েছে, আগামী সেপ্টেম্বর মাসে যুক্তরাজ্যের মন্ত্রিসভায় পরবর্তী রদবদল হতে পারে। সেই রদবদলের সময় প্রধানমন্ত্রী ঋষি সুনাক তার মন্ত্রিসভার শীর্ষস্থানীয় কয়েকজন মন্ত্রীকে রদবদলের পরিকল্পনা করছেন বলে জানা গেছে, তবে সেটির নির্দিষ্ট কোনো তারিখ এখনো নিশ্চিত করা হয়নি।

ওয়ালেস বলেন, রাজনীতির কারণে তার পরিবারের ওপর পড়া প্রভাবের কারণেই তিনি ফ্রন্টলাইন রাজনীতি ছেড়ে দিচ্ছেন। এ ছাড়া তার মিত্ররাও বলেছেন, ওয়ালেসের এ সিদ্ধান্তটি ঋষি সুনাকের নেতৃত্বের প্রতি কোনো ধরনের ভাবনা থেকে নেওয়া নয়।

বিবিসি বলছে, আসন্ন সীমানা পরিবর্তনের কারণে বেন ওয়ালেসের ওয়ায়ার এবং প্রেস্টন নর্থ আসনটি আগামী নির্বাচনে অদৃশ্য হয়ে যাবে এবং তিনি সংবাদপত্রকে বলেছেন, তিনি নতুন কোনো আসন থেকে নির্বাচন করবেন না।

সংবাদাধ্যমটি বলছে, ৫৩ বছর বয়সি ব্রিটিশ এই মন্ত্রীর ঋষি সুনাকের সরকার ছাড়ার বিষয়টি নিয়ে বেশ কিছু দিন ধরে জল্পনা চলছে এবং সানডে টাইমসকে দেওয়া তার এ ঘোষণা ওয়ালেসকে নিয়ে সেই গুঞ্জনকেই নিশ্চিত করল। এর আগে গত ১৬ জুন প্রধানমন্ত্রী সুনাককে মন্ত্রিসভা থেকে সরে যাওয়ার সিদ্ধান্তের কথা জানিয়েছিলেন ওয়ালেস।

সিয়েনা জরিপ: অপরাধ আতঙ্কে ৬১% নিউইয়র্কার

(প্রথম পাতার পর)

শঙ্কায় থাকেন তারা। সিয়েনা কলেজের পক্ষ থেকে পরিচালিত এক জরিপ প্রতিবেদনে এ তথ্য তুলে ধরা হয়েছে। বুধবার এই জরিপ প্রতিবেদন প্রকাশিত হয়। জরিপে দেখা গেছে, কোনো অপরাধী তৎপরতার শিকার হতে পারেন এম আশঙ্কা ভীষণ রকম কাজ করে ২১ শতাংশ উত্তরদাতার মনে। আর ৪০ শতাংশ জানিয়েছেন একটা আশঙ্কা সারাক্ষণই তাদের ঘিরে থাকে। অর্ধেকেরও বেশি অর্থাৎ ৫১ শতাংশ বলেছেন, তারা তাদের পরিবারের নিরাপত্তা নিয়ে সারাক্ষণ চিন্তিত থাকে। স্কুল, শপিং স্টোর এমনকি প্রার্থণা কেন্দ্রেও তাদের একই আশঙ্কা কাজ করে। উত্তরদাতাদের ৩৬ শতাংশ বলেছেন, অদ্ভুত আচরণকারীদের কারো কারো খপ্পড়ে তারা পড়েছেন গত ১ বছরে। তবে ৩৯ শতাংশ উত্তরদাতা বলেছেন, তাদের মনে কোন আশঙ্কাই কাজ করে না। ৫৮ শতাংশ অবশ্য মত দিয়েছেন তাদের মনে অতীতের চেয়ে এখন আতঙ্ক বাড়ে নি। সিয়েনা কলেজ রিসার্চ ইনস্টিটিউটেরর পরিচালক ডন লেভি বলেন, অপরাধ আর কেবল দূরের বিষয় নয়, যা কেবল অন্যের ক্ষেত্রই ঘটবে, নিজে কিংবা নিজের পরিবারের কেউই হয়ে যেতে পারে এই অপরাধের শিকার, ঠিক এমনটাই ভাবছেন অধিকাংশ উত্তরদাতা। জরিপে আরও দেখানো হয়েছে, গত ১ বছরে উত্তরদাতাদের ৪০ শতাংশই অন্তত ১০০ ডলার ব্যয় করে এমন কিছু উপকরণ কিনেছেন যা তাদের নিরাপত্তায় কাজ লাগতে পারে। আর ১২ শতাংশ উত্তরদাতা এই খাতে ব্যয় করেছে ৫০০ ডলারের বেশি।এক তৃতীয়াংশ (৩৪%) জানিয়েছেন তারা বাড়িতে সিকিউরিটি ক্যামেরা বসিয়েছেন। মোশন সেন্সরসহ সিকিউরিটি লাইট বসিয়েছেন ৩২ % আর ২৫ শতাংশ উত্তরদাতা জানিয়েছেন তাদের বাড়িতে পেশাদার নিরাপত্তা সিস্টেম বসানো রয়েছে। জরিপে আরও উঠে এসেছে: - গত ১ বছরে প্রতি ১০ জনের মধ্যে ১ জন (৯%) নিউইয়র্কার কোনো না কোনো অপরাধের শিকার হয়েছেন। নগর অধিবাসীদের মধ্যে এই হার ১৬%, - ৯ শতাংশ নিউইয়র্ক অধিবাসী প্রতারণার শিকআর হয়েছেন, সিটি পর্যায়ে এর হারও ১৬%, - ৪০% নিউইয়র্কার চোখের সামনে অপরাধ ঘটতে দেখে। এবং বলেছেন, কমিউনিটির এটাই সবচেয়ে বড় আতঙ্কের বিষয়।

চিত্রে নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের বনভোজন-২০২৩

























চিত্রে নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের বনভোজন-২০২৩

























চিত্রে নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের বনভোজন-২০২৩













SYLHET MOTORS
Getting Approved is EASY
BAD CREDIT ?
NO CREDIT ?
No Problem...
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
QUALITY PRE-OWNED VEHICLES
YOU WORK
YOU DRIVE
Address: 161-05 Hillside Avenue, Jamaica, NY 11432
Phone: 718-523-3044, www.sylhetmotors.com

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব'র
বনভোজনে অংশ নিতে পেরে আমরা গর্বিত



আশা হোম কেয়ারের সৌজন্যে প্রথম পুরস্কার ঢাকা – নিউইয়র্ক – ঢাকা বিমান টিকেট। বিজয়ী শাহান ইসলামকে পুরস্কার দিচ্ছেন আশা হোম কেয়ারের সিইও ইঞ্জিনিয়ার আকাশ রহমান, চেয়ারম্যান আশা রহমান, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি আবু তাহের, সেক্রেটারি মনোয়ারুল ইসলাম, কার্যকরী সদস্য ফরিদ আলম ও কমিউনিটি নেতা মাকসুদ এইচ চৌধুরী



Aasha Home Care
Aasha Social Adult Day Care
কমিউনিটির পাশে সবসময়
646-744-5934
cdpap@aashahomecare.com

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এ্যালামনাই এসোসিয়েশন অব ইউ,এস,এ ইনক-এর আয়োজনে বার্ষিক বনভোজন-২০২৩

স্থানঃ
George's Island Park, Pavillion-1,
Dutch St , Montrose, NY 10562
তারিখঃ ২৯ শে জুলাই, শনিবার, ২০২৩

সুধী,
আসছে আগামী ২৯শে জুলাই,শনিবার BAU এ্যালামনাই এসোসিয়েশন অব ইউ,এস,এ ইনক এর উদ্যেগে বার্ষিক বন ভোজন এর আয়োজন করা হইয়াছে।
উক্ত বনভোজনে প্রবাসে বসবাসরত সকল কৃষিবিদ দল মত নির্বিশেষে সাদরে আমন্ত্রিত।

আমন্ত্রণে–

প্রধান সমন্বয়ক ঃ কৃষিবিদ মোঃ হাফিজুর রহমান 646-667-6641
আহবায়ক ঃ কৃষিবিদ ফারুক আহমেদ 646-541-3753
যুগ্ম আহবায়ক ঃ কৃষিবিদ মোঃ মশিউর রহমান (জুনিয়র) 347-756-9587
সদস্য সচিব ঃ কৃষিবিদ দিলারা আফরোজ লিপি 646-515-2468
সভাপতি ঃ কৃষিবিদ কাজী গোলাম মোস্তফা, ফোনঃ 917-460-5996
সাধারণ সম্পাদক ঃ কৃষিবিদঃ মশিউর রহমান (সিনিয়র), ফোনঃ 347-444-3330

বিস্তারিত তথ্য ঃ- শওকত আনোয়ার, ফোন- ৩৪৭-৬০৫-৭২০৭, গনেশ বিশ্বাস, ৯২৯-৪৭১-৯৭২২, রাজেশ শর্মা, ফোন- ৩৪৭-৫১৩-৩৮৮০, স্বপন কুমার বিশ্বাস- ৭১৮-২০০-৪৩৬৫, আজিত কুমার সরকার- ৩৪৭-৪২০-৫০২৪, ডঃ মামুন- ৩৪৭-৭৯৮-৩৩৪৫, দেলোয়ার খান মাসুদ- ৬৩১-২১৪-৬৬২৭, এ,এস,এম ইমদাদুল ইসলাম- ৭১৮-৫৯৮-৩৪৭৫, আহসনুল কবির মিয়া- ৯১৭-৬০৯-৫০৬১, বাবুল সরকার- ৮৬০-৮১৬-৩৭৭৬, ডঃ আব্দুল হালিম- ৭১৮-২৮৮-৪৪২৮, শহীদুজ্জামান-৬৪৬-২৬৭-৬২৪৬, ডঃ বিশ্বনাথ মিত্র- ৬০৫-৭৪৩-৪৪৩৫, সুবাস চন্দ্র মন্ডল-৬৪৬-৪০৯-৫০৬৬, মলয় বিশ্বাস- ৩৪৭-৬১২-৬৯৯৩।

প্রচার সম্পাদকঃ কৃষিবিদ বোরহান খান ডালিম

চাঁদার হারঃ

একক ৫০ ডলার, দুইজন ১০০ ডলার, ফ্যামিলি ১৪০ ডলার
(Up to 4 Member) Any Additional Member $30 Each.









জাপা যুক্তরাষ্ট্র শাখার উদ্যোগে হুসেইন মোহাম্মদ এরশাদের মৃত্যুবার্ষিকী পালন

(শেষের পাতার পর)

চেয়ারম্যান বাংলাদেশের সফল রাষ্ট্রপতি পল্লীবন্ধু হুসেইন মুহাম্মদ এরশাদের চতুর্থ মৃত্যুবার্ষিকী নিউইয়র্ক জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখা যথাযত সম্মানের সহিত পালন করেন, যাহা যথার্থ ভাবে দোয়া ও মিলাদ মাহফিলের মাধ্যমে পালিত হয়। উক্ত দোয়া ও মিলাদ মাহফিলে সংগঠনের সভাপতি বীর মুক্তিযোদ্ধা হাজী আব্দুর রহমানের সভাপতিত্বে সাধারন সম্পাদক আবু তালেব চৌধুরী চান্দুর পরিচালনায়, আরো বক্তব্য রাখেন জাপার উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা গিয়াস মজুমদার, জাপার সিনিয়ার সহ সভাপতি জসিম চৌধুরী, জাপার সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট হারিস উদ্দিন আহমেদ। মহিলা সম্পাদক জেসমিন আক্তার চৌধুরী, প্রচার সম্পাদক মীর জাকির, যুব বিষয়ক সম্পাদক শফি আলম, দপ্তর সম্পাদক আবদুল মোতালেব, এস্টোরিয়া সোসাইটি সভাপতি আবুল বাশার মিলন, উপদেষ্টা আজাহারুল হক খোকা, সাধারন সম্পাদক ফেরদৌস আহমেদ, সহ সভাপতি মনিরুল ইসলাম ও জিন্না আলম, মোহাম্মদ আলম, আবুল খায়ের, আবুল কাশেম চৌধুরী। পল্লীবন্ধু হুসেইন মুহাম্মদ এরশাদ সাহেবের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও মিলাদ শরীফ পরিচালনা করেন নি-উইয়র্ক স্টেটের জাতীয় পার্টির সভাপতি এডভোকেট মোহাম্মদ হানিফ। উপস্থিত সকলে প্রান প্রিয় নেতার জীবনী নিয়ে বিস্তারিত ভাবে আলোচনা করেন। এবং পল্লীবন্ধু হুসেইন মুহাম্মদ এরশাদের চতুর্থ মৃত্যুবার্ষিকীতে সকলে গভীর শ্রদ্ধাঞ্জলি জানান। এরশাদ সাহেব আমাদেরকে রেখে চীরদিনের জন্য চলে গেছেন, শুধু রেখে গেছেন তার আদর্শ, স্মৃতি, বেদনা, ও ভালোবাসা। আমরা নেতার সেই আদর্শ বুকে ধারন করে বাংলাদেশের মানুষের জন্য কাজ করে যাব ইনশাআল্লাহ, আমাদের নেতা বাংলাদেশের গরীব মেহনতী মানুষের ভাগ্য পরিবর্তনের জন্য জাতীয় পার্টি গঠন করেছিলেন। আজ তিনি নেই তবে তাহার জন্য এখনো বাংলার মানুষ কাদেঁ, তাহার শুন্যতা আজ বাংলাদেশের মানুষ অনুভব করিতে পারিতেছে। বাংলাদেশের মানুষ আজ দুই নেত্রীর প্রতি আস্তা হরিয়ে ফেলেছে। এরশাদ সাহেবই একমাত্র বাংলাদেশের উন্নয়নের কারিগর ছিলেন। তাহার প্রতিটি মাষ্টার প্লান নিয়েই আজ দেশে বর্তমান সরকার উন্নয়ন কাজ করিতেছে, পল্লীবন্ধু হুসেইন মুহাম্মদ এরশাদ দেশে ৪৬৪ টি জেলায় কালভার্ট, কাচারাস্তা, পাকারাস্তা, স্কুল, কলেজ সরকারী করন সহ শিক্ষার পরিবেশ সুন্দর করে ফিরিয়ে আনার জন্য বিশেষ ভাবে নিজের জীবন বাজী রেখে কাজ করে গেছেন। আজ পল্লীবন্ধু হুসেইন মুহাম্মদ এরশাদ বেচে থাকলে বাংলাদেশের আঠারো কোটি মানুষের সুখ দুখের সাথী হতেন। দেশ সুন্দর ভাবে পরিচালনা সহ, দেশের মানুষের জন্য নিরলস ভাবে কাজ করে যেতেন। পরিশেষে, অনুষ্ঠনে উপস্থিত সকল প্রবাসী ভাই বোনদের প্রতি পল্লীবন্ধু হুসেইন মুহাম্মদ এরশাদের জন্য দোয়া প্রর্থনা করেন।

এরদোয়ানকে হঠাৎ বাইডেনের ফোন

(প্রথম পাতার পর)

সুইডেনকে পশ্চিমা সামরিক জোট ন্যাটোর সদস্য হিসেবে দেখতে চান।রোববার (৯ জুলাই) হোয়াইট হাউসের পক্ষ থেকে এক বিবৃতিতে ফোনালাপের বিষয়টি জানানো হয়েছে। বুমবার্গের প্রতিবেদনে বলা হয়েছে, সুইডেনের ন্যাটোর সদস্য হওয়ার বিষয়টি আটকে রেখেছে তুরস্ক ও হাঙ্গেরি। ন্যাটোর নিয়মানুযায়ী, নতুন সদস্য যুক্ত করতে হলে আগের সব সদস্যদেশের সম্মতির প্রয়োজন হয়। এ পরিস্থিতিতে সামরিক জোটটির শীর্ষ সম্মেলনের প্রাক্কালে এরদোয়ানের সঙ্গে টেলিফোনে কথা বলেন বাইডেন। এদিকে তুরস্কের প্রেসিডেন্টের কার্যালয়ের যোগাযোগ পরিদফতরের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, সন্ত্রাসবিরোধী আইনের মধ্য দিয়ে তুরস্কের চাওয়া পূরণে উদ্যোগ নিয়েছে স্টকহোম। কিন্তু সুইডেনে এখনও কুর্দিস্তান ওয়ার্কার্স পার্টির (পিকেকে) সমর্থকরা বিক্ষোভ করছেন। এ কারণে স্কটহোমের এসব উদ্যোগ ফলপ্রসূ হচ্ছে না। ফোনালাপে বিষয়টি বাইডেনকে জানিয়েছেন প্রেসিডেন্ট এরদোয়ান। লিথুনিয়ার ভিলনিয়াসে মঙ্গলবার (১১ জুলাই) বসতে যাচ্ছে ন্যাটোর শীর্ষ সম্মেলন। এ সময় সেখানে মুখোমুখি বৈঠকের মাধ্যমে দ্বিপক্ষীয় সম্পর্ক ও আঞ্চলিক বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করার ব্যাপারে সম্মত হয়েছেন বাইডেন ও এরদোয়ান। সোমবার (১০ জুলাই) এরদোয়ান ও সুইডিশ প্রধানমন্ত্রী উলফ ক্রিস্টারসনের মধ্যে আলোচনা হবে। ক্রিস্টারসন সুইডেনের মার্কিন নেতৃত্বাধীন প্রতিরক্ষা সংস্থার ৩২তম সদস্য হওয়ার বিষয়ে তুরস্কের আপত্তি তুলে নিতে এরদোয়ানকে রাজি করাবেন বলে আশাবাদী।

ধোঁয়া-বৃষ্টি-ঝড়-জলোচ্ছ্বাস-গরমে নাভিঃশ্বাস নিউইয়র্কে

(প্রথম পাতার পর)

সৃষ্টি হয় বন্যা। যাতে সড়ক ক্ষতিগ্রস্ত হয়। ক্ষতির মুখে পড়ে ঘরবাড়িগুলোও। এছাড়া ট্রেন যোগাযোগেও তৈরি হয় অচলাবস্থা। আবহাওয়া অতি দ্রুততায় রূপ পাল্টাচ্ছে যার সাথে খাপ খাইয়ে বদলানো সম্ভব হচ্ছে না নিউইয়র্কের অবকাঠামো, সিবিএস নিউজকে এমনটাই বলছিলেন নিউইযর্কের চিফ ক্লাইমেট অফিসার রোহিত আগরওয়ালা।তীব্র গরম ও একই সঙ্গে হিউমিডিটি বেড়ে যাওয়ায় নিউইয়র্ক সিটি কয়েক সপ্তাহ ধরেই এমন ঝর-ঝঞ্ঝা, ভারী বৃষ্টি আর তার পাশাপাশি বিষাক্ত বাতাস চলতে থাকবে।শনিবারের গরমের মাত্রা সর্বোচ্চ ৮৬ ডিগ্রি আর সর্বনিম্ন ৭৫ ডিগ্রিতে ওঠানামা করেছে। বিকেলে ঝড়োবৃষ্টি দেখেছে নগরবাসী। এমন অবস্থা রবি-সোমবার হয়ে মঙ্গলবার অবধি চলবে। রবিবার তাপমাত্রার ৮২ ডিগ্রি, সোমবার ৮৯ ডিগ্রি ও মঙ্গলবার ৮৭ ডিগ্রি পর্যন্ত উঠবে। বাতাসে আর্দ্রতার মাত্রা বেশি থাকবে আর ঝড়-বজ্রবৃষ্টির পাশাপাশি বন্যাও হবে।

চিরতরে লাইসেন্স খোয়ালেন মার্কিন চিকিৎসক

(প্রথম পাতার পর)

ক্যাথারিন রোক্সানে গ্রাউ (ডা. রোক্সি)। দ্য স্টেট মেডিকেল বোর্ড অব ওহিও'র ভোটাভুটিতে রোক্সির নিবন্ধন স্থায়ীভাবে বাতিল করার সিদ্ধান্ত নেওয়া হয়। সাথে নিয়ম-নীতি মেনে না চলায় তাকে সাড়ে চার হাজার ডলার জরিমানা করা হয়েছে। শুনানিতে বোর্ডের ডাক্তাররা বলেছেন, রোক্সি রোগির ব্যক্তিগত গোপনী-য়তার বিষয়টি রক্ষা করতে পারেননি।দ্য স্টেট মেডিকেল বোর্ড অব ওহিওর ভাইস প্রেসিডেন্ট জোনাথন বি. ফেইবেল বলেছেন, তার নিবন্ধন বাতিল করা হয়েছে কারণ সে জীবনের জন্য ঝুঁকিপূর্ণ ও বেপরোয়াভাবে রোগিকে চিকিৎসা প্রদান করেছে। মেডিকেল বোর্ড মনে করছে, তিনি রোগির মানসম্মত যত্ন নিতে ব্যর্থ হয়েছেন টিকটক করতে গিয়ে। ২০২২ সালের নভেম্বরে তার লাইসেন্স সাময়িক স্থগিত করেছিল বোর্ড। বোর্ড সদস্যরা আরো বলেছেন, প্রকৃতপক্ষে রোগির দিকে মনোযোগ দেয়ার চেয়ে ডা. রোক্সি বেশি মনোযোগ দিয়েছিলেন টিকটকে। এতে জীবন ঝুঁকিতে ফেলার মতো মতো বড় ভুল হতে পারে। তার ভিডিওতে দেখা যায়, সরাসরি ক্যামেরার দিকে তাকিয়ে কথা বলছেন ডা. রোক্সি। নি-উইয়র্ক টাইমসের প্রতিবেদনে বলা হয়েছে, রোক্সি সরাসরি অপারেশন দেখানোর সময় তিনি তার অনুসারীদের প্রশ্নের জবাবও দিচ্ছিলেন। অথচ টেবিলে অপারেশনের রোগি। মেডিকেল বোর্ডের নোটিশে বলা হয়েছে, কমপক্ষে ৮ লাখ অনুসারী আছে ডা. রোক্সির। তিনি যখন একজন রোগির কসমেটিক সার্জারি করছিলেন, তখন তার বিষয়ে বেশ যত্ন নিতে হয়। কিন্তু তিনি ওই রোগির অপারেশন করতে গিয়ে তার ক্ষুদ্রান্ত্র ছিদ্র করে ফেলেন। ওই রোগির পেটে এর ফলে ব্যাকটেরিয়াল সংক্রমণ দেখা দেয়। তার রক্তে প্রচুর পরিমাণে টক্সিন দেয়ার ফলে ব্রেন ঠিকমতো কাজ করছে না। এ জন্য তার লাইসেন্স বাতিল করা হয়েছে।

ভোটের তোপে উড়ে গেলো মেয়র এরিক অ্যাডামসের ভেটো

(প্রথম পাতার পর)

স্পিকার এড্রিন অ্যাডামস বলেন, বাস্তবতা হচ্ছে আমরা মেয়রের ভেটোকে রীতিমতো উড়িয়ে দিয়েছি। আর আমাদের আনা বিল মানুষের হোমলেস সেন্টারে যাওয়ার প্রয়োজনীয়তাই এক সময় কমিয়ে দেবে। মেয়র পদে অ্যাডামসের দুই বছর পুরো হয়নি। এই সময়ে মেয়র কাউন্সিলের সঙ্গে বিভিন্ন বিষয়ে দ্বিমত করে আসছে। যার মধ্যে অভিবাসন সঙ্কট, বাতাসের মান নিয়ে জরুরি অবস্থায় সিটির করণীয় এবং সাম্প্রতিক বাজেট নিয়ে মতদ্বৈততা অন্যতম। সবশেষ যে বিষয়ে মেয়র হারলেন তা ছিলো নগরের মানুষের সক্ষমতার মধ্যে আবাসন সু-বিধা না থাকায় সিটির পক্ষ থেকে ভাড়ায় ভর্তুকি দেওয়ার জন্য আনা প্রস্তাবে তার ভেটো প্রদান। কাউন্সিল সদস্যদের মত নিম্ন আয়ের মানুষের মধ্যে আরও সহায়তা সেবা বাড়ানো। বিশেষ করে বাড়ি ভাড়া যখন অব্যহত গতিতে বাড়ছে তখন মানুষগুলো যাতে গৃহহীন হয়ে না পড়ে সে জন্য এই সুবিধা বাড়ানো জরুরি। কাউন্সিল এমন এক সময় এই প্রস্তাব আনে যখন নগরের গৃহহীন মানুষের সংখ্যা অতীতের সকল রেকর্ড ছাড়িয়ে গেছে। আর সেই প্রস্তাবেই মেয়রের আপত্যি। তার যুক্তি এতে বাড়তি অর্থ প্রয়োজন হবে। সিটি বাজেট কর্মকর্তারা এই খবচ ১৭ বিলিয়ন ডলার বলেই একটি হিসাব কষেছে। তবে কাউন্সিল বলছে, এতে ১১ বিলিয়ন ডলারের বেশি খরচ হবে না।

পাত্র খুঁজে দিতে আমেরিকান আইনজীবীর

(প্রথম পাতার পর)

দিয়েছে নিউ ইয়র্ক পোস্ট। ঈভ টিলি-কুলসনের বসবাস যুক্তরাষ্ট্রের লস অ্যানজেলেসে। সেখানে বন্ধুবান্ধবের সহ-য়তা নিয়েছেন।কিন্তু পছন্দের পুরুষ কেউই খুঁজে দিতে পারছেন না। তাই তিনি নিউ ইয়র্ক পোস্টকে বলেছেন-কয়েকদিন আগে আমার বন্ধুদের বলেছি, যদি তারা কেউ আমাকে একজন 'স্বামী' খুঁজে দিতে পারেন তাহলে তাদেরকে ৫০০০ ডলার পুরস্কার দেবো। টিকটকে আছে তার এক লাখ এক হাজার ভক্ত। জুনে তাদের কাছেও তিনি আপিল করেছেন। বলেছেন, তোমরা আমাকে একজন পুরুষকে খুঁজে দাও। তাকে আমি বিয়ে করবো। এমন পুরুষ খুঁজে দিলে তোমাদেরকে ৫০০০ ডলার পুরস্কার দেবো। তবে এখনও কোনো ইতিবাচক জবাব পাননি তিনি। বলেছেন, এখনও পর্যন্ত কারো সঙ্গে অন্ত রঙ্গ ডেটিংয়ে যেতে পারিনি। সবাই আমাকে সাহায্য করার চেষ্টা করছেন। ঈভ টিলি-কুলসন বলেন, ৫ বছর ধরে আমি সিঙ্গেল। ব্যক্তিগতভাবে লোকজনের সঙ্গে দেখাসাক্ষাৎ হচ্ছে। অ্যাপসেও জানাশোনা হচ্ছে। কিন্তু করোনা সংক্রমণের সময় থেকে ডেটিং সংস্কৃতিতে উদ্ভট এক রীতি চালু হয়েছে। কোনো পুরুষ ব্যক্তিগতভাবে সাক্ষাৎ করতে চায় না। আবার অ্যাপসে যেসব পুরুষ আসেন, তারা ডেটিংয়ের বিষয়ে সিরিয়াস না। পুরস্কারের ক্ষেত্রে ঈভ টিলি-কুলসন যে শর্ত দিয়েছেন তা হলো পছন্দের পুরুষের সঙ্গে তার বিয়ে সম্পন্ন হলে, বিয়ের সনদে স্বাক্ষর হলে, তবেই ওই অর্থ দেবেন। তার পাণিপ্রার্থী কেমন হবে সে বিষয়েও বর্ণনা দিয়েছেন। বলেছেন, তার বয়স হতে হবে ২৭ থেকে ৪০ বছরের মধ্যে। উচ্চতা হতে হবে ৫ ফুট ১১ ইঞ্চি বা তারও বেশি। তার থাকতে হবে স্পোর্টস, পশুপাখি এবং শিশুদের প্রতি প্রবল আগ্রহ। এখন পর্যন্ত তিনি যেসব পুরুষের সঙ্গে ডেটিং করেছেন তারা তার উচ্চতা নিয়ে সন্তুষ্ট নন। কারণ, তারা তাকে হিল পরতে বারণ করেন। হিল পরলে ঈভ টিলি-কুলসনের উচ্চতা অনেক বেশি হয়ে যায়। তিনি এমনিতেই ৫ ফুট ১১ ইঞ্চি উঁচু। এর ওপর হিল পরলে সংশিষ্ট পুরুষের চেয়ে তাকে অনেক বেশি উঁচু দেখায়। তাই তাকে হিল না পরতে উৎসাহিত করেন ওইসব পুরুষ। এতে সন্তুষ্ট হতে পারেননি ঈভ টিলি-কুলসন। অনেক দূরত্বের কোনো পুরুষ পছন্দ হলে তাকেও তিনি বিয়ে করতে রাজি। বলেন, একজন পারফেক্ট পুরষকে একটি পারফেক্ট বিয়ের দিনে বিয়ে করতে চাই। সেদিন সে আমার ভাইয়ের সঙ্গে ছবি তুলতে পারে। দাদিমার সঙ্গে নাচতে পারে। ঘরে কিভাবে কাজ করতে হবে তা সে জানে। তারপর আমাকে টেককেয়ার করতে হবে। এক কথায় তাকে হতে হবে সবকাজে পারদর্শী।

ভ্যাপিং: ই-সিগারেটের ধোঁয়ায় ঝুকিতে যুক্তরাষ্ট্রের পরিবেশ

(প্রথম পাতার পর)

রিসার্চ ইন্টরেস্ট গ্রুপ-এর প্রতিবেদন বলছে, দেশে ই-সিগারেটের ব্যবহার বাড়ার সাথে সাথে এর কারণে পরিবেশ দুষণও বাড়ছে। গবেষকরা বলছেন, ভ্যাপিংয়ের জন্য ব্যবহৃত উপকরণ বায়োডেবল নয়, এতে মারাত্মক ক্ষতিকর প্যাস্টিক, কেমিক্যালস ও ইথিয়াম আয়ন রয়েছে, যা প্রকৃতির সাথে মিশে যেতে যেমন পারেনা তেমনি সেগুলো রি-সাইকেল করাও সম্ভব নয়। প্রতিবেদনটি এমন এক সময় এলো যখন, গত জুনে এফডিএর পক্ষ থেকে সেভেন-ইলেভেন, ব্রিটিশ পেট্রোলিয়াসহ ২০০টি কোম্পানির বিরুদ্ধে ডিজপোজ্যাবল ই-সিগারেট বিক্রির কারণে সতর্কতা নোটিশ পাঠায়। সিগারেটের গোড়া আমাদের সমুদ্র সৈকতগুলোতে ফেলে রাখা হচ্ছে, সেটা দেখার কেউ নেই। আর সিগারেটের এই অবশিষ্ট অংশ যে কখনোই নষ্ট হয় না বা পচে গলে যায় না, সেটা নিয়ে ভাবারও কেউ নেই, বলছেন পাবলিব ইন্টরেস্ট রিচার্চ কপের্ প্রধান লুকাস। মঙ্গলবার ম্যানহ-াটানের আপর ওয়েস্ট সাইডে পিএস ১৯৯ এর বাইরে সাংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলছিলেন গাটারম্যান। তিনি বলেন, ই-সিগারেটে ক্ষতিকর প্যাস্টিক, ইলেক্ট্রনিকস ও কেমিক্যালস থাকে। এছাড়া থাকে লিয়ায়াম-আয়ন ব্যাটরি যা রি-সাইকেল করা যায় না। তাদের কাছে অর্থ আয় টাই মুখ্য, পরিবেশের কথা কে ভাববে? প্রশ্ন অ্যাসেম্বলি ওম্যান লিন্ডা রোসেনথাল। মঙ্গলবারের ওই কর্মসূচিতে তিনিও উপস্থিত ছিলেন। কোনো কোনো ক্ষেত্রে সাধারণ সিগারেটের চেয়েও ক্ষতিকর এই ই-সিগারেট। বিশেষ করে শিশুদের জন্য এটা ভীষণ ক্ষতিকর। অবশ্য নিউইয়র্ক সিটি এরই মধ্যে এই ধরনের সিগারেটের প্রস্তুককারক ও চালানকারদের বিরুদ্ধে ধর-পাকড় শুরু করেছে। এছাড়া যারা অনলাইনে ই-সিগারেট বিক্রি করছে তাদেরও ধরা হচ্ছে। তবে ছোট ছোট স্মোক শপ, বোডগ্যাজ ও অন্যান্য স্টোরে অবাধে বিক্রি হচ্ছে এই ভ্যাপিং। যার একটা বড় ক্রেতা কিশোর-কিশোরীরা।

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

সীমান্তের বাইরেও জটিল চীন-ভারত সম্পর্ক

॥ ড. গোলাম আলী ॥

গত এক দশকে চীন-ভারত সীমান্তে উত্তেজনা এতটাই বেড়েছে যে, তা ১৯৬২ সালে সীমান্ত যুদ্ধের পর গত পাঁচ দশকে যে সংঘর্ষ ঘটেছে, তাকেও ছাড়িয়ে গেছে। এসব উত্তেজনা ১৯৯৩, ১৯৯৬ ও ২০০৫ সালে দুই দেশের চুক্তির মাধ্যমে উভয় পক্ষের মধ্যে যে স্থিতিশীলতা এনেছিল, তা ভেঙে দিয়েছে। সীমান্ত বিরোধ, উভয় দেশে জাতীয়তাবাদী নেতার উত্থান এবং আন্তর্জাতিক রাজনীতির প্রভাব– এসবই উত্তেজনা বাড়াতে ভূমিকা রেখেছে। অতীতে এই তিনটি বিষয়ের যোগ একসঙ্গে দেখা যায়নি। সাম্প্রতিক সময়ে এগুলোর সংযোগ ঘটেছে বলেই সংকট আরও ত্বরান্বিত হয়েছে।

চীন-ভারতের মধ্যে বিশ্বের সবচেয়ে বড় সীমান্ত বিদ্যমান। চীনে ২০১২ সালে ক্ষমতা গ্রহণ করেন শি জিনপিং এবং ২০১৪ সালে ভারতে প্রধানমন্ত্রী নির্বাচিত হন নরেন্দ্র মোদি। প্রভাবশালী উভয় নেতাই শক্তিশালী ক্ষমতার ওপর ভিত্তি করে তাদের শাসন শুরু করেন। শুরু থেকে শি জিনপিং মূল তিনটি গুরুত্বপূর্ণ পদে রয়েছেন– চীনা কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক, সেন্ট্রাল মিলিটারি কমিশনের চেয়ারম্যান এবং চীনের প্রেসিডেন্ট। অন্যদিকে ভারতীয় জনতা পার্টির (বিজেপি) নেতৃত্বে থাকা নরেন্দ্র মোদি ২০১৪ সালের নির্বাচনে ভূমিধস বিজয়ের পর ২০১৯ সালের নির্বাচনে আরও বেশি আসন লাভ করেন। চীন এবং ভারত সমান্তরালভাবে বৈশ্বিক মর্যাদা রক্ষার প্রতিদ্বন্দ্বিতায় লিপ্ত। ক্ষমতাধর হয়ে ওঠা চীনকে টেক্কা দিতে ভারতের চেয়ে ভালো অবস্থানে অন্য কোনো দেশ নেই। জনসংখ্যা, বাজার, সামরিক সংস্থা এবং অর্থনৈতিক দিক থেকে চীনের সঙ্গে এক ধরনের সমতা বজায় রেখে চলছে ভারত। ভারত ৭ হাজার ৫১৬ কিলোমিটার দীর্ঘ উপকূল রেখা ও রণতরী সজ্জিত বড় নৌবাহিনীর মাধ্যমে ভারত মহাসাগরে তার শক্তিশালী প্রভাব বজায় রেখেছে। এটি মালাক্কা প্রণালির কাছে আন্দামান ও নিকোবর দীপপুঞ্জকে কৌশলগত সামুদ্রিক কেন্দ্র হিসেবে গড়ে তুলছে।

ভারত মহাসাগর-সংশ্লিষ্ট অন্যান্য দেশের সঙ্গে ভারত শক্তিশালী সম্পর্ক বজায় রাখছে। পূর্ব আফ্রিকার দেশ জিবুতিতে ফ্রান্স ও জাপানের যে ঘাঁটি, সেখানেও ভারতের প্রবেশাধিকার রয়েছে। ভারতের এই সক্ষমতা চীনের জন্য গুরুতর চ্যালেঞ্জ তৈরি করেছে। কারণ চীনও ভারত মহাসাগরের ওপর নির্ভরশীল। ভারত কোয়াড সদস্যদের এ অঞ্চলে চীনের প্রভাব বেড়ে যাওয়ায় ভারত তার কোয়াড সদস্যদের নিয়ে পরিকল্পনা করছে। ভারত তার তিনটি কোয়াড অংশীদারকে অন্তর্ভুক্ত করতে মালাবার নৌ অনুশীলনের পরিধি প্রসারিত করেছে।

প্রতিবেশী দেশের মধ্যে ভূমিগত বিরোধে সংঘর্ষ তৈরি হওয়া একটি স্বাভাবিক প্রবণতা। এ সত্ত্বেও সত্তরের দশকের শেষ দিক থেকে ২০১০ সালের প্রথম দিক পর্যন্ত চীন ও ভারত এক ধরনের স্থিতিশীলতা বজায় রেখেছিল। কারণ, উভয় দেশের নেতৃত্ব প্রাথমিকভাবে তাদের অভ্যন্তরীণ বিষয় ও অর্থনৈতিক উন্নয়নের মধ্যে সীমাবদ্ধ ছিল। তারা সতর্ক বৈদেশিক নীতি গ্রহণ করেছিল এবং সীমান্তে উত্তেজনার সময় সংযম প্রদর্শন করেছিল। উভয় দেশে শক্তিশালী নেতার আবির্ভাব এবং আন্তর্জাতিক রাজনৈতিক পরিবেশের পরিবর্তনের কারণে তাদে মধ্যে সংঘর্ষের পথ প্রশস্ত হয়েছে। যেটি আগেই বলেছি, এই ফ্যাক্টরগুলো এক হয়ে পরস্পরকে শক্তিশালী এবং সংঘাতের পরিবেশ তৈরি করে।

এ ক্ষেত্রে তিন বছর আগের গালওয়ান উপত্যকার সংঘর্ষ চীন-ভারত সম্পর্কে নিঃসন্দেহে একটি টার্নিং পয়েন্ট। যে কারণে এখনও উভয় দেশ গালওয়ান সংঘর্ষ-পূর্ববর্তী অবস্থায় নিজেদের সম্পর্ক উন্নীত করতে পারেনি। ২০১৯ সাল থেকে শি জিনপিং ও নরেন্দ্র মোদির মধ্যে এখনও কোনো দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়নি। অধিকন্তু অস্ত্র ছাড়া টহল বিষয়ে তাদের মধ্যে মতৈক্য হয়নি; অমীমাংসিত সীমান্তে সামরিক সরঞ্জামের দ্রুত উপস্থিতি; উভয় দেশের সামরিক ব্যবস্থার আধুনিকীকরণ; উভয়ের মধ্যকার বিশ্বাসে ঘাটতি এবং কোয়াডের ক্রমবর্ধমান তৎপরতা– এসব বিষয় মিলে উভয় দেশের সীমান্তকেন্দ্রিক বিরোধ সামনে রাখায় চীন-ভারত সম্পর্ক এক জটিল রূপ ধারণ করেছে।

এ ক্ষেত্রে আশার ঝলক দেখা যাচ্ছে না। দুই দেশের উভয় নেতার অবস্থান পরিবর্তনের কোনো লক্ষণ স্পষ্ট নয়। শি ইতোমধ্যে তৃতীয় মেয়াদে দায়িত্ব পালন করছেন। মোদি ২০২৪ সালের নির্বাচনের মাধ্যমে আশা করছেন, আবারও নির্বাচিত হবেন। এমনটা হলে দুই দেশের সম্পর্কের পরিবর্তন ঘটবে বলে মনে হয় না। এর মধ্যে আন্তর্জাতিক রাজনীতির প্রভাবও খেয়াল রাখতে হবে। অধিকাংশ পশ্চিমা দেশ চীনের উত্থানে ভীত। সে জন্য ভারত তাদের পছন্দের মিত্র এবং এটি অব্যাহত থাকবে।

চীন-ভারত দ্বন্দ্ব সীমান্ত সমস্যার বাইরেও বিস্তৃত। এমনকি সীমান্ত সমস্যার সমাধান হলেও হয়তো উত্তেজনা কিছুটা কমবে, কিন্তু সংকট সম্পূর্ণভাবে দূর হবে না। সীমান্তের বাইরে অন্য বিষয়গুলো তখন সামনে আসবে, যা দ্বিপক্ষীয় সম্পর্কে প্রভাব ফেলবে। মনে রাখতে হবে, চীন-ভারত সম্পর্কের গতি-প্রকৃতি এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় রাজনীতিতে ব্যাপক প্রভাব ফেলবে।

লেখক: চীনের একটি বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক; দ্য ডিপ্লোম্যাট থেকে সংক্ষেপিত ভাষান্তর মাহফুজুর রহমান মানিক

AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: popultaxservices@gmail.com
Personal Income Tax Preparation for all industries:
■ All types of W2 & 1099 Income Tax Filing
■ Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
■ Homeowners & Stock Market Trader Tax Filing
We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
tax refund
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
OPEN 7 DAYS
Road Lesson Local & Highway
5 Hours Class Certificate (Zoom Class)
Road Test Appointment
Car for Road Test
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
6 Hours DDC Class
Good For TLC
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)
❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া
যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
MIRZA M ZAMAN
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

COMPUTER IT TRAINING
& JOB PLACEMENT
MyTechUSA
"YOUR DREAM BECOME TRUE"
Why "MyTechUSA"
- We "MyTechUSA" Company is taking our community members IT career dream on our Shoulder to make it real!
- After Job Placement we provide continuous support to our students while they are on the Job!
- Our courses are very much affordable! We Pay $500 referral bonus.
- We don't leave our students alone OR leave them behind from the beginning till the end of the course!

DATABASE → ADMINISTRATION
→ ENGINEERING
Microsoft
SQL Server
ORACLE
Azure
mongoDB.
NoSQL
Please Contact:
Zia Uddin Ahamed
CEO & President
Phone: 347-597-0885
571-208-5450
813-767-4600
E-mail: ziaahamed@ymail.com

Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com

PEOPLE TECH
DevOps
Scrum Master
& Product Owner
(100% Scholarship for Training & Job Placement, Condition applied)
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing (QA) Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us

VIVID MORTGAGES® INC.

Crystal Clear Loans®

আপনার স্বপ্নের বাড়ি



ট্যাক্স রিটার্ন ছাড়াই
১ বছর ট্যাক্স রিটার্ন
তুলনামূলক সুদের হার
সর্বনিম্ন ৩.৫% ডাউন পেমেন্ট

আমরা ইসলামিক লোন করি

বিনামূল্যে পরামর্শ ও প্রি-এপ্রুভালের জন্য যোগাযোগ করুন
হোপ সেকিজি **NMLS# 244341**

Phone: 718-831-2800, Fax: 718-831-2100, Toll Free 800-880-8557

hope@vividmortgages.com
www.vividmortgages.com

VIVIDMORTGAGES

YOUR DREAM HOUSE



No Tax Returns
1 Year Tax Return
Copmpetitive Interest Rates
Down Payment
as low 3.5%

For Free consultation & Pre-Approval

Hope Sekezi : NMLS # 244341

Phone: 718-831-2800, Fax: 718-831-2100, Toll Free 800-880-8557

hope@vividmortgages.com www.vividmortgages.com

211-35 Jamaica Ave. Queens Village, NY 11428

REGISTERED MORTGAGE BROKER NYS DEPARTMENT OF FINANCES SERVICES NMLS # 1279925
ALL LOANS APPROVED THROUGH 3RD PARTY PROVIDERS

vividmortgages is registered Traders of vivid mortgage Inc All rights reserved

EQUAL HOUSING OPPORTUNITY

পিটিআই নিষিদ্ধ হলে নতুন দল গড়ে ক্ষমতায় যাব: ইমরান খান



ঢাকা ডেস্ক, ১৬ জুলাই : পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) চেয়ারম্যান ইমরান খান বলেছেন, তার দলকে নিষিদ্ধ ঘোষণা করা হলে আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে একটি নতুন রাজনৈতিক দল গঠন করবেন। ওই নির্বাচনে তিনিই বিজয়ী হবেন। জাপানের সংবাদমাধ্যম নিক্কেই এশিয়াকে দেওয়া সাক্ষাৎকারে এ কথা বলেছেন দেশটির সাবেক এ প্রধানমন্ত্রী।

গত ৯ মে আল কাদির ট্রাস্ট দুর্নীতি মামলায় হাজিরা দিতে এলে ইমরান খানকে গ্রেফতার করা হয়। প্রতিবাদে পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) কর্মী-সমর্থকরা সেনাবাহিনীর বিভিন্ন স্থাপনায় হামলা চালান। সহিংসতার ঘটনায় দলটির ১০ হাজারের বেশি কর্মী-সমর্থক গ্রেফতার হয়েছে পুলিশের অভিযানে। দলটির গুরুত্বপূর্ণ অনেক নেতা এখনো কারাগারে। সরকারের চাপের মুখে অনেকে ইমরানের দল ছেড়েছেন। ওই ঘটনার পর থেকে লাহোরের নিজ বাস-ভবন জামান পার্কে অনেকটা গৃহবন্দি অবস্থায় তিনি। সেনাবাহিনীর বিরুদ্ধে কথা বলে রাজনৈতিক ক্যারিয়ার হুমকির মুখে। তার সমর্থকদের জ্বালাও-পোড়াও কর্মসূচির কারণে নিষিদ্ধ হতে পারে দলটি। জাতীয় নির্বাচনের আগে দেশটিতে থমথমে পরিস্থিতি।

সম্প্রতি পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী রানা সানাউল্লাহ ইতোমধ্যে বলেছেন, ইমরানের দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফকে নিষিদ্ধ করাই এই সংকটের একমাত্র সমাধান।

এ বিষয়ে নিজের প্রতিক্রিয়ায় সংবাদমাধ্যমটিকে সাক্ষাৎকারে ইমরান বলেন, যদি পিটিআইকে নিষিদ্ধ করা হয়, তবে নতুন আরেকটি দল গঠন করা হবে। আসন্ন নির্বাচনে অংশ নিয়ে তাতে বিজয়ী হব।

তিনি আরও বলেন, সরকার যদি আমাকে অযোগ্য ঘোষণা করে জেলে পাঠায় তার পরও আমার দল জয়ী হবে। এর আগে প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ বলেছিলেন, দেশের সংকটময় পরিস্থিতি সৃষ্টির জন্য পিটিআই নিষিদ্ধ করার মতো পদক্ষেপ নেওয়ার কথা ভাবা হচ্ছে।



হঠাৎ অসুস্থ হয়ে হাসপাতালে নেতানিয়াহু

ঢাকা ডেস্ক, ১৬ জুলাই : ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু হঠাৎ হাসপাতালে ভর্তি হয়েছেন। তবে তার সর্বশেষ অবস্থা ভালো বলে জানিয়েছেন তিনি নিজেই। তীব্র গরমে পানিশূন্যতার কারণে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হন সবচেয়ে বেশি সময় ইসরাইল শাসন করা নেতানিয়াহু।

ইসরাইলি চ্যানেল টুয়েলভ ও বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, শনিবার তীব্র দাবদাহে তিনি অসুস্থ হয়ে পড়েন। এ কারণে সাপ্তাহিক মন্ত্রিসভার বৈঠক পিছিয়ে দেওয়া হয়েছে। যদিও নেতানিয়াহু বলেছেন, তিনি সুস্থ আছেন।

‡নতানিয়াহুর কার্যালয় থেকে জানানো হয়েছে, ৭৩ বছর বয়সি প্রধানমন্ত্রীকে সেবা হাসপাতালে ভর্তি করা হয়েছে। হাসপাতালটি তার বাড়ির কাছেই। তিনি সেখানে সারা রাত থাকবেন।

প্রতিবেদনে বলা হয়েছে, হাস-পাতাল থেকে দেওয়া এক ভিডিওবার্তায় নেতানিয়াহুকে হাস্যোজ্জ্বল দেখা গেছে। ওই ভিডিওতে নেতানিয়াহু বলেন, তিনি গত শুক্রবার গ্যালিল সাগরে অবকাশযাপনে গিয়েছিলেন। সেখানে তাপমাত্রা ছিল ৩৮ ডিগ্রি সেলসিয়াস। ওই সময়ই তিনি অসুস্থ হয়ে পড়েন।

‡নতানিয়াহু বলেন, সৃষ্টিকর্তাকে ধন্যবাদ। আমি ভালো বোধ করছি।

এ সময় সবাইকে কড়া রোদে বেশি সময় না থাকার পরামর্শ দেন ইসরাইলি প্রধানমন্ত্রী। সেই সঙ্গে সবাইকে বেশি বেশি পানি পান করতে বলেন তিনি।



সন্দ্বীপ গণউন্নয়ন পরিষদের বনভোজন



এই মিলনমেলায় অংশগ্রহণকারীরা আমার পরিবারের একাংশ মাত্র। আমার চেয়ে বয়োবৃদ্ধ কয়েকজনও এখানে রয়েছেন। দীর্ঘদিন পরে তাদের দেখে আমি খুশী হয়েছি। সন্দ্বীপের বিভিন্ন বয়সী মানুষ রয়েছেন আমার পথচলার প্রেরণার মূলে। এদের মধ্যে যারা সুদুর মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করে বাংলাদেশি সংস্কৃতির সবচেয়ে ভালো দিকগুলো উন্মোচিত করছে, তাদের প্রতি আমার শুভেচ্ছা। তারাই পারিবারিক সংস্কৃতির প্রতি শ্রদ্ধা রেখে পরিবার ও সমাজ গঠন করছে। এটি আমাদের ঐতিহ্যের অংশ।

সমিতি যদি একটার জায়গায় দশটাও থাকে তাতে সমাজের অগ্রগতি বরং বাড়ে। কারণ, সংগঠন সমাজবদ্ধ থাকার একটি প্রক্রিয়া। এক জাতের পাখি একসঙ্গে ওড়ে। এক মনের মানুষ এক সঙ্গেথাকে। সমাজে অনেক ধরণের ধারা থাকে। এক ধরণের মানুষ অপরাধ করাকে নিজের অধিকার মনে করে। এমন ধারাও আছে ,যারা অপরাধ এড়িয়ে সমাজের সমৃদ্ধিতে অবদান রেখে চলে।

ড. আবু জাফর মাহমুদ
গ্লোবাল পিস অ্যামব্যাসেডর



বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ও অ্যালেগ্রা হোম কেয়ার পরিবারের কয়েকজনের সঙ্গে ড. আবু জাফর মাহমুদ।



সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখছেন গ্লোবাল পিস অ্যামব্যাসেডর ড. আবু জাফর মাহমুদ।



বনভোজনে খাবারের একাংশে। ড. আবু জাফর মাহমুদের সঙ্গে সন্দ্বীপের বিশিষ্টজনেরা।

ALEGRA HOME CARE INC. Care With Love Is Humanity

CDPAP SERVICES

PEOPLE UNITED FOR PROGRESS POLITICAL RIGHTS FOR ETHNIC COMMUNITIES

Abu Zafar Mahmood Foundation

জয় বাংলাদেশ JOY BANGLADESH INC.

সাহিত্য সাময়িকী

পাঁচ পর্ব
মতিন বৈরাগী

১.
আমি যত সামনে যাই ভালোবাসা পিছনে ডাকে
দীর্ঘ সড়ক দুপাশের খেজুর আর বাবলার বন
পেরিয়ে ক্রমশ দক্ষিণে
দক্ষিণে সমুদ্র ডাকে হৃদয়ের ভেতরে আয় আয়
আমার গমন আপন ভোলার মতো পথ হাতড়ায় ।

২.
অনেক মানুষের সাথে একজন মানুষের অনেক অমিল
কিছু মানুষের সাথে একজন মানুষের কিছুটা মিল
কিন্তু কোনো কোনো বিষয়ে একজন মানুষ একেবারে একা
তার কোনো সঙ্গী নেই-

৩.
যখন তুমি আমার দিকে তাকালে
আমিও তখন তোমার দিকে পলকবিহীন-
তখন পৃথিবীতে শতশত বছর গড়িয়ে গেছে
ভালোবাসা সবকিছু ভুলিয়ে দেয়
ফিকে হয়ে আসে কষ্টের রঙ
আলোর জানালায় ।

৪.
ভালোবাসার কথা কখনও প্রকাশ করা যায় না
যেমন প্রকাশ করা যায় না প্রকৃত শিল্পের উপলব্ধি বোধ
ভালোবাসা অনুভুতিটুকু চিরকাল
কর্পূরের মতো
বাতাসের ছোঁয়া পেলে ক্ষীণ হয়ে আসে ।

৫.
একজন মানুষকে সারাজীবন মানুষ হবার উপায় খুঁজতে হয়
কী পাহাড়ে কী গভীর জঙ্গলে অথবা যুদ্ধের হলকা ছড়ানো ময়দানে
তাকে মানুষই থাকতে হয় মৃত্যুর আগের মুহূর্তেও
এমন কী প্রতিপক্ষের বিরুদ্ধে প্রতিশোধ নেবারও কালে ।

কথাগুলো
তোফায়েল তফাজ্জল

কথাগুলো তুলে রাখি মনে
ধরে রাখতে গতদিন ।
ফুল উঠানোর পরও ক'দিন তাজা থাকে,
ছড়ায় সুবাস
এভাবে হলেও যে কদ্দিন রাখা যায়,
প্রয়োজনে বরফ দিয়েও ।

কারণ, এসব থেকে জানবার বুঝবার
অনেক কিছুই থাকে ।

সিঁড়ি
গোলাম কিবরিয়া পিনু

সবকিছু টেনে নিয়ে–সিঁড়ি বানিয়ে ফেলছি!
শ্রমিকের কথা বলে
শ্রমিককেও সিঁড়ি বানিয়ে ফেলছি!
জনগণের কথা বলে
জনগণকেও সিঁড়ি বানিয়ে ফেলছি!

সিঁড়িতে পা রেখে বিড়িতে আগুন লাগিয়ে
এখন বিড়ার বদলে দামী সিগারেটে আগুন লাগিয়ে
এতটাই ধোঁয়া উড়াচ্ছি,
ধোঁয়ার ভেতর কেউ আমাকে চিনতে পারছে না,
কোকিল গানের সাথে শুধু প্রহেলিকা!

রক্ত জল করা আন্দোলন ও বিজয়
সমকোণী ত্রিভুজ থেকে
স্থূলকোণী ত্রিভুজে নিয়ে যাচ্ছি!

অপরের বাড়িঘর আগুনে পুড়তে থাকার সময়
ফায়ারব্রিগেডের চলন্ত সিঁড়িটা
আগুন নেভাতে ব্যবহার না করে
নিজের বাগান ও ধুলোপথ ভিজিয়ে তুলছি!

পালাবার পথ নেই
আশরাফ চঞ্চল

তোমাকে ছুঁব বলে বাড়ি ছাড়লাম
শহরে এসে দেখি
তুমি বাসায় নেই
কাজের মেয়ে জানালায় উকি দিয়ে বলল-
ম্যাডাম ক্লাব ঘরে গেছে
রাতে আর ফিরবে না

আমার মাথার সংযোগ তারটা বোধহয় ছিঁড়ে গেল
জ্যোৎস্নাময় আকাশ অন্ধকারে ছেয়ে গেল
আমি মূক বিমূঢ় অন্ধ হয়ে
ইট সুরকির বিছানায় গড়িয়ে পড়লাম

ছায়ার নামতা পড়ি
শাহীন রেজা

ছায়ার নামতা পড়ি, এসো

বুকের মধ্যে ঘনঘোর
ফড়িং দিনের শেষে
কে যেন ডাকে-

রাতের গামছা হাতে
কইতরী মুখ
আমাকে খোঁজে

ছায়াতে কেমন ভয়
কিসের বিস্ময়

ডাহুকী কাঁদে ।

কতটা বিশ্বস্ত ভাব
মান্নান নূর

এখনো নদীগুলো কতটা বিশ্বস্ত দ্যাখো
কতটা অকাতরে হাওরগুলো বিলাচ্ছে স্বচ্ছ জল ভরা প্রাণ
কতটা খোলা বুকে ঢেলে দিচ্ছে জল স্নিগ্ধ ফুরফুরে হাওয়া
কতটা উদার হলে পরে দিতে পারে পেটের আহার
বিশ্বাসের দোলা পালে সুদূর নিসর্গ থেকে নিয়ে আসে প্রশান্তির জোয়ার

এখনো বাতাস দেখো কতটা বিশ্বাসের অনড় পাহাড়
লালরঙা চোখ দেখেও অকাতরে মুছে দিচ্ছে ফুসফুস হৃদয়
কতটা মায়াবি দেখো টুনটুনি মাছরাঙা মরে মরেও গেয়ে যাচ্ছে স্বজনের গান
তুমি খাচ্ছো-দাচ্ছো পোড়াচ্ছো বিশ্বাসের আড়তে ঠাসা সবুজাভ গাছ
তবু তারা ভালোবাসে, ভালোবাসা দিতে পেরে গর্বিত শিমুল

কতটা বিশ্বস্ত ভাবো এই চাঁদ গ্রহ তারা আলোর সুরুজ
ভালোবাসা দেয় তারা, ভালোবাসা নিতে নিতে আমরাও হয়েছি আজ এতটা অবুঝ-

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

শাকিব-অপুর আমেরিকা সফর নিয়ে নয়া গুঞ্জন



বিনোদন ডেস্ক: নায়ক শাকিব খান ও তার সাবেক স্ত্রী নায়িকা অপু বিশ্বাসের একই সময়ে আমেরিকা সফর নিয়ে নয়া গুঞ্জন চলছে। বলা হচ্ছে আমেরিকা থেকে ফের তাদের এক হওয়ার যাত্রা শুরু করতেই তারা আমেরিকা এসেছেন। এখান থেকে ফিরে হয়তো তারা এক হওয়ার আনুষ্ঠানিক ঘোষণা দিতে পারেন।

জানা গেছে, ঈদের কয়েক দিন পর শাকিব খান আমেরিকায় আছেন। এরপর তার সাবেক সহধর্মিণী অপু বিশ্বাসও গত ১২ জুলাই বুধবার ছেলে আব্রাম খান জয়সহ আমেরিকায় আসেন। আমেরিকায় আসার বিষয়টি নিজেই নিশ্চিত করেছেন অপু বিশ্বাস। তবে কী কারণে এসেছেন তা না জানালেও জানা গেছে তিনি এখানে বেশ কয়েকটি স্টেজ শোতে অংশ নেবেন।

ছেলেকে নিয়ে ঢাকা হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবেশ করে দু'টি ভিডিও শেয়ার করেছেন এই নায়িকা। এ সময় সবার কাছে দোয়া চেয়েছেন তিনি। সেই সাথে জানান, ছেলে আব্রাম খান জয়ের এটি প্রথম আমেরিকা সফর।

এবার ঈদে মুক্তি পেয়েছে তার অভিনীত সিনেমা 'লালশাড়ি'। বন্ধন বিশ্বাস পরিচালিত সিনেমাটিতে সিনেমায় অপু বিশ্বাসের বিপরীতে অভিনয় করেছেন সাইমন সাদিক। সিনেমায় আরো আছেন শহীদুজ্জামান সেলিম ও দিলরুবা দোয়েল।

যদিও বিয়ে বিচ্ছেদের পর এখনো অপু একা থাকলেও শাকিব বসে থাকেননি। বুবলীকে বিয়ে শেষে সন্তান জন্মের পর বিচ্ছেদ, আরেক নায়িকার সাথে ঘনিষ্ঠতার গুঞ্জনসহ নানান কর্মকান্ডে আলোচনার শীর্ষে ছিলেন তিনি। সর্বশেষ এক প্রযোজকের অভিযোগের ভিত্তিতে নতুন করে আবারো আলোচনায় আসেন শাকিব। কিন্তু সে আলোচনা শেষ না হতেই এবার অপুর সাথে এক হওয়ার ইঙ্গিত তাদের আবার আলোচনায় নিয়ে এসেছে।

এবারের ঈদে মুক্তি পেয়েছে বন্ধন বিশ্বাসের 'লাল শাড়ি' সিনেমা। এতে অভিনয় করেছেন অপু বিশ্বাস। নিজের ফেসবুক পেজ থেকে ছবিটির জন্য শুভকামনা জানান শাকিব খান। যদিও কয়েক মাস আগে শাকিব খানের বিরুদ্ধে অসদাচরণ, মিথ্যা আশ্বাস ও ধর্ষণের মতো গুরুতর বিষয়ে শিল্পী সমিতিতে লিখিত অভিযোগ করেন 'অপারেশন অগ্নিপথ'র প্রযোজক রহমত উল্লাহ। এমন অভিযোগে চলচ্চিত্রপাড়ায় তোলপাড় শুরু হয়।

এমন পরিস্থিতিতে নিজের বিপদ বুঝতে পেরে নড়েচড়ে বসেন শাকিব। কিন্তু কি করবেন বুঝে উঠতে পারছিলেন না। এমন দুঃসময়ে কাউকে পাশে না পেয়ে অপুর সাহায্য চান। তার ডাকে সাড়া দেন অপু। অভিযোগের দ্রুত সমাধান করতে শাকিবের পাশে দাঁড়ান অপু বিশ্বাস।

উল্লেখ্য, ২০০৮ সালে প্রথমে ভালোবেসে ঘর বেঁধে ছিলেন ঢাকাই সিনেমার দুই শীর্ষ তারকা শাকিব খান ও অপু বিশ্বাস। তবে বিয়ের খবর টের পায়নি কেউ। ২০১৭ সালে একটি টিভি চ্যানেলের লাইভে সন্তান আব্রাহাম খান জয়সহ হাজির হন অপু। এরপর জানান, তিনি ও শাকিব বিবাহিত এবং এই সন্তান তাদেরই। ২০১৮ সালের ২২ ফেব্রুয়ারি বিচ্ছেদ হয় তাদের। শাকিব-অপুর সংসারে রয়েছে ছয় বছরের পুত্রসন্তান।

এ দিকে ২০১৮ সালের ২০ জুলাই নায়ক শাকিব খানের সাথে বিবাহবন্ধনে আবদ্ধ হন বলে জানান বুবলী। ২০২০ সালের ২১ মার্চ সন্তানের বাবা-মা হন তারা। শাকিব-বুবলীর সন্তানের নাম শেহজাদ খান বীর।

ভারতের রাষ্ট্রপতি ভবনে বাংলা সিনেমার শুটিং



বিনোদন ডেস্ক: প্রথমবারের মতো বাংলা ছবির শুটিং হতে যাচ্ছে ভারতের রাষ্ট্রপতি ভবনে। এবার সেই ইতিহাস গড়লেন শিবপ্রসাদ মুখোপাধ্যায় ও নন্দিতা রায়। তাদের আগামী ছবি 'রক্তবীজ'-এর কয়েকটি বিশেষ দৃশ্য তারা শুট করেছেন রাষ্ট্রপতি ভবনে। ভারতীয় গণমাধ্যমে জানানো হয়, রাষ্ট্রপতি ভবনে শটে কোনো অভিনেতা না থাকলেও দিল্লিতে অন্য শটে দেখা যায় আবীর চট্টোপাধ্যায়কে। ছবিতে তিনি দিল্লি নিবাসী প্রবাসী বাঙালী।

এ বিষয়ে পরিচালক শিবপ্রসাদ মুখোপাধ্যায় বলেন, বিজয় চৌকের সামনে আমরা, আর উল্টোদিকে রাষ্ট্রপতি ভবন। আলোকিত। স্বপ্নের মতো দেখাচ্ছে। ক্যামেরা রেডি হলো। শুটিং শুরু হবে। আমি প্রতীপ, আমার সিনেমাটোগ্রাফারকে বললাম– আর চার মিনিট দেখাচ্ছে বৃষ্টি শুরু হতে, যদি একটা শটও নিতে পারি, তবে সেটিই ইতিহাস হবে। শুটিং শুরু হলো। ঐতিহাসিক মুহূর্ত। বোধহয় প্রথমবার বাংলা সিনেমার ইতিহাসে রাষ্ট্রপতি ভবনের দৃশ্য দেখা যাবে'।

সেই অভিজ্ঞতা শেয়ার করে শিবপ্রসাদ আরও বলেন, শুটিংয়ের দিন ভোর ৪টা থেকে সকাল ৭টা পর্যন্ত কোনো বৃষ্টি পড়ল না। অথচ অদ্ভুতভাবে সেদিন সারা দিল্লি শহর ভাসছে, গুরগাঁও ভাসছে, দিল্লির অন্যান্য জায়গায় বৃষ্টি পড়ছে, শুধু ওই তিন ঘণ্টার জন্য রাষ্ট্রপতি ভবনের সামনে কোনো বৃষ্টি হলো না। শুটিং নির্বিঘ্নে শেষ হলো। আমরা গাড়িতে উঠলাম। গাড়ি 'রাইসিনা হিলস' ছেড়ে এগোতে শুরু করল। ঝম ঝম করে বৃষ্টি পড়া শুরু হলো। আমি মনে মনে বললাম, আমার মায়ের আশীর্বাদ। আর অগণিত দর্শক, যারা আমাদের ভালোবাসেন তাদের আশীর্বাদ আমাদের সঙ্গে রয়েছে। তিনি আরও বলেন, প্রথমবার বাংলা সিনেমায় রাষ্ট্রপতি ভবনের সেই অসাধারণ ম্যাজিক আজ থেকে ঠিক ১০০ দিন বাদে আপনারা বড়পর্দায় দেখতে পাবেন। আশা করি, আমার মতো আপনাদেরও স্বপ্নের মতো লাগবে। প্রসঙ্গত, পুজোয় মুক্তি পাবে মিমি ও আবীর অভিনীত ছবি 'রক্তবীজ'। তারা ছাড়া দেখা যাবে ভিক্টর বন্দ্যোপাধ্যায়, অনুসুয়া মজুমদার, কাঞ্চন মল্লিক, সত্যম ভট্টাচার্য, অম্বরীশ ভট্টাচার্য, দেবাশীষ ভট্টাচার্যকো।

মা হওয়ার গুঞ্জন নিয়ে মুখ খুললেন পূর্ণিমা



বিনোদন ডেস্ক: ঢাকাই সিনেমার জনপ্রিয় নায়িকা দিলারা হানিফ পূর্ণিমা। গত ১১ জুলাই মঙ্গলবার ছিল তার জন্মদিন। এদিন সহকর্মী ও ভক্তদের ভালোবাসায় সিক্ত হয়েছেন তিনি। এরই মধ্যে একটি ভুয়া সংবাদে ভীষণ বিব্রত পূর্ণিমা। সামাজিকমাধ্যমে অভিনেত্রীর মা হওয়ার গুঞ্জন ছড়িয়ে পড়ে। বিষয়টি নিয়ে বিরক্ত পূর্ণিমা।

মা হওয়ার খবরটি মিথ্যা জানিয়ে গত ১৩ জুলাই বৃহস্পতিবার বিকালে পূর্ণিমা বলেন, 'এটি ভুয়া। সত্য নয়। বিষয়টি আমার জন্য খুবই বিব্রতকর। এমন সুখের খবর নিয়ে কেউ বিভ্রান্তিকর কোনো তথ্য ছড়াবেন না। এমন কিছু হলে আমি নিজেই জানাব।' তিনি বলেন, 'ওই ভুয়া সংবাদ দেখে অনেক জায়গা থেকে আত্মীয়স্বজনরাও ফোন করছেন। তারা বলছেন, এমন আনন্দের খবর তাদের কেন আগে জানায়নি! বলতে গেলে একটি ভুয়া সংবাদের কারণে খুব খারাপ সিচুয়েশনে পড়লাম।'

উল্লেখ্য, অসংখ্য ব্যবসাসফল সিনেমা উপহার দিয়েছেন পূর্ণিমা। চলতি বছর ফিল্ম ক্যারিয়ারে ২৫ বছর পূর্ণ করলেন তিনি। তিনি ২০২২ সালের ২৭ মে আশফাকুর রহমান রবিনকে বিয়ে করেন। দুই পরিবারের সম্মতিতে তারে বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়। এটি পূর্ণিমার দ্বিতীয় বিয়ে।

অভিনয় শিল্পীরাও ধর্মঘটে হলিউড অচল



বিনোদন ডেস্ক: শেষ দফা আলোচনা ভেস্তে যাওয়ার পর লেখকদের সঙ্গে ধর্মঘটের ঘোষণা দিয়েছেন হলিউডের অভিনয় শিল্পীরা। ৬৩ বছরের মধ্যে এই প্রথমবার ইন্ডাস্ট্রিতে অভিনেতা ও লেখকরা একযোগে ধর্মঘট করছেন। এই ধর্মঘটে চলচ্চিত্র ও টেলিভিশনের অনুষ্ঠান বন্ধ হয়ে যাবে।

মেরিল স্ট্রিপ, জেনিফার লরেন্সের মতো এ তালিকাভুক্ত তারকাসহ এক লাখ ৬০ হাজার অভিনয় শিল্পীর প্রতিনিধিত্বকারী সংগঠন দ্য স্ক্রিন অ্যাক্টরস গিল্ড বলেছে, বেতন কমানো এবং কৃত্রিম বুদ্ধিমত্তার কারণে কর্মক্ষেত্রে যে হুমকি তৈরি হয়েছে, সে বিষয়ে তাদের দাবির কোনো মীমাংসা হয়নি। কোনো ঐকমত্য ছাড়াই আলোচনা শেষ হয়েছে।

ইউনিয়নের প্রধান আলোচক ডানকান ক্র্যাবট্রি-আয়ারল্যান্ড বলেছেন, স্ক্রিন অ্যাক্টরস গিল্ডের জাতীয় বোর্ড স্টুডিও ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে ধর্মঘটে যাওয়ার পক্ষে ভোট দিয়েছে।

গত বৃহস্পতিবার (১৪ জুলাই) মধ্যরাত থেকে ধর্মঘট শুরু হবে। গ্রিনিচ সময় শুক্রবার সকাল থেকে অভিনয় শিল্পীরা লেখকদের সঙ্গে ধর্মঘটে যোগ দিচ্ছেন। ১৯৬০ সালের পর থেকে এই প্রথমবারের মতো হলিউডে এমন একযোগে ধর্মঘট হচ্ছে। ১৯৮০ সালে অভিনেতাদের ইউনিয়ন ধর্মঘটে গিয়েছিল। এটি তিন মাসের বেশি স্থায়ী হয়েছিল। টেলিভিশন ও চলচ্চিত্রে ভবিষ্যতে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহারের বিরুদ্ধে ও ভালো বেতনের দাবিতে লেখকেরা ১১ সপ্তাহ ধরে ধর্মঘট করছেন।

টেলিভিশনের জনপ্রিয় ধারাবাহিকগুলো এ বছর দেরিতে শুরু হচ্ছে। ধর্মঘট চললে চলচ্চিত্রগুলোও আটকে যেতে পারে।

আলোচনা ভেস্তে যাওয়ার পরে দ্য স্ক্রিন অ্যাক্টরস গিল্ড এক বিবৃতিতে বলেছে, স্ট্রিমিং ইকোসিস্টেমের কারণে ক্ষতিপূরণের হার কমে গেছে। কৃত্রিম বুদ্ধিমত্তা সৃজনশীল কাজে হুমকি হয়ে দাঁড়িয়েছে। তবে নির্বাহীরা এতে একমত হননি।

স্টুডিওর প্রতিনিধিত্বকারী দ্য অ্যালিয়েন্স অফ মোশন পিকচার ও টেলিভিশন প্রডিউসারস বলেছে, ধর্মঘটে যাওয়ার সিদ্ধান্ত হতাশাজনক। বিবৃতিতে আরও বলা হয়েছে এটি ইউনিয়নের সিদ্ধান্ত। তাদের নয়। লেখকদের ধর্মঘটের কারণে চলচ্চিত্র ও টিভি অনুষ্ঠানের সংখ্যা কমে গেছে। অভিনেতাদের ধর্মঘটের কারণে সব কিছুই অচল হয়ে যেতে পারে। কিছু অ্যানিমেশন ও টকশো চলতে পারে।

ধোনির প্রযোজনা সংস্থা থেকে আসছে যে সিনেমা



বিনোদন ডেস্ক: ভারতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি। খেলাধুলার পাশাপাশি বিনোদন জগতেও আগ্রহ রয়েছে তার। তাই তো আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নেওয়ার পর স্ত্রীর সঙ্গে মিলে খুলেছেন নিজস্ব প্রযোজনা সংস্থা, 'ধোনি এন্টারটেইনমেন্টস'। এবার আসছে সেই প্রযোজনা সংস্থার প্রথম সিনেমা 'লেটস গেট ম্যারেড'। ছোট করে যাকে বলা হচ্ছে 'এলজিএম'। সম্প্রতি প্রকাশ্যে এসেছে সিনেমাটির ট্রেইলার।

জানা গেছে, পুরোপুরি বিনোদনমূলক অর্থাৎ রোমান্টিক কমেডি ঘরানার হতে যাচ্ছে 'এলজিএম'। রমেশ তামিলমণি পরিচালিত এ সিনেমার মূল গল্প এক অল্পবয়সি জুটিকে নিয়ে, যারা বিয়ে করতে গিয়ে নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছেন। তামিল ভাষায় নির্মিত সিনেমাটির কেন্দ্রীয় চরিত্রে রয়েছেন হরিশ কল্যাণ, ইভানা, নাদিয়া, যোগী বাবু ও মির্চি বিজয়।

তবে মজার বিষয় হচ্ছে, 'লেটস গেট ম্যারেড' সিনেমার মূল ভাবনা এসেছে ধোনির স্ত্রী সাক্ষীর কাছ থেকে। চলতি মাসেই এটি মুক্তি পাওয়ার কথা রয়েছে। এর আগে, ২০১৬ সালে এই সাবেক ক্রিকেটারের জীবন নিয়ে তৈরি হয়েছিল 'এম এস ধোনি : দ্যা আনটোল্ড স্টোরি' সিনেমাটি। যেখানে ধোনির চরিত্রে অভিনয় করেছিলেন প্রয়াত অভিনেতা সুশান্ত সিং রাজপুত।



ড্রেসিংরুমের পরিবেশ খেলায় তেমন প্রভাব ফেলেনি: সাকিব

স্পোর্টস ডেস্ক: আফগানিস্তানের বিপক্ষে ওয়ানডে সিরিজ ১-২ ব্যবধানে হেরেছে বাংলাদেশ। শেষ ম্যাচ জিতে হোয়াইটওয়াশ এড়ালেও সিরিজ শেষে প্রশ্ন উঠেছে বাংলাদেশ দলের ড্রেসিংরুমের পরিবেশ নিয়ে। প্রথম ম্যাচে হারার পরেরদিন অধিনায়ক তামিম ইকবালের অবসর এবং চব্বিশ ঘণ্টা না যেতেই ফেরা নিয়েও সরগরম ছিল দেশের ক্রিকেট। দলীয় পারফরম্যান্সেও পিছিয়ে ছিল বাংলাদেশ। তবে তামিম ইস্যুতে ড্রেসিংরুমের পরিবেশ খেলায় তেমন প্রভাব ফেলেনি বলে মনে করেন বাংলাদেশ টি ২০ দলের অধিনায়ক সাকিব আল হাসান।

টি ২০ সিরিজ শুরুর আগেরদিন বৃহস্পতিবার (১৩ জুলাই) সিলেটে সংবাদ সম্মেলনে সাকিব বলেন, 'দেখেন, বাইরে থেকে অনেক কিছু মনে হতে পারে। ড্রেসিংরুমে আমার মনে হয় না যে, আমরা কখনো অস্থির ছিলাম কিংবা এখন আছি। পরিবেশ তো আমি মনে করি ভালোই। অবশ্যই রেজাল্টের কারণে আপনারা সবসময় চিন্তা করেন যে, ড্রেসিংরুমের অবস্থা হয়তো ভালো নয়। কিন্তু আমার মনে হয় না যে, ড্রেসিংরুমের পরিবেশের প্রভাবে আমরা জিতি কিংবা হারি। আমাদের চেষ্টা থাকে নিজেদের কিভাবে উন্নতি করা যায়। কিভাবে দলের জন্য পারফর্ম করতে পারি, অবদান রাখতে পারি।'

সংক্ষিপ্ত ফরম্যাটে সবসময়ই ভয়ংকর আফগানিস্তান। তাই টি ২০ সিরিজ শুরু হওয়ার আগে বাড়তি চিন্তা হওয়ার কথা বাংলাদেশ দলের। কিন্তু এ নিয়ে চিন্তিত নন সাকিব।

বিশ্বসেরা অলরাউন্ডারের মতে, 'প্রতিপক্ষকে নিয়ে চিন্তা কম করলে ফলাফল আরও ভালো করে বাংলাদেশ।' সাকিব বলেন, 'আমার কাছে মনে হয় আমরা দল হিসাবে তখনই ভালো খেলি, যখন অন্য দলকে নিয়ে চিন্তা কম করি।' তিনি যোগ করেন, 'কোনো একজন খেলোয়াড়কে নিয়ে আমরা ভাবি না।' ইঙ্গিতটা যে রশিদ খানের প্রতি, তা বোঝাই যায়।

কেমন হতে পারে প্রথম টি-টোয়েন্টির বাংলাদেশ একাদশ

স্পোর্টস ডেস্ক: বাংলাদেশ টি-টোয়েন্টির অধিনায়ক সাকিব আল হাসান। তার নেতৃত্বে অস্ট্রেলিয়া বিশ্বকাপ থেকে টি-২০ ফরম্যাটে ভালো ক্রিকেট খেলছেন টাইগাররা। সর্বশেষ ঘরের মাঠে ইংল্যান্ড ও আয়ারল্যান্ডের বিপক্ষে দাপট দেখিয়ে সিরিজ জিতেছে। এবার আফগানিস্তান চ্যালেঞ্জ।



আফগানের বিপক্ষে ওয়ানডে সিরিজ হেরে মনোবল ভেঙে গেছে টাইগারদের। অন্যদিকে ফুরফুরে মেজাজে আছেন আফগানরা। বাংলাদেশের কন্ডিশনে স্বাগতিকদের চেয়ে বেশি দাপট দেখাচ্ছেন রশিদ খানরা। সাকিবদের জন্য তাই সিরিজটি চ্যালেঞ্জিং হবে।

আফগানদের বিপক্ষে ম্যাচের আগে গণমাধ্যমের সঙ্গে কথা বলেছেন টি-২০ অধিনায়ক সাকিব আল হাসান। দুই ম্যাচের সিরিজে ব্যাটিং অর্ডার নিয়েই বেশি চিন্তিত বাংলাদেশ টিম ম্যানেজমেন্ট। রান করতে হবে টপ অর্ডারের লিটন দাস, রনি তালুকদার ও নাজমুল শান্তকে।

ইংল্যান্ড ও আয়ারল্যান্ডের বিপক্ষে সিরিজে দুটি করে ম্যাচে বাংলাদেশ তিন পেসার ও দুই স্পিনার নিয়ে খেলেছে। একটি করে ম্যাচে ছিল তিন স্পিনার ও তিন পেসার। আফগানদের বিপক্ষে দুই স্পিনার নিয়ে ছক সাজারে পারে টিম ম্যানেজমেন্ট।

সাকিব আল হাসানের সঙ্গে থাকতে পারেন আরেক বাঁহাতি স্পিনার নাসুম আহমেদ। পেস আক্রমণে মোস্তাফিজুর, তাসকিন ও হাসান মাহমুদ খেলছেন নিয়মিত। ওই আক্রমণেই ভরসা রাখতে পারেন সাকিব-হাথুরু।

বাংলাদেশের সম্ভাব্য একাদশ: লিটন দাস, রনি তালুকদার, নাজমুল শান্ত, সাকিব আল হাসান, তাওহীদ হৃদয়, আফিফ হোসেন, শামীম হোসেন পাটোয়ারী, নাসুম আহমেদ, তাসকিন আহমেদ, মোস্তাফিজুর রহমান, হাসান মাহমুদ।

টি-টোয়েন্টিতে বাংলাদেশ আফগানিস্তানের পরিসংখ্যান



স্পোর্টস ডেস্ক: দলীয় সর্বোচ্চ রান
বাংলাদেশ ১৫৫/৮, মিরপুর, ২০২২
আফগানিস্তান ১৬৭/৮, দেরাদুন, ২০১৮
দলীয় সর্বনিম্ন
বাংলাদেশ ১১৫, মিরপুর, ২০২২
আফগানিস্তান ৭২, মিরপুর, ২০১৪
সবচেয়ে বেশি রান: বাংলাদেশ ১৯৪, মাহমুদউল্লাহ, আফগানিস্তান ১৪৯, মোহাম্মদ নবী
ব্যক্তিগত সর্বোচ্চ ইনিংস:
বাংলাদেশ ৭০*, সাকিব আল হাসান, চট্টগ্রাম, ২০১৯
আফগানিস্তান ৮৪*, মোহাম্মদ নবী, মিরপুর, ২০১৯
সর্বোচ্চ জুটি:
বাংলাদেশ ৮৪, মুশফিকুর ও মাহমুদউল্লাহ, দেরাদুন, ২০১৮
আফগানিস্তান ৯৯, উসমান গনি ও হজরতউল্লাহ জাজাই, মিরপুর, ২০২২
সবচেয়ে বেশি উইকেট
বাংলাদেশ: ১১, সাকিব, আফগানিস্তান: ১৭, রশিদ খান
সেরা বোলিং
বাংলাদেশ: ৪/১০, নাসুম আহমেদ, মিরপুর, ২০২২,
আফগানিস্তান: ৪/১২, রশিদ দেরাদুন, ২০১৮
সবচেয়ে বেশি ক্যাচ
বাংলাদেশ: ৭, মাহমুদউল্লাহ, আফগানিস্তান: ৫, রশিদ
সবচেয়ে বেশি ডিসমিসাল
বাংলাদেশ: ৪, মুশফিকুর, আফগানিস্তান: ২ মোহাম্মদ শাহজাদ ও রহমানউল্লাহ গুরবাজ



ক্রিকেট ছেড়ে সিনেমায় নামছেন ধোনি

স্পোর্টস ডেস্ক: ভারতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক মহেন্দ সিং ধোনি। খেলাধুলার পাশাপাশি বিনোদন জগতেও আগ্রহ রয়েছে তার। তাই তো আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নেওয়ার পর স্ত্রীর সঙ্গে মিলে খুলেছেন নিজস্ব প্রযোজনা সংস্থা, 'ধোনি এন্টারটেইনমেন্টস'। এবার আসছে সেই প্রযোজনা সংস্থার প্রথম সিনেমা 'লেটস গেট ম্যারেড'। ছোট করে যাকে বলা হচ্ছে 'এলজিএম'। সম্প্রতি প্রকাশ্যে এসেছে সিনেমাটির ট্রেইলার।

জানা গেছে, পুরোপুরি বিনোদনমূলক অর্থাৎ রোমান্টিক কমেডি ঘরানার হতে যাচ্ছে 'এলজিএম'। রমেশ তামিলমণি পরিচালিত এ সিনেমার মূল গল্প এক অল্পবয়সি জুটিকে নিয়ে, যারা বিয়ে করতে গিয়ে নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছেন। তামিল ভাষায় নির্মিত সিনেমাটির কেন্দ্রীয় চরিত্রে রয়েছেন হরিশ কল্যাণ, ইভানা, নাদিয়া, যোগী বাবু ও মির্চি বিজয়। তবে মজার বিষয় হচ্ছে, 'লেটস গেট ম্যারেড' সিনেমার মূল ভাবনা এসেছে ধোনির স্ত্রী সাক্ষীর কাছ থেকে।

চলতি মাসেই এটি মুক্তি পাওয়ার কথা রয়েছে। এর আগে, ২০১৬ সালে এই সাবেক ক্রিকেটারের জীবন নিয়ে তৈরি হয়েছিল 'এম এস ধোনি : দ্যা আনটোল্ড স্টোরি' সিনেমাটি। যেখানে ধোনির চরিত্রে অভিনয় করেছিলেন প্রয়াত অভিনেতা সুশান্ত সিং রাজপুত।



মসজিদ মিশনের জেলা দায়িত্বশীলদের কর্মশালা সম্পন্ন

আদর্শ সমাজ বিনির্মাণে ইমামদেরকে অভিভাবকের ভূমিকা পালন করতে হবে

নিউইয়র্কঃ মসজিদ সমুকে ইবাদাত ও সমাজ উন্নয়নের মার্কাজ রুপে গঙে তুলতে হবে। ইসলামী দাওয়াত সম্প্রসারণ, সমাজ উন্নয়ন,সমাজ সংস্কার ও সমাজ থেকে নানাবিধ কুসংস্কার দূরীকরণে মসজিদ সমূহকে মুসলিম উম্মাহর দীনি কেন্দ্ররূপে গঙে তুলতে হবে। আজ বিকালে বাংলাদেশ মসজিদ মিশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যক্ষ মাওলানা যাইয়নুল আবেদীনের সভাপতিত্বে ৎদায়িত্বশীল ইমাম প্রশিক্ষণ কর্মশালায়চ সমাপনী অধিবেশনে বক্তারা এ কথা বলেন।

স্থানীয় একটি অডিটোরিয়ামে সারাদেশ থেকে আগত মসজিদ মিশনের জেলা সভাপতি ও সেক্রেটারিদের ২ দিন বেবি লিডারশিপ ওয়ার্কশপ ও প্রশিক্ষণ কর্মশালায় বিভিন্ন বিষয়ের উপরে পেপার প্রেজেন্ট ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন মসজিদ মিশনের সেক্রেটারি জেনারেল ড. মুহাম্মাদ খলিলুর রহমান মাদানী, বাংলাদেশ ইসলামিক বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. আ.ন.ম রফিকুর রহমান মাদানী, বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যক্ষ মাওলানা মোশারফ হোসাইন, ঢাকা অঞ্চলের সমন্বয়কারী শিক্ষাবিদ মাওলানা দেলোয়ার হোসাইন, ড. মাওলানা জাহাঙ্গীর হোসাইন, বরিশাল অঞ্চলের মসজিদ মিশনের সমন্বয়কারী অধ্যক্ষ মাওলানা হাবিবুর রহমান, খুলনা অঞ্চলের মসজিদ মিশনের সমন্বয়কারী অধ্যক্ষ মশিউর রহমান, রংপুর মহানগরী সবুতি মুফতি আজিজুল ইসলাম, রাজশাহী মহানগরী সেক্রেটারি অধ্যক্ষ ইয়াহিয়া, পাবনার সভাপতি মাওলানা আব্দুল গফফার, গাইবান্ধার সভাপতি অধ্যক্ষ মাওলানা সাইদুর রহমান, নরসিংদীর সভাপতি অধ্যক্ষ আব্দুল লতিফ, মৌলভীবাজারের সভাপতি অধ্যক্ষ আব্দুল হক, হবিগঞ্জের সভাপতি অধ্যক্ষ মুখলেসুর রহমান, কক্সবাজারের সভাপতি মাওলানা আব্দুস সালাম, মেহেরপুরের সভাপতি মাওলানা মাহবুবুর রহমান, পটুয়াখালী সভাপতি অধ্যাপক মাওলানা আব্দুস সালাম ময়মনসিংহ জেলা সভাপতি উপাধ্যক্ষ মাওলানা বদরুল আলম, ময়মনসিংহ মহানগরী সভাপতি অধ্যক্ষ মাওলানা মাহফুজুর রহমান, নারায়ণগঞ্জ মহানগরী সভাপতি বিশিষ্ট ব্যাংকার মনিরুজ্জামান, নারায়ণগঞ্জ জেলা সভাপতি মাওলানা অধ্যক্ষ আশরাফুল আলম, ঢাকা জেলা দক্ষিণের সভাপতি অধ্যক্ষ মাওলানা মুবিনুর রহমান প্রমুখ।





মসজিদের সভাপতি অধ্যক্ষ যাইযনুল আবেদিন বলেন, মসজিদ মিশনের জেলা সভাপতি সেক্রেটারিদের সঠিক ভূমিকা পালনের মাধ্যমে দেশের মসজিদ সমূহ কে পুনরায় জীবন্ত মসজিদে রূপান্তরিত করতে হবে। প্রত্যেকেই যার যার মসজিদকে দ্বীনি দাওয়াত প্রচার সমাজসেবা ও সমাজ উন্নয়নের কেন্দ্ররূপে গড়ে তুলতে হবে।

ড. খলিলুর রহমান মাদানী বলেন, যে ইমামের নেতৃত্বে সালাত কায়েম হয় ওই ইমামের নেতৃত্বেই সমাজের সকল কর্মকান্ড পরিচালনার উদ্যোগ নিতে হবে। সমাজ থেকে দুর্নীতি,সন্ত্রাস,মাদকতাসহ নানাবিধ অপরাধ দূরীকরণে মসজিদের ইমাম-খতিবদেরকে অভিভাবকের ভূমিকা পালন করতে হবে।

প্রশিক্ষণ কর্মশালায় বিভিন্ন বিষয়ের উপরে বক্তাগন বলেন: আলাহ তাআলা দুনিয়াবাসীর সঠিক পথের ভিসা দেওয়ার জন্য সর্বপ্রথম বাইতুলাহ নির্মাণ করেন। যুগে যুগে বিভিন্ন নবী-রাসূল এবং সর্বশেষ নবী মুহাম্মদ সালাম সহ সাহাবায়ে কেরাম ইসলামী মনিষীগঞ্জ যেখানেই গিয়েছেন সেখানে মসজিদ নির্মাণ করে সমাজ সেবা সমাজ সংস্কার ও সমাজ উন্নয়নের কেন্দ্র রূপে মসজিদগুলোকে গড়ে তুলেছেন। আধুনিক উন্নত বিশ্বে দেশে দেশে যতগুলো মিনিস্ট্রিয়াল কার্যক্রম ও সামাজিক কার্যক্রম পরিচালিত হয় বিশ্বনবী মুহাম্মদ সালালাহু সালাম এর মসজিদে নববীতে এ সমস্ত সামাজিক কার্যক্রম অত্যন্ত সুচারুরূপে বাস্তবায়িত হতো। তাই আমাদের দেশের প্রায় ৫ লক্ষ মসজিদ কে মসজিদের নববীর আদরে হেদায়েত ও সমাজ উন্নয়নের কেন্দ্র রূপে গঙে তুলতে মসজিদ মিশনের সেক্রেটারি ও সকল স্তরের ইমাম-খতিবদেরকে গুরুত্বপূর্ণ অবদান রাখতে হবে।

সারাদেশ থেকে আগত ১৪৩জন জেলা সভাপতি সেক্রেটারিদের কে বিশেষ মূল্যায়নের মাধ্যমে সনদ প্রদান ও পুরস্কার প্রদান করা হয়।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.



বাড়ি-ক্রয়-বিক্রয়ের বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিয়েলটর
MURSHEDA ZAMAN
Lic. Real Estate Sales Person
171-21 Jamaica Ave., Jamaica 11432
844-464-3262
E-mail: murshedazaman@gmail.com
যোগাযোগ
Cell: 917-502-6445



গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

জর্জিয়ায় গোলাগুলিতে নারীসহ নিহত ৪



ঢাকা ডেস্ক, ১৬ জুলাই : যুক্তরাষ্ট্রে বন্দুকধারীর গুলিতে এক নারীসহ চারজন নিহত হয়েছেন। স্থানীয় সময় শনিবার (১৫ জুলাই) সকালে জর্জিয়া অঙ্গরাজ্যের হ্যাম্পটন শহরে এ গোলাগুলির ঘটনা ঘটে।

রোববার মার্কিন সংবাদমাধ্যম ইউএসএ টুডের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

প্রতিবেদনে বলা হয়, সন্দেহভাজন হামলাকারী পলাতক রয়েছেন ও হামলার কারণ সম্পর্কে এখনো কিছু জানা যায়নি বলে জানিয়েছেন হেনরি কাউন্টির মুখপাত্র মেলিসা রবিনসন।

হ্যাম্পটনের পুলিশ প্রধান জেমস টার্নার বলেছেন, সন্দেহভাজন হামলাকারীকে শনাক্ত করা হয়েছে। ৪০ ছর বয়সী আন্দ্রে লংমোর নামে ওই ব্যক্তি হ্যাম্পটনের বাসিন্দা।

জেমস টার্নার আরো বলেন, হ্যাম্পটনে এটি দুঃখের দিন। এটা আমাদের জন্য স্বাভাবিক কোনো ঘটনা নয় এবং আমরা সবাই একসাথে শোক করব। অভিযুক্ত ব্যক্তিটিকে বিচারের আওতায় আনতে নিজেদের ক্ষমতায় থাকা সবকিছু করবে পুলিশ বিভাগ।

এদিকে সন্দেহভাজন হামলাকারীকে গ্রেফতারে যেকোনো তথ্য দিয়ে সাহায্যের বিনিময়ে ১০ হাজার মার্কিন ডলার পুরস্কারও ঘোষণা করা হয়েছে। তবে স্থানীয় বাসিন্দাদের আপাতত লংমোর নামে ওই ব্যক্তির কাছে না যাওয়ার জন্য অনুরোধ করা হয়েছে। কারণ পুলিশের ধারণা, তার কাছে এখনো অস্ত্র রয়েছে।

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)
একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।
ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।
Authorized e-file PROVIDER
Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund
প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন
দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।
অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা
"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)



দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী
Accident Cases,
Medical Malpractice
& Legal Malpractice
SHEIKH SALIM
Attorney at Law
এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ
• কন্ট্রাকশন দুর্ঘটনা
• স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
• লেড বিষ সম্পর্কীয়
• বার্থ রিলেটেড ইনজুরি
• ভুল চিকিৎসা
• মটর গাড়ি দুর্ঘটনা
• কাজের সময় দুর্ঘটনা
• পিছলে পড়া, হোঁচট খাওয়া
• ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
• অ্যাসবেস্টস থেকে ক্ষতি
• মিসিনায় গ্রেড বা ওভারটাইম না পাওয়া
• যে কোন ধরনের ইমিগ্রেশন কেস
এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি
Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC
SERVICES
আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?
• Represent Taxpayers for I.R.S./ State Audit
• Tax Preparation:
Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
• Accounting:
Payroll, Sales Tax, etc.
• Business Licenses
• ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।
ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন
Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক
Member : naea
প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ/নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।
37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com



Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

SECI

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

ছুটির দিনে যুক্তরাষ্ট্রে সোনালী এক্সচেঞ্জ হাউজ খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা দিচ্ছি সর্বোচ্চ এক্সচেঞ্জ রেট
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ রেটও সমান
- আমাদের বিকাশ সার্ভিসের রেটও সমান
- আমরা দিচ্ছি আড়াই শতাংশ সরকারী প্রণোদনা পাবার নিশ্চয়তা



blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F AND MD OCFR

ল'অফিস অব
রুমা জান্নাতুল
ইমিগ্রেশন ল' অফিস
কানুন কার্যালয়

- ইমিগ্রেশন
  * গ্রীন কার্ড * সিটিজেনশিপ
  * এসাইলাম * আপিল
  * I-130 * বিজনেস ইমিগ্রেশন
- ডিভোর্স / ম্যাট্রিমনিয়াল
  * চাইল্ড সাপোর্ট * কাস্টডি
- এক্সিডেন্ট এন্ড ইনজুরি
- রিয়েল স্টেট ক্লোজিং
- ল্যান্ডলর্ড এন্ড ট্যানেন্ট
  * ইভেকসান
- সিভিল কোর্ট প্রসিডিংস



৬ দিনই খোলা

এটর্নী জান্নাতুল রুমা
জুরিস ডক্টর
এটর্নী এ্যাট ল' (নিউইয়র্ক)

বিশ্বস্ততার সাথে বাংলাদেশী কমিউনিটিকে আইনি সহায়তা প্রদান

(516) 549-6707
(718) 427-1233
37 11 74th Street,Suite # F2
Jackson Heights, NY 11372
rumalawny@gmail.com
www.rumalawny.com



ওয়াগনারপ্রধানের অবস্থান নিয়ে ধোঁয়াশা!

ঢাকা ডেস্ক, ১৬ জুলাই : রাশিয়ার আলোচিত সশস্ত্র ভাড়াটে ওয়াগনার বাহিনীর কিছু যোদ্ধা বেলারুশে দেশটির সেনাদের প্রশিক্ষণ দিচ্ছে। এই খবর ছড়িয়েছে একাধিক আন্তর্জাতিক সংবাদমাধ্যমে। এর সত্যতা নিশ্চিত করে বিবৃতি দিয়েছে বেলারুশের প্রতিরক্ষা মন্ত্রণালয়।

বিশ্বের সবচেয়ে বড় ভাড়াটে বাহিনীটি কয়েক দিন হলো বেলারুশের সেনাসদস্যদের প্রশিক্ষণ দিচ্ছে বলে শুক্রবার (১৪ জুলাই) টেলিগ্রামে জানিয়েছে দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয়। বিবৃতিতে বলা হয়েছে, দায়িত্বরত কর্মকর্তারা যুদ্ধক্ষেত্রে নিয়মকানুন এবং কৌশলগত দক্ষতা অর্জনের জন্য প্রশিক্ষণ নিয়েছেন।

প্রশিক্ষক হিসেবে ওয়াগনারের সামরিক শাখার যোদ্ধারা উপস্থিত ছিলেন বলে দাবি করেছে মিনস্ক। প্রকাশিত ভিডিওতে বেলারুশের কয়েকজন সেনাকে দেখা গেছে। কতজন ওয়াগনারের সেনা বেলারুশে অবস্থান করছেন বিষয়টি স্পষ্ট করেননি সংশ্লিষ্টরা।

মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়েছে, ওয়াগনারের প্রশিক্ষকদের মাধ্যমে বেলারুশের আসিপোভিচির কাছে আঞ্চলিক প্রতিরক্ষা সেনাদের ইউনিট প্রশিক্ষণ নিচ্ছে।

তবে ওয়াগনারপ্রধান ইয়েভজেনি প্রিগোজিন কোথায় এ বিষয়ে কিছু জানায়নি মিনস্ক। তার অবস্থান নিয়ে ধোঁয়াশা রয়ে গেছে।

গত মাসের শেষের দিকে মস্কোর সামরিক নেতৃত্বের বিরুদ্ধে রাশিয়ায় ঢুকে বিদ্রোহ করে ওয়াগনার বাহিনী। এর নেতৃত্ব দেন দলটির প্রতিষ্ঠাতা প্রিগোজিন। পরে বেলারুশের প্রেসিডেন্ট আলেক্সান্ডার লুকাশেঙ্কোর মধ্যস্থতায় বিদ্রোহ থামিয়ে নিজেদের অবস্থানে ফিরে যান যোদ্ধারা। এ নিয়ে পুতিনের সঙ্গে সম্পর্ক চরমে পৌঁছেছে প্রিগোজিনের। লুকাশেঙ্কোর সঙ্গে সম্পাদিত চুক্তি অনুযায়ী বেলারুশে চলে যাওয়ার কথা ওয়াগনারের।

এর আগে আন্তর্জাতিক গণমাধ্যমগুলো জানিয়েছিল, ওয়াগনারপ্রধান তার সেনাদের নিয়ে বেলারুশে চলে গেছেন। কিন্তু খোদ বেলারুশের প্রেসিডেন্ট কয়েকদিন আগে বলেছেন, প্রিগোজিন রাশিয়াতেই অবস্থান করছেন। তাছাড়া বিগত কিছু দিন ধরে ওয়াগনারপ্রধানকে প্রকাশ্যেও দেখা যাচ্ছে না। স্বাভাবিক কারণেই তাকে নিয়ে নানা জল্পনা-কল্পনা তৈরি হচ্ছে।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Really Inc.

আমাদের সেবা সমূহঃ
- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.
Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস
সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট

New Price বিশাল মূল্যহ্রাস



রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)



প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেওলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ

বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



লাইভ তেলাপিয়া	$3.49/lb
লাইভ রাফেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

শাইক কার্টকিস, স্যালমন, স্ট্রাইপ বাস, সীবাস, স্নেপার, হ্যালিবুট, ব্রিম্স, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

দেশী স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমনেলেস ফ্রাইস	$ 9.99
ফ্রোজেন স্যালমন ফ্রাইস	$ 18.99
পাঙ্গাস স্যালমন ফ্রাইস	$ 13.99
সুলতানা স্যালমন ফ্রাইস	$ 12.99

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com



জ্যাকসন হাইটসে শামীম ওসমানের সঙ্গে কি ঘটেছিল?

(প্রথম পাতার পর)

বলে অভিযোগ তার।

১৫ জুলাই শনিবার জ্যাকসন হাইটসে আওয়ামী লীগ নেতা শামীম ওসমানকে হেনস্তা করার অভিযোগ ওঠে। যার জের ধরে নোয়াখালীর সোনাইমুড়ীতে প্রবাসী বাদল মির্জার গ্রামের বাড়িতে হামলা করেছেন ছাত্রলীগের নেতা-কর্মীরা। বাদলের বাড়িতে হামলা চালিয়ে ভাঙচুর ও ককটেল বিস্ফোরণ ঘটানো হয়।

হামলাকারীদের বিষয়ে ক্ষতিগ্রস্ত পরিবারের পক্ষ থেকে কিছু জানানো হয় নাই । তবে স্থানীয় একাধিক সূত্র বলছে, ছাত্রলীগের নেতা-কর্মীরা এ হামলার সঙ্গে জড়িত।

ঘটনার সত্যতা নিশ্চিত করে জয়াগ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শওকত আকবর বলেন, 'বাদল দেশে থাকার সময় রাজমিস্ত্রি (নির্মাণশ্রমিক) হিসেবে কাজ করত। ২০১২ সালে সে দক্ষিণ আফ্রিকায় যায়। আফ্রিকা থেকে আমেরিকা গেয়েছিল বলে শুনি। আমেরিকায় গিয়ে নিজের নামের সাথে মির্জা পদবি ব্যবহার করে বাদল থেকে বাদল মির্জা হয়ে যায়। দেশে তার বাবা-মা ও বড় ভাই হাসানুজ্জামান বিপব থাকে। শামীম ওসমানের ঘটনার প্রতিবাদে সকালে ছাত্রলীগের কয়েকজন বিক্ষুব্ধ নেতা-কর্মী তার বাড়িতে হামলা চালিয়েছে বলে লোকের মুখে ও ফেসবুকে দেখেছি। হামলার সময় বাদলের পরিবারের কেউ বাড়িতে ছিল না।'

সম্প্রতি সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া ভিডিও এবং স্থানীয় সূত্রে জানা যায়, ১২ জুলাই স্থানীয় সময় সন্ধ্যায় যুক্তরাষ্ট্র সফররত শামীম ওসমানের সঙ্গে প্রথমে বাগ্ বিতণ্ডা ও পরে তাঁকে হেনস্তার চেষ্টা করেন সোনাইমুড়ীর বাদল। সেই ভিডিও-ছবি ছড়িয়ে পড়ার পর ঘটনার সঙ্গে সোনাইমুড়ীর বাদল জড়িত এটি শনাক্ত হওয়ার পর স্থানীয় ছাত্রলীগ ও আওয়ামী লীগের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। এর সূত্র ধরে আজ সকালে সোনাইমুড়ী উপজেলা ছাত্রলীগের নেতা-কর্মীরা ৫০-৬০টি মোটরসাইকেল নিয়ে বাদলের বাড়িতে হামলা চালিয়ে ভাঙচুর ও ককটেল বিস্ফোরণ ঘটান।

ব্যাপারে জানতে চাইলে সোনাইমুড়ী উপজেলা ছাত্রলীগের সভাপতি দেলোয়ার হোসেন সুজন বলেন, 'একজন আওয়ামী লীগের নেতাকে এভাবে অপমান করা মানে আমাদের দলকে অপমান করা। আমরা এ ঘটনার প্রতিবাদ জানিয়েছি। প্রতিবাদের অংশ হিসেবে সকালে আমি ও আমাদের সাধারণ সম্পাদক শ্যামল উদ্দিনসহ ছাত্রলীগের নেতা-কর্মীরা প্রায় ৫০-৬০টি মোটরসাইকেল নিয়ে প্রথমে বাদলের বাড়ির সড়কে ও সামনে বিক্ষোভ মিছিল করি। পরে প্রায় ৩০ জন নেতা-কর্মী তার বাড়িতে প্রবেশ করে। তবে বাদলের ঘরে তালা লাগানো ছিল এবং পরিবারের কেউই ছিল না। পরে লোকজনের কাছ থেকে আমরা জানতে পারি, আমাদের বিক্ষোভ মিছিল দেখে তারা ঘরে তালা দিয়ে পালিয়ে গেছে। নেতা-কর্মীরা কয়েকটি পটকা ফাটিয়েছে, এর বাইরে আর কিছু হয়নি।'

সোনাইমুড়ী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জিয়াউল হক জিয়া বলেন, 'খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। বাদলদের ঘরের বাইরে লাঠি দিয়ে আঘাত আর কিছু পটকার বিস্ফোরণ হয়েছে বলে জানা গেছে। তবে এ বিষয়ে কেউ আমাদের কিছু জানায়নি।'

এর আগে গত ১২ জুলাই যুক্তরাষ্ট্র সফররত নারায়ণগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য এ কে এম শামীম ওসমানকে নিউইয়র্কে বাংলাদেশি ব্যবসায়ীদের প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটসের ৭৩ স্ট্রিটে হেনস্তার চেষ্টা চালায় কতিপয় যুবক। তারা শামীম ওসমানকে দেখে তাকে উদ্দেশ্য করে অশালীন ভাষা ব্যবহার করে। এক পর্যায়ে ওই যুবকদের সঙ্গে শামীম ওসমানের সমর্থকদের ঠেলাধাক্কা ও উত্তপ্ত বাক্য বিনিময় হয়। শামীম ওসমান নিজেই পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করেন। মনজুর ডালি নামে ব্যক্তির টুইট বার্তায় শামীম ওসমানের একটি ভিডিও প্রকাশিত হয়েছে, যাতে তিনি ঘটনার বর্ণনা দিয়েছেন। তাতে বলেছেন, নিউইয়র্কে বেড়াতে এসে জ্যাকসন হাইটসে চা খেতে গিয়ে এই হেনস্তার শিকার হয়েছিলেন তিনি। শামীম ওসমান বলেন, সে সময় তিনি সড়ক দিয়ে যাচ্ছিলেন পথে কয়েকজন তাকে উদ্দেশ্য করে আজেবাজে উক্তি করতে থাকেন। শামীম ওসমানের দাবি ওই ব্যক্তিরা তাকে গালিগালাজ করেন ও বঙ্গবন্ধুকে নিয়ে কটুক্তি করেন। এর প্রতিবাদ না করে তিনি তাদের শান্ত করার চেষ্টা করেন এবং বোঝানোর চেষ্টা করেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, স্থানীয় সময় বুধবার সন্ধ্যার পর বাংলাদেশি ব্যবসায়ীদের প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটসের লিটল বাংলাদেশ (৭৩ স্ট্রিট) এলাকায় যান শামীম ওসমান। তিনি একটি কালো রঙের রেঞ্জ রোভার গাড়িতে ছিলেন। তাকে দেখামাত্র রাস্তার বিপরীতে থাকা কয়েকজন যুবক 'ভুয়া' 'ভুয়া' স্লোগান দেয়। যুবকদের একজন রাব্বী এবং তিনি নিউইয়র্ক মহানগর বিএনপির নেতা বলে জানা গেছে। বাংলাদেশিদের মুখে স্লোগান শুনে গাড়ি থেকে নেমে রাস্তা পার হয়ে তাদের কাছে যান শামীম ওসমান। এসময় স্লোগান দেওয়া এক ব্যক্তির সঙ্গে কথা বলেন তিনি। তাকে লক্ষ্য করে শামীম ওসমান বলেন, 'মনে রাইখো, আমার নাম শামীম ওসমান।' জবাবে ওই ব্যক্তি বলেন, 'ওইটা জানি, আপনারে চিনি।' এ ঘটনার পরপরই শামীম ওসমানকে চায়ের আমন্ত্রণ জানিয়ে এক যুবককে বলতে শোনা যায়, প্রধানমন্ত্রী ওয়াশিংটন ডিসিতে এসে আমাদের চায়ের দাওয়াত দিয়েছেন। কিন্তু আমরা চা খেতে পারিনি। এসময় শামীম ওসমান তাদের সঙ্গে রাস্তায় দাঁড়িয়ে চা পান করেন।

এদিকে, ৭৩ স্ট্রিটে এ ঘটনার রেশ চলতে থাকে কিছু সময়। খবর পেয়ে আওয়ামী লীগের কিছু নেতা-কর্মী সেখানে উপস্থিত হন। স্লোগান দেওয়া যুবকদের সঙ্গে তাদের ঠেলাধাক্কার ঘটনাও ঘটেছে। শামীম ওসমান এসময় পরিস্থিতি শান্ত করার চেষ্টা করেন। তিনি ওই যুবকদের শান্ত হতে বলেন। দলের নেতা-কর্মীদেরও শান্ত করেন। জ্যাকসন হাইটসে উপস্থিত সাধারণ প্রবাসীরা এ ঘটনায় উষ্মা প্রকাশ করেন। তাদের বলতে শোনা যায়, শামীম ওসমান কে এটা বড় কথা নয়। তিনি বেড়াতে এসেছেন। আমাদের মেহমান। তাকে হেনস্তার চেষ্টা করা মানে প্রবাসীদের ছোট করা। বিদেশের মাটিতে বাংলাদেশের সুনাম ক্ষুণ্ন করা হয়।

উলেখ্য, শামীম ওসমানকে যুক্তরাষ্ট্রে ঢুকতে দেওয়া হচ্ছে না বলে কিছু দিন ধরে প্রোপ্রাগাণ্ডা চলছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। কিন্তু গত দুই বছর ধরে সপরিবারে নিয়মিত যুক্তরাষ্ট্র সফর করছেন সংসদ সদস্য শামীম ওসমান। নিউইয়র্কে তার কিছু কাছের আত্মীয় স্বজন আছেন। নিউইয়র্কের স্বনামধন্য বাংলাদেশি আমেরিকান চিকিৎসক ও মেডিসিন বিশেষজ্ঞ শামীম আহমেদ তার ভগ্নিপতি। এছাড়া অসংখ্য বন্ধু-বান্ধব রয়েছে তার।


শামীম ওসমানকে হেনস্তার চেষ্টার ঘটনায় সামাজিক যোগাযোগ মাধ্যমে অনেক প্রবাসী নিন্দা জানিয়েছেন। প্রধানমন্ত্রীর সাবেক ডেপুটি প্রেস সেক্রেটারি ও সাংবাদিক আশরাফুল আলম খোকন তার ফেসবুকে লিখেছেন - 'শামীম ওসমান এমপি নিউইয়র্কে এসেছেন। যারাই আসেন তারা সাধারণত বাংলাদেশি অধ্যুষিত এলাকা জ্যাকসন হাইটস, জ্যামাইকা, ব্রুকলিন ও ব্রঙ্কস ঘুরতে আসেন। তারা মেহমান। তিনিও এসেছেন। জ্যাকসন হাইটসে শামীম ওসমানকে হেনস্তা করার চেষ্টা করেছেন কিছু প্রবাসী। তারা রাজনৈতিকভাবে কোন মতাদর্শের, তা সবাই জানেন। তাদের দলের সিনিয়র নেতাদেরও ওইসব এলাকায় প্রায়ই পাওয়া যায়। ওইসব নেতাদের যদি এখন প্রতিপক্ষের তারা অপদস্ত করেন, তখন বিষয়টি কেমন হবে? রাজনীতি, পক্ষ-প্রতিপক্ষ সবখানেই থাকবে, কিন্তু কালচারটা নষ্ট করা উচিত না। তাহলে সবাইকেই এর খেসারত দিতে হবে।'

অপরাধীর কবলে পড়ার আতঙ্কে থাকে ৬১% নিউইয়র্কার: সিয়েনা জরিপ

বাংলা পত্রিকা রিপোর্টঃ নিউইয়র্ক স্টেটের ৬১ শতাংশ মানুষ সারাক্ষণই একটা আতঙ্কের মধ্যে কাটান। কখন তারা কোন অপরাধী তৎপরতার শিকার হয়ে বসেন সেই আশঙ্কা ঘিরে থাকে তাদের মনে। নিজেরই শুধু নয়, পরিবার পরিজনের নিরাপত্তা নিয়েও শঙ্কায় থাকেন তারা। সিয়েনা কলেজের পক্ষ থেকে পরিচালিত এক জরিপ প্রতিবেদনে এ তথ্য তুলে ধরা হয়েছে। বুধবার এই জরিপ প্রতিবেদন প্রকাশিত হয়। জরিপে দেখা গেছে, কোনো অপরাধী তৎপরতার শিকার হতে পারেন এম আশঙ্কা ভীষণ রকম কাজ করে ২১ শতাংশ উত্তরদাতার মনে। আর ৪০ শতাংশ জানিয়েছেন একটা আশঙ্কা সারাক্ষণই তাদের ঘিরে থাকে। অর্ধেকেরও বেশি অর্থাৎ ৫১ শতাংশ বলেছেন, তারা তাদের পরিবারের নিরাপত্তা নিয়ে সারাক্ষণ চিন্তিত থাকে। স্কুল, শপিং স্টোর এমনকি প্রার্থণা কেন্দ্রেও তাদের একই আশঙ্কা কাজ করে। উত্তরদাতাদের ৩৬ শতাংশ বলেছেন, অদ্ভুত আচরণকারীদের কারো কারো খপ্পড়ে তারা পড়েছেন গত ১ বছরে। তবে ৩৯ শতাংশ উত্তরদাতা বলেছেন, তাদের মনে কোন আশঙ্কাই কাজ করে না। ৫৮ শতাংশ অবশ্য মত দিয়েছেন তাদের মনে অতীতের চেয়ে এখন আতঙ্ক বাড়ে নি। সিয়েনা কলেজ রিসার্চ ইনস্টিটিউটের পরিচালক ডন লেভি বলেন, অপরাধ আর কেবল দূরের বিষয় নয়, যা কেবল অন্যের ক্ষেত্রেই ঘটবে, নিজে কিংবা নিজের পরিবারের কেউই হয়ে যেতে পারে এই অপরাধের শিকার, ঠিক এমনটাই ভাবছেন অধিকাংশ উত্তরদাতা। জরিপে আরও দেখানো হয়েছে, গত ১ বছরে উত্তরদাতাদের ৪০ শতাংশই অন্তত ১০০ ডলার ব্যয় করে এমন কিছু উপকরণ কিনেছেন যা তাদের নিরাপত্তায় কাজ লাগতে পারে। আর ১২ শতাংশ উত্তরদাতা এই খাতে ব্যয় করেছে ৫০০ ডলারের বেশি।এক তৃতীয়াংশ (৩৪%) জানিয়েছেন তারা বাড়িতে সিকিউরিটি ক্যামেরা বসিয়েছেন। মোশন সেন্সরসহ সিকিউরিটি লাইট বসিয়েছেন ৩২ % আর ২৫ শতাংশ উত্তরদাতা জানিয়েছেন তাদের বাড়িতে পেশাদার নিরাপত্তা সিস্টেম বসানো রয়েছে। জরিপে আরও উঠে এসেছে: - গত ১ বছরে প্রতি ১০ জনের মধ্যে ১ জন (৯%) নিউইয়র্কার কোনো না কোনো অপরাধের শিকার হয়েছেন। নগর অধিবাসীদের মধ্যে এই হার ১৬%, - ৯ শতাংশ নিউইয়র্ক অধিবাসী প্রতারণার শিকআর হয়েছেন, সিটি পর্যায়ে এর হারও ১৬%, - ৪০% নিউইয়র্কার চোখের সামনে অপরাধ ঘটতে দেখে। এবং বলেছেন, কমিউনিটির এটাই সবচেয়ে বড় আতঙ্কের বিষয়।

###





‘নেপোয় মারে দৈ’!

(শেষের পাতার পর)

যেভাবে খুশী নির্বাচন করার ওজিএল দিয়ে গেছেন। বিরোধীরা গাঁইগুই করে বলতে চাইছেন প্রকারান্তরে তিনি সরকারের ওপর চাপ বাড়িয়ে দিয়ে গেছেন। আমি বোঝার চেষ্টা করছি ওদের মূল সফরটা আসলে কোথায় ছিল, ভারতে না বাংলাদেশে! কিছু রুটীন দেখা সাক্ষাৎ আর পুরনো কিছু বুলি আওড়ানোর জন্য এতবড় একটা হাই পাওয়ার টীম ২০ ঘন্টা জার্ণি করে ঢাকা এসেছেন, এতটা আজাইর‍্যা সময় কি আজরা জিয়াদের আছে! হতে পারে তাদের মূল সফরটা ছিল ভারতে, ফেরার পথে বাংলাদেশে হাই হ্যালো করে গেলেন। অথবা কথাবার্তা যা ভারতেই সাড়া হয়ে গেছে, এখানে একটু ঢুঁ মেরে যাওয়া!

চরম বাস্তবতা হচ্ছে বর্তমান বিশ্বে দেশগুলো কেউ কারও নয়, যার যার নিজের। এখানে সম্পর্ক নির্দ্ধারিত হয় একেবারেই নিজেদের স্বার্থে। কোন দেশে কে মরলো বাঁচলো কোথায় গনতন্ত্র কোথায় স্বৈরতন্ত্র- এগুলো দেখার সময় কারও নাই। এসব নিয়ে মাথা ঘামানোর কিছু বিশেষ সংগঠন বা সংস্থা আছে। তারা পয়সা পায় মাথা ঘামায়, মাঝেমাঝে কিছু বানী বচন উপদেশ পরামর্শ উদ্বেগ ঝেড়ে পয়সা হালাল করে। এগুলো তাদের রুটীন ওয়ার্ক। ওসব কোন সরকার গায়েও মাখে না। বাংলাদেশের ব্যপারেও বিদেশীদের যতটুকু নাক গলানো তাদের নিজেদের প্রয়োজনেই। এখানেও জনমত কোনদিকে সাধারন মানুষ কি চায়- সে সবের চাইতে মূখ্য লক্ষ্য কার কাছে বা কোনটায় তাদের স্বার্থ বেশী নিহিত।

গেল বার ডোনাল্ড লু দিল্লী হয়ে ঢাকা এসে এই একই কাজ কিন্তু করেছিলেন। অনেক স্পেসিকুলেশন ছিল তিনি এই করবেন ওই বলবেন, কিন্তু যাওয়ার সময় একগাল হেসে মানবাধিকার উন্নয়নের একটা সার্টিফিকেট দিয়ে গেছিলেনমাত্র! এবারও যখন জানা গেল আজরা জিয়াও দিল্লী হয়েই আসছেন, সঙ্গত কারনেই অনেকের ভুরু কুঁচকেছিলো। সন্দেহ ছিল শেষ পর্যন্ত কোন দাওয়াইটা গিলে আসেন- বেশী চাপাচাপি করলে চায়নার কোলে গিয়ে উঠবে, অথবা সরকার বদলে গেলে মুসলমানরা দেশকে আফগানিস্তান বানিয়ে ফেলবে! যেটাই হোক, ঢাকায় নৈশভোজের পর তৃপ্তির ঢেকুর দেখে মনে হওয়া স্বাভাবিক উদরপূর্তি না হলেও কিছু সন্তুষ্টি নিয়েই দেশে ফিরে গেছেন তারা!

আজরা জিয়ার কথাবার্তা বডি ল্যাংগুয়েজ বা বিভিন্নজনের সাথে দেখা সাক্ষাতে যেন মনে হয়েছে যে কোন কারনে বাংলাদেশের বর্তমান সরকারের কাছে হয়তো তারা কোন বিষয়ে ঠ্যাকা। যে প্রধানমন্ত্রী নাকি আমেরিকা গিয়ে দ্বারে দ্বারে ঘুড়েও কোন সরকারি লোকের সাথে দেখা করতে পারেন নাই, সেই তারই সাথে আজরা জিয়ার একটা এ্যাপয়েন্টমেন্ট ফিক্স করার জন্য পিটার হাসকে তিনবার মূখ্য সচিবের সাথে দেখা করতে হয়েছে। প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাতে কোন নতুন বার্তা দিয়েছেন, এমনও না। শুধু শুনে এসেছেন। অনেকবার বলা কথা, একই আশ্বাষ। নতুন প্রাপ্তি হচ্ছে প্রধানমন্ত্রীর সাথে মার্কিন হাই পাওয়ার ডেলিগেটের একটা সেরিমোনিয়াল ছবি, যা বাঁধাই করে ক্রেডেনশিয়াল হিসেবে বাসার দেয়ালে টাঙিয়ে রাখা যায়! প্রেস ব্রিফিংয়েও আজরা জিয়ার বক্তব্যে নতুন কিছু পেলাম না। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সরকারের প্রশংসা, গনতন্ত্র মানবাধিকার অবাধ সুষ্ঠু নির্বাচন- সব ব্যপারেই চর্বিত চর্বন। এমনকি ‘অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর আশ্বাষের প্রতি আস্থা’- এটাও বেদান্ত প্যাটেল বলে রেখেছেন মাস ছয়েক আগেই। তত্বাবধায়ক বা সংলাপ প্রশ্নে রা’টি নাই! সংলাপের ব্যপারে এক সাংবাদিকের প্রশ্ন সুকৌশলে এড়িয়ে গেলেন। শুনেছিলাম সুশীল সমাজ বিভিন্ন রাজনৈতিক দল ব্যবসায়ী প্রতিনিধিসহ আরও কার কার সাথে নাকি বসবেন। বসলেন শুধু দুইজন মন্ত্রী আর প্রধানমন্ত্রীর সাথে, একঝলক রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন।

আমেরিকা বাংলাদেশে গনতন্ত্র সুষ্ঠু নির্বাচন চায়, তার জন্য কিছু অদ্ভূত আর হাস্যকর শর্ত দিয়ে রেখেছে। যেমন- বলছে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন হতে হবে কিন্তু দল-নিরপেক্ষ বা তত্বাবধায়ক সরকারের ব্যপারে কোন রা’ নেই। বাংলাদেশের একটা শিশুও জানে দলীয় সরকারের অধীনে এ দেশে কখনই সুষ্ঠু নির্বাচন হয় নাই ভবিষ্যতেও হবে না, অথচ আমেরিকা বিশ্বাস করতে চায়, এই সরকারের অধীনেই সুষ্ঠু নির্বাচন হবে! দ্বিতীয়তঃ, ভিসানীতি নাকি সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করবে। একদিকে বলছে বিরোধী দলের সভা সমাবেশে বাধা দিলে সরকারি লোকেরা ভিসানীতি খাবে আবার একই সাথে সুষ্ঠু অবাধ নির্বাচনের দাবীতে বিরোধী দল সহিংস আন্দোলন করলে তারাও ভিসনীতি খাবে! শুধু তাই না, কেউ যদি এক তরফা বা কোন প্রহসনের নিবাচন প্রতিহত করতে যায় তাকেও একই ভাগ্য বরণ করতে হবে!

তাহলে অর্থ কি দাঁড়ালো! থোরবড়ি খাড়া খাড়াবরি থোড়! ফলে এই অদ্ভূত শর্ত, পাশাপশি সরকারি কর্তাদের সাথে গায়েপরা ভাব দেখলে সন্দেহ তো জাগবেই আমেরিকা আসলেই কি চায়! কেউ কেউ অবশ্য বলছেন খেলা এখনও সামনে অনেক বাকি। আবার আশায় বুক বাঁধতে কেউ নিজেকে প্রবোধ দিচ্ছেন দওস্তাদের মাইর শ্যাষ রাইতেদ বলে!

তবে এই সফর উপলক্ষ্যে দুই প্রধান দলের রাজনৈতিক দেউলিয়াত্ব দেখে বেশ কৌতুক অনুভব করলাম! কে বা কারা বুদ্ধি দিলো উনারা ঢাকায় থাকতে থাকতেই একটা বড় শো ডাউন দেখাতে পারলে দলের জনপ্রিয়তা তারা বুঝতে পারবেন। রাতারাতি ১৫ থেকে ১২তে এসে গেল মিটিং। আর এক দল দেখলো হায়হায় ওরা তো বাজী মেরে দিলো! মাত্র কয়েক ঘন্টার নোটিশে তারাও একটা ডেকে দিলো! বিএনপি হয়তো ভেবেছিলো এতবড় শোডাউন দেখে অতিথিরা তাদের সাথে বসবেন। কিন্তু তা হলো না, এমনকি তারা যে দাবীতে লড়ছে সে ব্যপারে মামুর ব্যাটারা টু শব্দটিও উচ্চারণ করলেন না। মাঝ-খান থেকে সরকারের ঝুলিতে একটা প্লাসপয়েন্ট যুক্ত হলো। ‘নেপোয় মারে দৈ’! আজরা জিয়া দুই সমাবেশের উদাহরণ দিয়ে সরকারকে ধন্যবাদ দিলেন নির্বিঘ্নে সমাবেশ দু’টো হতে দেওয়ার জন্য!

আপাততঃ মার্কিন হাই পাওয়ার প্রতিনিধি দলের ঢাকা সফর থেকে এই হচ্ছে প্রাপ্তি!

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।


















বর্ণাঢ্য অয়োজনে 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস' ১২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মা-বাবা আর দেশের সেবা করুন

-কাজী আকরাম উদ্দিন আহমেদ

(শেষের পাতার পর)

স্ট্যান্ডার্ড এক্সপ্রেস ইউএসএ'র প্রেসিডেন্ট ও সিইও আব্দুল মালেকের সভাপতিত্বে অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করা হয়। এরপর ফুল দিয়ে অতিথিদের শুভেচ্ছা জানানো হয়। মূল পর্বে অতিথিদ্বয় ছাড়াও অন্যান্যের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা খান মিরাজ, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, সোনালী এক্সচেঞ্জ ইনক'র প্রেসিডেন্ট ও সিইও দেবশ্রী মিত্র, বিএ এক্সপ্রেস-এর প্রেসিডেন্ট ও সিইও আতাউর রহমান, সানম্যান এক্সপ্রেস-এর প্রেসিডেন্ট ও সিইও মাসুদ রানা তপন, সাবা এক্সপ্রেস-এর প্রেসিডেন্ট ও সিইও এ এইচ এম নাজমুল করীম, গ্রহকদের পক্ষ থেকে বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন তালুকদার, ঢাকা আহ-সানিয়া মিশন ইউএস চ্যাপ্টারের সাধারণ সম্পাদক আনি-সুল কবীর জাসির ও ব্রুকলীনে বসবাসকারী মাহবুবুর রহমান এবং 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস'জ্যাকসন হাইটস শাখার ম্যানেজার মতিউর রহমান। অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন বিশিষ্ট উপস্থাপন আশরাফুল হাসান বুলবুল।

অনুষ্ঠানে কাজী আকরাম উদ্দিন আহমেদ ইতিপূর্বে নিউইয়র্কে 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস' প্রতিষ্ঠা ও যাত্রা শুরুর স্মৃতিচারণ করে বলেন, আমি আল্লাহতায়ালার কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি। 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস' ১২ বছর ধরে প্রবাসীদের সেবা দিয়ে যাচ্ছেন এবং আগামীতেও সেবার মান আরো বৃদ্ধি করা হবে। তিনি বলেন, ব্যাংক প্রতিষ্ঠা আমার স্বপ্ন। সেই স্বপ্নের একটি অংশ 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস'। দেশবাসী আর প্রবাসীরা মিলে-মিলেই দেশ সেবা করছেন। তিনি সঠিক পথে ব্যাংকের মাধ্যমে দেশে অর্থ প্রেরন ও বিনিয়োগের জন্য প্রবাসীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, বিগত দিনে 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস' প্রবাসীদের সহযোগিতায় ১২ বিলিয়ন ডলার দেশে প্রেরণ করা সম্ভব হয়েছে। তিনি বলেন, আমরা যে যেখানেই থাকি না কেনো, সবার মনে রাখতে হবে আমরা সবাই বাংলাদেশের মানুষ। তিনি বলেন, আজ পদ্মা সেতু হয়েছে, মেট্রোরেল হয়েছে, কর্ণফুলী ট্যানেল হচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, আমরা পারি, আমরাই পারবো। প্রধানমন্ত্রীর এই মূলমত্র হচ্ছে প্রবাসীদের রেমিটেন্স। তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের প্রশংসা ও 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহানের দেশপ্রেমের কথা তুলে ধরেন এবং মা-বাবা আর দেশের সেবা করার আহ্বান জানান।

ড. মনিরুল ইসলাম তার বক্তব্যে 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস' ১২ বছর পূর্তিতে অভিনন্দন জানিয়ে বলেন, দেশের অর্থনীতিতে রেমিটেন্স আর এক্সপোর্ট বিশেষ অবদান রেখে চলেছে। মহামারী করোনা আর ইউক্রে-রাশিয়ার যুদ্ধের পরও বাংলাদেশ টিকে আছে প্রবাসীদের রেমিটেন্সের কারনে। আজ দেশে পদ্মা সেতু স হবড় বড় মেঘাপ্রকল্প হচ্ছে প্রবাসীদের রেমিটেন্সের কারনেই। তিনি দেশের কল্যানে প্রবাসীদের আরো ভূমিকা রাখার আহবান জানান।

আব্দুল মালেক তার বক্তব্যে 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস' প্রতিষ্ঠার স্মৃতিচারণ করে বলেন, আমি একটি প্রতিষ্ঠনে কাজ করার সময় বিগত ২০১০ সালের জানুয়ারী মাসের মাঝামাঝি সময়ে নিউইয়র্ক সফলকালীন সময়ে প্রচন্ড বরফের মধ্যে স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড, বাংলাদেশ-এর চেয়ারম্যান কাজী আকরাম উদ্দিন আহমেদ প্রবাসীদের নিরাপদে অর্থ প্রেরণ আর দেশের কথা ভেবে তার স্বপ্নের কথা জানান। সেই স্বপ্ন আজ বাস্তবে পরিণত হয়েছে। পরবর্তীতে ২০১১ সালের মার্চ মাসে অনানুষ্ঠানিকভাবে 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস' চালু হলেও একই বছরের ১১ জুলাই আনুষ্ঠআনকভাবে উদ্বোধন হয়। আজ ১২ বছরে 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস'। তবে এই যাত্রা সহজ ছিলো না।

আব্দুল মালেক বৈধ পথে দেশে অর্থ প্রেরণের জন্য প্রবাসীদের প্রতি আহ্বান বলেন, অবৈধ পথে বা হুন্ডির মাধ্যমে দেশে অর্থ প্রেরিত হলে সেই অর্থ সঠিকভাবে ব্যবহৃত হবে না। এই অর্থ মাদক, নেশাসহ খারাপ কাজে ব্যবহৃত হবে। তাই নতুন প্রজন্ম সহ দেশবাসীকে রক্ষায় বৈধ পথে অর্থ প্রেরনের বিকল্প নেই। তিনি 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস'-এর সেবার মান আরো বৃদ্ধির প্রতিশ্রুতি দিয়ে বলেন, যেকোন সমস্যায় গ্রহকদেও সরাসরি তার সাথে যোগাযোগের আহ্বান জানান।

অনুষ্ঠানে প্রবাসে বসবাসকারী বীর মুক্তিযোদ্ধাগণ ছাড়াও বিশিষ্ট ব্যবসায়ী, কমিউনিটি নেতৃবৃন্দ সহ 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস' বিপুল সংখ্যক গ্রহক উপস্থিত ছিলেন। নৈশভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

উল্লেখ্য, নিউইয়র্কে 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস'-এর ৮টি শাখা পরিচালিত হচ্ছে এবং এই শাখাগুলোতে ৫০ হাজারোধিক গ্রাহক রয়েছে।







Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
Authorized e-file Provider

কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিপু ভাভাত
ফারহানা আমিরান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



নতুন নারী চ্যাম্পিয়ন পেল উইম্বলডন

(শেষের পাতার পর)

ওপেন যুগে প্রথম অবাছাই হিসাবে শিরোপা জিতলেন চেক প্রজাতন্ত্রের এই খেলোয়াড়। ২০১৭ সাল থেকে নারীদের বিভাগে কোনও খেলোয়াড় ট্রফি ধরে রাখতে পারেননি। প্রতিবারই দেখা গেছে নতুন চ্যাম্পিয়ন। এবারও তার ব্যতিক্রম হয়নি। তবে টানা দুই বার রান-ারআপ হয়েই সন্তুষ্ট থাকতে হলো জাবেরকে।

শনিবারের ফাইনালে জাবেরের বিপক্ষে ভন্দ্রোসোভার পারফর্মেন্স এতটাই বিধ্বংসী ছিল যে, এটি ফাইনাল ছিল নাকি প্রথম রাউন্ডের ম্যাচ বোঝা মুশকিল! প্রথম রাউন্ড থেকে জাবেরের আগ্রাসী খেলা দেখে আসছিলেন উইম্বলডনের দর্শকেরা।

সময়ের সঙ্গে সঙ্গে তিনি আরও আগ্রাসী হয়ে উঠছিলেন। কিন্তু ফাইনালে ভুল করার রোগ তার এখনো সারেনি। এই ম্যাচে তার 'আনফোর্সড এরর' (অনিচ্ছাকৃত ভুল) ছিল ৩১টি! যেখানে মাত্র ১৩টি ভুল করেছেন ভন্দ্রোসোভা।

প্রথম সেটে এক সময় জয়ের অবস্থায় ছিলেন জাবের। কিন্তু টানা চারটি গেম জিতে ম্যাচ ঘুরিয়ে দেন ভন্দ্রোসোভা। দ্বিতীয় গেমের শুরু থেকে ভন্দ্রোসোভা আরও আগ্রাসী হয়ে ওঠেন। প্রথম গেমেই তিনি জাবেরকে ব্রেক করেন। পরের সেটে জাবেরও ব্রেক করেন ভন্দ্রোসোভাকে। চতুর্থ গেমে আবার ভন্দ্রোসোভাকে ব্রেক করে ৩-১ সেটে এগিয়ে যান।

পরের সেটেও ভন্দ্রোসোভা পরের সেটে ব্রেক করেন জাবেরকে। তাই ৪-৩ সেটে এগিয়ে গিয়েও ম্যাচ ধরে রাখতে পারেননি জাবের। টানা তিনটি গেম জিতে শিরোপা উঁচিয়ে ধরেন ভন্দ্রোসোভা।

মহিউদ্দীন দেওয়ান গ্রেফতার : জামিনে মুক্ত

(শেষের পাতার পর)

কোষাধ্যক্ষ নওশেদ হোসেনের মামলার প্রেক্ষিতে তাকে পুলিশ আটক করেছে। নওশেদ হোসেনের অভিযোগের প্রেক্ষিতে পুলিশ ইতিপূর্বে তার বাসায় গিয়ে তাকে পুলিশ প্রিসিংকটে দেখা করার কথা জানালে মহিউদ্দিন দেওয়ার বুধবার বিকেল ৭টার দিকে স্থানীয় প্রিসিংকটে গেলে তাকে গ্রেফতারের কথা জানানো হয়। তার পরিবারের পক্ষ থেকে জামিনের উদ্যোগে নেয়া হয়েছে। এদিকে তার ঘনিষ্টজন জানান, বৃহস্পতিবার সকালে মহিউদ্দিন দেওয়ান অসুস্থবোধ করলে তাকে স্থানীয় এলমহার্স্ট হাসাপাতালে নেয়া হয়। ফলে তার জামিন প্রক্রিয়া বিলম্বিত হয়।

পরবর্তীতে গত শুক্রবার বিকেল সাড়ে ৪টায় কুইন্স কোর্ট থেকে মহিউদ্দিন দেওয়ান জামিন লাভ করেন। এ সময় তার স্ত্রী, ছেলে, ভাই জসিম, ঘনিষ্ট বন্ধু কাজি তোফায়েল ইসলাম, মফিজুল ভূইয়া রুমি, বাবু, তপন, কেনেডি ও আযম কোর্টে উপস্থিত ছিলেন বলে জানা গেছে।





ATTORNEY
M. MUSTAFA
(A full service Law Firm)
LLB Honors (1st Class)
LLM (1st Class). Bangladesh
Barrister-At-Law, London
Attorney-At-Law. NY
718-487-4873

PERSO AL INJURY & DEATH DAMAGES CLAIMS
- Lead Poisoning
- Construction Work
- Slip and Fall
- Medical & dental Malpractice
- Hospital Negligence
- Delayed Treatment
- Failure to Diagnose
- Cancer & other fatal diseases
- Anesthesia & Gynecologic Surgery Malpractice
- Defective Child Birth
- Nursing Home Neglect and abuse etc.
- Wrongful Death Claim
- Car and Bi-cycle Accident and injury
- Taxi, Bus- Subway, and Train accidents
- Elevator and Escalator Accident
- Explosion and Fire Accident
- Defective product and electrical shock

IMMIGRATION MATTERS
- Green Card through "EB1 TO EB5"
- Political Asylum
- Detention and Bond
- All immigration court issues and cases
- Cancellation of Removal
- Adjustment of Status
- Condition Removal
- Business Immigration HB, L1, E2
- Green Card Replacement /Renew
- Complex Citizenship
- Re-entry permit
- Collection of Immigration Record
- Waiver
- Deportation
- Family Petitions
- Green card through Adoption or Orphan
- Immigration Appeals and Motions
- Canadian Immigration
- Student Visa process for USA, Canada, UK

GENERAL PRACTICE AREAS
- Divorce and Family Matter
- Child Support and Modification
- Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure
- Bankruptcy
- All civil Matters
- Landlord-Tenant
- Incorporation
- Power of Attorney
- Wills, Trust, and Estate Planning
- Overtime and Wages Issue
- All Criminal Matters

148-45 Hillside Ave, Suite 203, Jamaica, NY 11435
Phone : 718-487-4873 Text : 917-285-6247 Email : abmostofa1@gmail.com

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার
MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine
Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:
718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com

আলহামদুলিল্লাহ -এর মর্মকথা

(শেষের পাতার পর)

এটি দ্বিতীয় বাক্য। প্রথম বাক্যটি হলো, সুবহানা'আল্লাহ। যাকে ইসলামী পরিভাষায় তাসবীহ বলা হয় এবং আলহামদুলি'আল্লাহকে বলা হয় তাহমীদ বা কালিমাতুশ শোকর। আল্লাহর গুণাগুণ বর্ণনা করা প্রতিটি মানুষের জন্য সভ্যতা ও সংস্কৃতির রীতি-নীতি। সচেতনতা ও আন্তরিকতার সাথে এ রীতির অনুসারী হলে অনিবার্যভাবে মানুষ কয়েকটি সুফল লাভ করতে পারে। এক: মানুষ অনেক খারাপ কাজ থেকে নিস্কৃতি পেতে পারে। কারণ আল্লাহর নাম উচ্চারণ করার অভ্যাস তাকে প্রত্যেকটি কাজ শুরু করার আগে এ কথা চিন্তা করতে বাধ্য করবে যে, যথার্থই এ কাজে আল্লাহর নাম উচ্চারণ করার কোন ন্যায়সংগত অধিকার তার আছে কি না। দুই: বৈধ সঠিক ও সৎকাজ শুরু করতে গিয়ে আল্লাহর নাম নেয়ার কারণে মানুষের মনোভাব ও মানসিকতা সঠিক দিকে মোড় নেবে। সে সব সময় নির্ভুল বিন্দু থেকে তার কাজ শুরু করবে। তিন: এ ক্ষেত্রে সবচেয়ে বড় সফলতা হচ্ছে এই যে, আল্লাহর নামে যখন সে কাজ শুরু করবে তখন আল্লাহর সাহায্য, সমর্থন ও সহায়তা তার সহযোগী হবে। তার প্রচেষ্টায় বরকত হবে। শয়তানের বিপর্যয় ও ধ্বংসকারিতা থেকে তাকে সংরক্ষিত রাখা হবে। বান্দা যখন আল্লাহর দিকে ফিরে তখন আল্লাহও বান্দার দিকে ফিরেন, এটাই আল্লাহর রীতি।

পৃথিবীতে মহান আল্লাহ আমাদেরকে এমন অসংখ্য নিয়ামতরাজি দান করেছেন যা গুণে শেষ করা যাবে না। আল্লাহ তা'আলা বলেন,"যদি তোমরা আল্লাহর নিয়ামতসমূহ গুণতে চাও তাহলে গুণতে পারবে না। আসলে তিনি বড়ই ক্ষমাশীল ও করুণাময়।"(সুরা নাহল:১৮) এই অসংখ্য নিয়ামতের জন্য যদি আমরা সারাজীবন তাঁর প্রশংসা করতে থাকি, তথাপি তাঁর একটি নিয়ামতের শুকরিয়া আদায় করা যাবে না। এ জন্য আমাদের জীবন ব্যবস্থা এমনভাবে গড়ে তুলতে হবে যে, সারাক্ষণ কোন না কোনভাবে যেনো মুখ থেকে আল্লাহর যিকরের শব্দ বেরিয়ে আসে। যে কোন কথা-বার্তা ও কাজে-কর্মেচেতনে-অবচেতনে আল্লাহর নাম চলে আসবে। তবে এরূপ অবস্থা সৃষ্টি হওয়া খুব সহজ ব্যাপার নয়। কোন লোকের মধ্যে এরূপ অবস্থা ততক্ষণ পর্যন্ত সৃষ্টি হয় না যতক্ষণ তার হৃদয়ে আল্লাহর চিন্তা-খেয়াল সম্পূর্ণ দৃঢ়মূল হয়ে না যাবে। চেতনার স্তর হতে অবচেতন ও অনবচেতন পর্যন্ত আল্লাহর চিন্তা গভীর হয়ে গেলেই একজন লোকের এ অবস্থা হতে পারে যে সে যে কাজই করবে আর যে কথাই বলবে তাতে আল্লাহর নাম সে অবশ্যই উচ্চারণ করবে। যেমন খাওয়ার পূর্বে বিসমিল্লাহ, খাওয়ার পর আলহামদুলিল্লাহ, বিছানায় যেতে এবং শয্যা ত্যাগের সময় আল্লাহকে স্বরণ করবে। সাধারণ কথা বার্তায় মুখে বারে বারে বিসমিল্লাহ, আলহামদুলিল্লাহ, ইনশায়াল্লাহ, মাশাআল্লাহ, সুবহান'আল্লাহ, যাযাকা'আল্লাহ ও অনুরূপ অর্থের অন্যান্য শব্দ বা বাক্যবের হতে থাকবে। নিজের সকল ব্যাপারে আল্লাহর রহমত ও সাহায্যের প্রার্থনা করবে। আল্লাহর প্রতিটি নিয়ামতের জন্য আল্লাহর শোকরিয়া আদায় করবে। বিপদ-মুসিবত ও বিভিন্ন জটিলতার জন্যকেবলমাত্র আল্লাহর দিকে মুখ করবে এবং আল্লাহরই সাহায্যের মুখাপেক্ষী হবে। রাসুল স: যে কোন বিপদে-মুসিবতে নামাযে দাঁড়িয়ে যেতেন। মোট কথা উঠতে-বসতে, চলতে-ফিরতে ও দুনিয়ার সব কাজ করতে আল্লাহর স্বরণ-আল্লাহর নাম করাই হবে তার স্থায়ী নিয়ম। প্রকৃতপক্ষে এটিই হচ্ছে ইসলামী জীবনের প্রাণশক্তি। আল্লাহর শোকর গোজার করবেন, নয়তো কুফরে লিপ্ত হবেন, এ দূয়ের মাঝে তৃতীয় কোন অবস্থান কারো জন্য তৈয়ার করা হয় নাই। শোকর গোজার অর্থ হলো, আল্লাহর প্রভুত্বের স্বীকৃতি, আল্লাহর অভিভাবকত্বের স্বীকৃতি, আল্লাহর মহানত্বের স্বীকৃতি, আল্লাহর সার্বভৌমত্বের স্বীকৃতি ও আল্লাহর অসংখ্য নিয়ামতের স্বীকৃতি সর্বোপুরি আল্লাহর অস্তিত্বের স্বীকৃতি। কেউ যদি শোকরগুজার না করে, তাহলে বুঝতে হবে সে মূলত: আল্লাহকেই অস্বীকার করছে। সে তার মহান প্রভু সম্পর্কে মারাত্মক ধোঁকায় পড়ে আছে। আল্লাহ তা'আলা বলেন,"হে মানুষ! কোন জিনিস তোমাকে তোমার মহান রবের ব্যাপারে ধোঁকায় ফেলে রেখেছে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন, তোমাকে সুঠাম ও সুসামঞ্জস্য করে গড়েছেন এবং যে আকৃতিতে চেয়েছেন তোমাকে গঠন করেছেন। কখনো না, বরং তোমরা শাস্তি ও পুরস্কার প্রদানের দিবসকে (আখেরাতকে) মিথ্যা প্রতিপন্ন করছো।"(সুরা ইনফিতার:৬-৯) আসলে, আমাদের অস্তিত্ব নিজেই ঘোষনা করছে যে, আমরা নিজে নিজেই সৃষ্টি হয়ে যায়নি। আমাদের পিতামাতাও আমাদের সৃষ্টি করেননি। বা আমাদের মধ্যে যেসব উপাদান আছে সেগুলো নিজে নিজে একত্র হয়ে যাওয়ার ফলেও ঘটনাক্রমে মানুষ হিসাবে তৈয়ার হয়ে যায়নি। বরং এক মহা-জ্ঞানী ও মহাশক্তিধর আল্লাহ এই পূর্ণাঙ্গ মানবিক আকৃতি দান করেছেন। আমাদের সামনে অসংখ্য ধরনের প্রাণী রয়েছে, তাদের মোকাবেলায় সবচেয়ে সুন্দর শারীরিক কাঠামো এবং শ্রেষ্ঠ ও উন্নত শক্তি একেবারেই সুস্পষ্ট। সুতরাং বুদ্ধির দাবী তো এই ছিল, এসব কিছু দেখে কৃতজ্ঞতায় আমাদের মাথা নত হয়ে যাবে এবং মহান রবের মোকাবেলায় কখনো নাফরমানী করার দুঃসাহস করবে না। আমরা এও তো জানি যে, আমাদের প্রভু কেবলসমাত্র রহীম ও করীম করুণাময় ও অনুগ্রহশীলই নন, তিনি জাব্বার ও কাহ্হার-মহাপরাক্রমশালী এবং কঠোর শাস্তি দানকারীও বটে। এত কিছু জেনেও যখন কৃতজ্ঞতার মাথা নত হয়নি, তাহলে ধরে নিতে হবে যে, সে কুফরীতে লিপ্ত হয়েছে।

তিনি দয়া করে আমাদের মানুষ হিসাবে সৃষ্টি করেছেন। আমাদের জ্ঞান-বুদ্ধি ও বিবেক নামক অমূল্য সম্পদ দান করেছেন, তারপর তিনি আমাদের সরল সঠিক পথে চলার জন্য পথ দেখিয়েছেন। আল্লাহ তা'আলা বলেন,"আমি তাকে রাস্তা দেখিয়ে দিয়েছি। এরপর হয় সে শোকরগোজার হবে নয়তো হবে কুফরের পথ অনুসরণকারী।"(সুরা আদ দাহর:৩) আল্লাহ মানুষকে শুধু জ্ঞান ও বিবেক-বুদ্ধি দিয়েই ছেড়ে দেননি। বরং এগুলো দেয়ার সাথে সাথে তাকে পথও দেখিয়েছেন যাতে তারা জানতে পারে শোকরিয়ার পথ কোনটি এবং কুফরীর পথ কোনটি। এরপর যে পথই অবলম্বন করুক না কেন তার জন্য সে নিজেই দায়ী। এ বিষয়টিই সুরা বালাদে এভাবে বর্ণনা করা হয়েছে-"আমি তাকে দু'টি পথ (অর্থাৎ ভাল ও মন্দ) স্পষ্ট করে দেখিয়ে দিয়েছি।"

আল্লাহ তা'আলা বলেন,"আর স্মরণ করো তোমাদের রব এই বলে সতর্ক করে দিয়েছিলেন যে, যদি কতৃজ্ঞ থাকো তাহলে আমি তোমাদের আরো বেশী দেবো আর যদি নিয়ামতের প্রতি অকৃতজ্ঞ হও তাহলে আমার শাস্তি বড়ই কঠিন।"(সুরা ইবরাহিম:৭) অর্থাৎ আল্লাহর নিয়ামতসমূহের অধিকার ও মর্যাদা চিহ্নিত করে সেগুলোকে সঠিকভাবে ব্যবহার করে, তাঁর বিধানের মোকাবেলায় অহংকারে মত্ত হতে ও বিদ্রোহ করতে উদ্বুদ্ধ না হয় এবং তাঁর অনুগ্রহের অবদান স্বীকার করে নিয়ে অনুগত থাকে তাহলে আল্লাহ তাঁর অনুগ্রহ আরো বাড়িয়ে দিবেন। এই অনুগ্রহ শুধুমাত্র বৈষয়িক অনুগ্রহ নয় বরং তাঁর সৎবৃত্তিকে আরো উন্নত করে দিবেন। তাঁর জন্য দুনিয়া ও আখিরাতের মুক্তির পথ উন্মুক্ত করে দেবেন। আর যারা বিদ্রোহ করে আল্লাহ তাদেরকেও তাঁর নিয়ামত দিবেন বটে কিন্তু আখিরাতে আল্লাহর শাস্তি বড়ই কঠিন। উপরোক্ত আয়াতে আল্লাহ সেই সংবাদই দিয়েছেন। "আর যদি নিয়ামতের প্রতি অকৃতজ্ঞ হও তাহলে আমার শাস্তি বড়ই কঠিন।" আল্লাহ যখন কোন জাতির প্রতি অনুগ্রহ করেন এর জবাবে সংশ্লিষ্ট জাতি বিশ্বাসঘাতকতা ও বিদ্রোহ করে তখন এ ধরণের জাতির এমন মারাত্মক ও ভয়াবহ পরিণামের ইতিহাস আমরা বনী ইসরাঈলদের হতে দেখেছি।

কেউ আল্লাহকে মানুক আর না-ই মানুক তবু মানুষের সমগ্র সত্তা ও সারাটা জীবন আল্লাহর অনুগ্রহের সূতোয় বাঁধা। সে কেমন সব অকৃতজ্ঞ,অবিশ্বস্ততা,বিশ্বাসঘাতকতা ও বিদ্রোহাত্মক আচরণের মাধ্যমে নিজের উপকারী ও অনুগ্রহদাতা এমন ধরণের করুণাশীল ও সহিষ্ণু যে, এমন সব কার্যকলাপের পরও তিনি বছরের পর বছর একজন অকৃতজ্ঞ ব্যক্তিকে এবং শত শত বছর একটি বিদ্রোহী ও নাফরমান জাতিকে নিজের অনুগ্রহদানে আপ্লুত করে চলেছেন। এখানে দেখা যাবে এক ব্যক্তি স্রষ্টার অস্তিত্বই অস্বীকার করে এবং তারপরও তার প্রতি প্রবল ধারায় অনুগ্রহ বর্ষিত হচ্ছে। অন্যদিকে আবার এক ব্যক্তি স্রষ্টার সত্তা, গুণাবলী, ক্ষমতা ও অধিকার সব কিছুতেই অ-স্রষ্টাদেরকে শরীক করছে চলছে এবং দানের জন্য দানকারীর পরিবর্তে অ-দানকারীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছে এরপরও এখানে দেখা যাবে দাতা তাঁর দান বন্ধ করছে না।

আমাদেরকে আল্লাহ মানুষ হিসাবে সৃষ্টি করেছেন, আল হামদুলি'আল্লাহ। আমাদের আলোর পথ প্রদর্শনের জন্য রাসুল ও কুরআন পাঠিয়েছেন এ জন্য আলহামদুলি'আল্লাহ। আল্লাহ তা'আলা বলেন, "যেম-নিভাবে আমি তোমাদের মধ্যে স্বয়ং তোমাদের থেকেই একজন রাসুল পাঠিয়েছি, যে তোমাদেরকে আমার আয়াত পড়ে শোনাবে, তোমাদের জীবন পরিশুদ্ধ করে সজ্জিত করে, তোমাদেরকে কিতাব ও হিকমত শিক্ষা দেয় এবং এমনসব শেখায়, যা তোমরা জানতে না। কাজেই তোমরা আমাকে স্মরণ রাখো আমিও তোমাদের স্মরণ রাখবো আর আমার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করো এবং আমার নিয়ামত অস্বীকার করো না।"(সুরা বাকার:১৫১-১৫২) এমনিভাবে তিনি আমাদেরকে দীন হিসাবে ইসলাম দিয়েছেন আলহামদুলি'আল্লাহ। আমাদের অসংখ্য নিয়ামতের মাঝে অবগাহন করার শক্তি দিয়েছেন আলহামদুলি'আল্লাহ।

একটি সুন্দর নির্বাচন করলেই তো হয়!

(শেষের পাতার পর)

ঝড় হালকা হয়ে সামান্য বৃষ্টিপাতের মধ্য দিয়ে শান্ত হয়ে পরে! আজরা জেয়া বা ডোনাল্ড ল্যু'র সফর নিয়ে এখনো শেষকথা বলার সময় হয়নি। মিডিয়া বলছে, ঢাকার আবহাওয়া অতটা গরম নয়, ল্যু হাওয়া বইছে না, বরং অনুকূল মৃদুমন্দ 'মোদী' হাওয়া প্রবাহিত হচ্ছে। ভালো। চিড়িয়াখানায় ভালুককে কাতুকুতু দিলে ভালুক নাকি হাঁসতে বেশ খানিকটা সময় নেয়? একলোক ভালুককে কাতুকুতু দিয়ে বেশ খানিকটা সময় অপেক্ষা করে, ভালুক হাঁসে-না, তিনি চলে যান, চব্বিশ ঘন্টা পর ফিরে এসে দেখেন ভালুক হাঁসছে। যুক্তরাষ্ট্রের কাজ-কারবার ঐরকমই, রিয়্যাকশন জানতে আরো সময় নেবে? মার্কিন মুলুকে সব কাজ হয় প্রটোকল অনুসারে, জেয়া-ল্যু প্রটোকল মত কাজ সেরে এসেছেন, রিপোর্ট পরে। এতে খুশি হওয়ার বা দু:খ পাওয়ারও তেমন কোন কারণ নেই! আমেরিকা পাকিস্তানে ইমরান খানের বারোটা বাঁজিয়ে দিয়েছে। দেশের অবস্থা খারাপ, ইমরান খান মস্কো গিয়েছিলেন পুটিনের কাছ থেকে টাকাপয়সা আনতে। এরফলে তিনি দু'কুল হারাচ্ছেন, এখন তার 'ছেড়ে দে মা কেঁদে বাঁচি' অবস্থা। ভারত ইমরান খাঁনের সাহায্যে এগিয়ে আসেনি, আসার কথাও না। পাকিস্তানী আর্মী আমেরিকাকে ভীষণ ভালবাসে। সুতরাং, খান সাহেবের অবস্থা আর ভালো হবার সম্ভবনা নেই, 'সুখ' আর তাঁর কপালে সইবে না?

শেখ হাসিনা মস্কো যাননি। বেজিংও না। যদিও বেজিং ও মস্কোর লোকজন আসছেন, বিবৃতি দিচ্ছেন, পাশে থাকার কথা বলছেন। এ বড় বিপজ্জনক খেলা! একদা শামীম ওসমান বলেছিলেন, 'খেলা হবে'। মমতা ব্যানার্জী 'জয়বাংলা' শ্লোগান চুরি করে নিয়ে বললেন, 'খেলা হবে', এবং বিধানসভা নির্বাচনে ভাঙ্গা-পা নিয়ে খেললেন, জিতলেন। এখন 'খেলা হচ্ছে' ঢাকায়, আন্তর্জাতিক ম্যাচ। সেপ্টেম্বরে দিল্লিতে 'কোয়াটার ফাইনাল'। প্রধানমন্ত্রী ১৯ সেপ্টেম্বর জাতিসংঘে আসছেন। খেলা হবে।

প্রসঙ্গক্রমে বলে রাখি, বাংলাদেশে ক'টি মিডিয়া শামীম ওসমানকে নিয়ে রংচং স্টোরী বানাচ্ছে, যা সবই 'হলুদ' রং-এর। এখানে কিচ্ছু হয়নি, জ্যাকসন হাইটেসর ৭৩ স্ট্রীটে দাঁড়িয়ে তিনি চা খাচ্ছিলেন, কিয়ৎ দূর থেকে তাকে একজন 'গালি' দেন, প্রত্যুত্তরে তিনি বলেন, আমাদের ছেলেপেলে আসার আগেই এখান থেকে কেটে পর, নইলে আমেরিকা হলেও তোমার খবর আছে। ব্যস! ঘটনা এইটুকুই। ভিডিওতে কিচ্ছু নাই, তবুও'পাইছি','পাইছি' ভাব !

বাংলাদেশের সাথে পাকিস্তানের তুলনা হয়না। পাকিস্তান-চীন সম্পর্ক ভালো, বাংলাদেশের বেজিং-মস্কোর সম্পর্ক ভালো। ইমরান খান মস্কোর সাথে হাত মিলিয়ে বিপদে পড়েছেন। ইউক্রেন যুদ্ধকালে মস্কোর সাথে 'নুতন প্রেম' আমেরিকা ভালোভাবে নেবে না? এরমধ্যে ইতিবাচক দিক হচ্ছে, ঢাকা-দিল্লী চমৎকার সম্পর্ক এবং শেখ হাসিনা-মোদী পারস্পরিক আন্ডারস্ট্যান্ডিং। শেখ হাসিনা-বাইডেন-এর মধ্যে হিমালয়ের মত দাঁড়িয়ে আছেন নরেন্দ্র মোদী।

আমেরিকার সাথে শত্রুতার দরকারকি? চীনের সাথে ব্যবসা করা যাবে, ঘর-সংসার নয়! চীন আমেরিকার শত্রু, ভারত-চীন বন্ধু নয়! বাংলাদেশের আঞ্চলিক গুরুত্ব বাড়ছে, সাথে বাড়ছে 'খেলা হবার' সম্ভবনা। রাশিয়া-চীন 'দূরের বন্ধু' থাকুক। নেতারা একটু আস্তে কথা বলুন। ইদি আমিনকে বৃটেন থাপ্পড় মেরে বসিয়ে দিয়েছিলো। নরিয়েগাকে যুক্তরাষ্ট্র ধরে নিয়ে এসেছিলো। মাহিয়া মুরাদকে কেউ আশ্রয় দেয়নি। আমেরিকা বলছে, একটি সুন্দর নির্বাচন করুন'। স্বাধীনতা এনেছেন, দেশের উন্নতি করেছেন, একটি সুন্দর নির্বাচন করে দেখিয়ে দিন্। ব্যস।

#

e-mail: guhasb@gmail.com;

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

Vital Accounting Inc.

File your Tax with experienced professional.

* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212

37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?

বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন

রাফি সাফওয়ান

ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে

সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :

267-992-3201

Park Realty

of Western New York

155 Summer St
Buffalo, NY 14222

নিউইয়র্কে ছেলেকে নিয়ে ঘুরছেন শাকিব-অপু!

(শেষের পাতার পর)

হলে হাউসফুল গেছে সিনেমাটি। এদিকে বেশ কিছুদিন ধরেই গুঞ্জন চলছে দাম্পত্য বিচ্ছেদ ভুলে আবারও এক হচ্ছেন শাকিব খান ও অপু বিশ্বাস।

এ নিয়ে শাকিবের কোনো বক্তব্য দেখা না গেলেও সংবাদমাধ্যমে দেওয়া অপুর বেশ কিছু সাক্ষাৎকার সেই গুঞ্জনকে আরো উসকে দেয়। এবার সেই গুঞ্জন আরো জোরালো হলো দুজনকে একসঙ্গে দেখে। এই মুহূর্তে শাকিব-অপু দু'জনই রয়েছেন যুক্তরাষ্ট্রে। তবে অবাক হওয়ার মতো বিষয় হলো দু'জনকে একসঙ্গে দেখা গেছে নিউইয়র্কের রাস্তায়।

নিউইয়র্কে শাকিব-অপুর ঘোরাঘুরির একটি ভিডিও ক্লিপ অনলাইনে প্রকাশ হয়েছে। সেই ভিডিওতে দেখা যায়, নিউইয়র্কের ম্যাকডোনাল্ডস থেকে ছেলে জয়ের হাত ধরে বের হয়ে আসছেন শাকিব খান, সঙ্গে আছেন অপুও। এরপর তারা রাস্তা পার হয়ে এসে পার্কিংয়ে থাকা কালো গাড়িতে ওঠেন এবং বাসার উদ্দেশে চলে যান। আরেকটি ভিডিওতে দেখা গেছে, বেশ ফুরফুরে মেজাজে গাড়ি চালাচ্ছেন শাকিব।

ঠিক তার পাশের আসনে বসে আছেন অপু। আর পেছনের আসনে বসা তাদের সন্তান আব্রাহাম খান জয়। নিউইয়র্কের বিভিন্ন সূত্রের বরাত দিয়ে একটি সংবাদমাধ্যম জানিয়েছে, স্থানীয় সময় বৃহস্পতিবার দুপুরে জয়সহ সেখানে পৌঁছান অপু। সেদিন রাতে এবং শুক্রবার শাকিব-অপু এবং তাদের সন্তান জয়কে একসঙ্গে নানা জায়গায় ঘুরতে দেখা গেছে। গত ২ জুলাই যুক্তরাষ্ট্রে গেছেন শাকিব।

এদিকে শাকিবের যাওয়ার ঠিক দুই সপ্তাহের মধ্যে ১৩ জুলাই রাতে ছেলে জয়কে নিয়ে যুক্তরাষ্ট্রে আসেন অপু। জানা গেছে, যুক্তরাষ্ট্রের একটি অনুষ্ঠানে অংশ নিতে এসেছেন অপু।

উল্লেখ্য, ২০০৮ সালের ১৮ এপ্রিল গোপনে বিয়ে করেন শাকিব-অপু। ২০১৭ সালের ১০ এপ্রিল সন্তানসহ একটি বেসরকারি টেলিভিশনে লাইভে আসেন অপু বিশ্বাস। তিনি জানান, ২০১৬ সালের ২৭ সেপ্টেম্বর কলকাতার একটি ক্লিনিকে তাদের সন্তান জয়ের জন্ম হয়। ক্যারিয়ারের কথা চিন্তা করেই বিয়ে ও সন্তানের বিষয়টি গোপন রাখেন শাকিব-অপু। এরপর বিভিন্ন অভিযোগে তিক্ত হয়ে ওঠে শাকিব-অপুর সংসার। অনেক জল ঘোলা হওয়ার পর ২০১৭ সালের ২২ নভেম্বর বিচ্ছেদের আবেদন করেন শাকিব খান। এটি কার্যকর হয় ২০১৮ সালের ১২ মার্চ।

পুরুষদেরও স্তন ক্যান্সারের ভয়

(শেষের পাতার পর)

বলছেন, স্তন ক্যান্সারের প্রবণতা নারীদেহে বেশি হলেও এটি কেবল মেয়েদের অসুখ নয়। পুরুষদের দেহেও এই রোগ বাসা বাঁধতে পারে। পুরুষদের ক্ষেত্রে এ বিষয়ে সচেতনতার অভাবে অনেক সময়ে চিকিৎসা শুরু হতে দেরি হয়ে যায়।

পুরুষদের শরীরে স্তনের টিস্যু থাকে অল্প পরিমাণে। কিন্তু তাতেও বিপদ দেখা দেয়া অস্বাভাবিক নয়। যত স্তন ক্যান্সারের ঘটনা সারা পৃথিবীতে ধরা পড়ে, তার প্রায় ১ শতাংশ পুরুষদের দেহে দেখা যায়। তবে এই ১ শতাংশের ক্ষেত্রেও যথেষ্ট ভয়াবহ হয়ে উঠতে পারে ক্যান্সার। ফলে প্রথম থেকেই সাবধান হওয়া দরকার।

উপসর্গ সম্পর্কে সচেতন থাকলে দ্রুত চিহ্নিত হতে পারে ক্যান্সার। তাতে সুস্থ হওয়ার আশা কিছুটা হলেও উজ্জ্বল হয়।

পুরুষদের স্তন ক্যান্সারের লক্ষণ কোনগুলো? যুক্তরাষ্ট্রের চিকিৎসা নিরাময় সংস্থা সিডিসি বলছে, স্তনের আশপাশে ব্যথা ও ফোলা ভাব, স্তনে ঘা কিংবা লালচে ভাব এই মারণ রোগের লক্ষণ হতে পারে। পাশাপাশি, স্তনবৃন্ত থেকে পুঁজের মতো তরল পদার্থ নির্গত হওয়া, স্তনবৃন্ত ভেতরের দিকে ঢুকে যাওয়ার মতো লক্ষণ দেখলে শুরুতেই সাবধান হওয়া দরকার। এ ধরনের সমস্যা দেখতে পেলে অবিলম্বে চিকিৎসকের শরণাপন্ন হতে হবে।

তাহলে সাবধান হতে কী করা যেতে পারে? স্তন ক্যান্সারের আশঙ্কা আছে কি না বুঝতে 'বিআরসিএ' পরীক্ষা করাতে হয়। এটি একটি জিনগত পরীক্ষা। এতে বিআরসিএ১ ও বিআরসিএ২- এই দু'টি জিনগত পরিব্যাপ্তি পরীক্ষা করে দেখা হয়। যদি পরীক্ষার ফল পজিটিভ আসে, তবে সতর্ক হওয়া দরকার। তবে পজিটিভ এলেই যে সেই ব্যক্তির স্তন ক্যান্সার হবে, এমন নয়। কিন্তু সে ক্ষেত্রে রোগের আশঙ্কা বেশি থাকে। পাশাপাশি, বয়স বাড়লে পুরুষদের মধ্যে এই রোগের আশঙ্কা বেড়ে যায়। ৫০ ও তার বেশি বয়সি পুরুষদের মধ্যে এই রোগ বেশি দেখা যায়। পরিবারে স্তন ক্যান্সারের ইতিহাস থাকলে বা ওজন বেশি থাকলে এই রোগের আশঙ্কা বাড়ে।

কাজী অফিস

সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত

কাজী ইমাম মাওলানা

আব্দুল মুকিত

পেশ ইমাম, দারুস সালাম

মসজিদ, জ্যামাইকা

148-16 87 Road
Jamaica, NY-11435

বিবাহ পড়ানো,
মেরিজ সার্টিফিকেট
ও কাবিন নামা
প্রদান করা হয়।
পরামর্শ ও এপয়েন্টমেন্টের
জন্য যোগাযোগ করুনঃ

917-428-1519

FREE CONSULTATION!!!

I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT

Authorized IRS e-file Provider

IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।

ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

ভ্রমণ

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:

বাংলা ট্যুর

৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
গ্লেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00

প্যাকেজ-২
গ্লেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00

প্যাকেজ-৩
গ্লেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00

প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

থেরাপিস্ট আবশ্যক

চিকিৎসক কর্তৃক প্রেসক্রাইবকৃত একজন রোগীর জন্য থেরাপিস্ট আবশ্যক ।

যোগাযোগঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৩৭১-৮৮৯৮

NOTICE

Ibne Studios, LLC, filed Articles of Organization with the NY Secretary of State ("NYSOS"), on 12/06/2022. Office location: Queens County. NYSOS is designated as agent of the LLC upon whom process against it may be served. NYSOS shall mail copy of process to: 187-11 Wexford Terrace, 1st Floor, Jamaica, NY. Purpose: Any lawful purpose.
Please confirm receipt of this email and if you have any questions or concerns.
Contact: Sanan Ibne. **Cell: 347-849-0006**

ড্রাইভিং শিখতে চান?

সহজ পদ্ধতিতে এবং ফেক্সিবল সময়ের মধ্যে ড্রাইভিং শিখার জন্য যোগাযোগ করুন ।

যোগাযোগঃ উদ্দিন

929-519-5139



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education is Our Priority!



Mohammed M. Alam
M.Com (Management). LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস

167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয় ।

বাসা ভাড়া

বাসা ভাড়া

জ্যামাইকা হিলসাইড এভিনিউ এবং ১৮৩ স্ট্রীট সাবওয়ের সন্নিকটে ৪ বেডরুমের বাসা ভাড়া হবে। নতুন রিনোভেটেড।

যোগাযোগঃ
৭১৮-৬০৭-৯৫৫১
৩৪৭-৮৭০-০৭৪০।

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা ১৮৩ স্ট্রীট, হিলসাইড এবং জ্যামাইকা এভিনিউ-এর মধ্যে সাবওয়ের সন্নিকটে ২ বেডরুমের বেসমেন্ট বাসা ভাড়া হবে। নতুন রিনোভেটেড।

যোগাযোগঃ
৭১৮-৬০৭-৯৫৫১
৩৪৭-৮৭০-০৭৪০।

বাসা ভাড়া

জ্যামাইকার ৯৪-৩০ ১৯৯ স্ট্রীট হলিসে দুই ও এক বেডরুম এবং ৯০-৩৭ ১৯৮ স্ট্রীট হলিসে এক বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: ৭১৮-২৮৮-৬৩৮২ মে-০৮

বাসা ভাড়া

ব্রঙ্কসের ক্যাসিল হিলের গ্লিভ এভিনিউতে ৪ বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: আহমেদ।
ফোন: ৯১৭-৪৪৪-৯৭০৭
অথবা ৩৪৭-২০৮-৪৭৪১

বেইসমেন্ট ভাড়া

জেএফকে বিমান বন্দর থেকে ১০ মিনিটের দুরত্বে। ছোট পরিবার নিয়ে বসবাসবাসের জন্য (New renovation) বেসমেন্ট ভাড়া দেওয়া হইবে। নিউইয়র্কের কুইন্সের রোজডেলে ১বেডরুম ১ ফুল বাথরুম, ১ লিভিং রুম সাথে কিচেন ভাড়া দেওয়া হইবে ঠিকানা: 242-03 133rd ave, Rosedale, New York 11422 যোগাযোগ করুন : **203-993-7788 Humayunchy@hotmail.com**

বাসা ভাড়া

বাঙালি অধ্যুষিত পার্কচেস্টার সাবওয়ের সন্নিকটে একটি মনোরম বাসা ভাড়া হবে। তিন বেডরুম, ১ বাথরুম (১ম তলা)। ঠিকানাঃ ১৪৫৯ লোল্যান্ড এভিনিউ।
ফোনঃ ৬৪৬-৬৮৪-০৯০৯।

রুম ভাড়া

সুন্দর ভদ্র পরিবেশে কর্মজীবী পুরুষদের জন্য বেড বিছানাসহ এক রুম, কিচেনের সাথে ডাইনিং রুমের চেয়ার টেবিল ও ইন্টারনেটের সুবিধায় ভাড়া হবে। সি ট্রেনে শেফার্ড এভিনিউর পাশে ৪৩০ এসেক্স স্ট্রীট, ব্রুকলীন।

যোগাযোগঃ
৬৩১-২৩০-০২৩০
৭১৮-৩৪৮-৮৪২২।

বাসা ভাড়া

উডহ্যাভেন এলাকায় ৩ বেড, ১ লিভিং, কিচেন এবং বাথরুম (১ম তলা) ভাড়া হবে। জে ট্রেন এবং কিউ-৫৬, কিউ-২৪, কিউ-৫৩, কিউ-৫২, কিউ-১১ এবং বি-১ বাসের সন্নিকটে। ভাড়া ২৪০০ ডলার। সববিল একত্রে।

যোগাযোগঃ
জিনাত ৬৪৬ ২৮৯ ০৫৩৯.

বাসা ভাড়া

বাঙালি অধ্যুষিত পার্কচেস্টার সাবওয়ের সন্নিকটে একটি মনোরম বাসা ভাড়া হবে। তিন বেডরুম, ১ বাথরুম (১ম তলা)। ঠিকানাঃ ১৪৫৯ লোল্যান্ড এভিনিউ।
ফোনঃ ৬৪৬-৬৮৪-০৯০৯।

পাত্র-পাত্রী চাই

(১)আমেরিকার বিশ্ববিদ্যালয় থেকে আইনে ডিগ্রীপ্রাপ্ত। মুসলিম। সাতাশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্রী চাই। (২) ডাটা সাইন্সে আমেরিকার বিশ্ববিদ্যালয়ে অধ্যয়রত। মুসলিম। তেইশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্র চাই। এসএমএস করুন। গোপনীয়তা রক্ষা করা হবে। **৩৪৭-৩৪৫-৮২০৭.**

পূর্বাচলে রাজউকের নির্ভেজাল ৫ কাঠার প্লট বিক্রয়

ঢাকার মাস্টার প্ল্যান শহর পূর্বাচলের আকর্ষণীয় লোকেশনে সরাসরি রাজউকের বরাদ্দতো ৫ কাটার নির্ভেজার একটি প্লট বিক্রয় হবে। আমেরিকান সিটিজেন ইঞ্জিনিয়ার নিজের কেনা প্লটটি সরাসরি নিজে বিক্রি করবেন।

যোগাযোগের ফোন: ১-৪০৮-৫৬৪-৩৯১০
Email: gomaruf@gmail.com

টাঙ্গাইল শহরের প্রান কেন্দ্রে বাড়ি বিক্রয়

টাঙ্গাইল শহরের বিশ্বাস বেতকা এলাকায় সৃষ্টি কোটিং সংলগ্ন ১০ শতাংশ জমির উপর ৫তলা ফাউন্ডেশনের (৩৩টা পিলারের) বাড়ি, নীচতলায় ৩ বেড, ৩ বাথ, ২টা ইউনিট এবং দোতলায় দুই বেড এবং একটি বাথরুমের ৪টা ইউনিট। প্রতিমাসে আয় সর্বমোট ৪৫ হাজার টাকা। জমির মালিক নিউইয়র্ক প্রবাসী বিধায় দলিল হস্তান্তর এবং বাড়ির মূল্য নির্ধারন/পরিশোধ ডলারে করতে হবে।

কেবল মাত্র কিনতে আগ্রহীরা যোগাযোগ করুন-
দুরালাপনী ঃ ৯১৭-৩০০-৫০০৪

লং আইল্যান্ডে ড্রাইভাভিং স্কুলে ইনস্ট্রাকটর আবশ্যক

লং আইল্যান্ড সাফক কাউন্টি তে ফুলটাইম/ পার্টটাইম ড্রাইভিং স্কুলের জন্য অভিজ্ঞতাসম্পন্ন ইনস্ট্রাকটর আবশ্যক। বেতন ২০ ডলার-২৫ ডলার /প্রতি লেসন্
যোগাযোগঃ **৬৩১-২৭৫-৪০০৭**

মেডিকেয়ার ইন্স্যুরেন্স

মেডিকেয়ার ইন্স্যুরেন্স এর যাবতীয় তথ্যের জন্য যোগাযোগ করুনঃ **মোহাম্মদ তুহিন**

৭১৮-৩১০-০৪১৩

TDS INSURANCE এর প্রতিবাদ

কতিপয় ব্রোকারেজ প্রতিষ্ঠানের অপপ্রচারের পরিপ্রেক্ষিতে TDS INSURANCE BROKERAGE CORP. -এর পক্ষ থেকে আমরা সোচ্চার প্রতিবাদ জানাচ্ছি। আমাদের কোন শাখা অফিস, সাব এজেন্ট নিউইয়র্কের কোথাও নেই। আমাদের কার্যক্রম আমরা আমরা শুধুমাত্র ব্রুকলীন অফিস থেকেই পরিচালনা করছি। ধন্যবাদ-

TDS INSURANCE BROKERAGE CORP. f-06/14


পাত্রী চাই

ইউএস সিটিজেন, বয়স ৫৫, উচ্চতা ৫ফুট ৬ইঞ্চি। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ার, সরকারি চাকুরীজীবী, সুপ্রতিষ্ঠিত মুসলিম ধার্মিক পাত্রের জন্য বিধবা, ডিভোর্স (বৈধ কাগজপত্র না থাকলেও চলবে) পাত্রী চাই।

যোগাযোগ: ৬৪৬-৭০৭-৯৬১৪ সে-০৫/০৬

One Bedroom CONDOMINIUM FOR SALE

1510 Union Port Road,Bronx ,NY-10462.Asking Price $199,000.00
Common Charge $ 804.69 . Living area Sqft 613.more Info please contact



বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!

শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২



আবশ্যক

অ্যাপোলো ইমিগ্র্যান্ট ম্যানেজমেন্ট (এলমহার্স্ট, এনওয়াই ১১৩৭৩)-এর জন্য এলজন ফুল টাইম ইঞ্জিনিয়ার আবশ্যক। বেতন ঘন্টায় ৪১ ডলার ২ সেন্ট। আগ্রহীকে এমপ্লয়ীদের সুপারভাইজিং সহ মেশিন অপারেট, হার্ডওয়ার এবং নেটওয়াকিং প্রভৃতি দায়িত্ব পালন ছাড়াও ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় দেখাশোনা ও পর্যবেক্ষণ করতে হবে। যোগ্যতা ব্যাচেলর ডিগ্রিসহ ইংরেজী, বাংলা ও হিন্দি ভাষায় অনর্গল কথা বলা জানতে হবে।

যোগাযোগঃ ৭১৮-৪২৬-৬৬০০

বিক্রি করা হবে

একটা পিজা স্টোরের সব মালপত্র বিক্রি করা হবে। 2 Oven, 5 refrigerator & freezer, One Greel, One fryer, Two A/C (wall mount), One pizza dough mixer messing, One pizza display counter, rack, camera system, me. যোগাযোগ: **৬৪৬-৬১০-৯০৯২** অথবা **৩৪৭-২১৩-৩৩১৩.** মে-২২/২৯

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।

Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

MATRIMONIAL SERVICE


কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY

KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444

















আগামী বছর থেকে 'নিউইয়র্ক বাংলা আন্তর্জাতিক বইমেলা'র ঘোষণা

(শেষের পাতার পর)

বক্তব্য রাখেন মুক্তধারা ফাউন্ডেশনের সেক্রেটারী বিশ্বজিত সাহা। খবর ইউএনএ'র। উল্লেখ্য, নিউইয়র্ক ছাড়াও 'ভারত, বাংলাদেশ, যুক্তরাজ্য, জার্মানী, কানাডা, অস্ট্রেলিয়াসহ বিভিন্ন দেশের একাধিক বাঙালী এই মেলায় অংশগ্রহণ করায় এবং মেলার ব্যপ্তি বিস্তৃত হয়েছে বলে 'নিউইয়র্ক বাংলা বইমেলা'র নাম পরিবর্তন করে 'নিউইয়র্ক বাংলা আন্তর্জাতিক বইমেলা'র ঘোষণা দেওয়া হলো। উদ্বোদনী অনুষ্ঠানে বলা হয়, যুক্তরাষ্ট্রের সীমানা ছাড়িয়ে বইমেলা বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ায় এটিকে আন্তর্জাতিক বইমেলা নামকরণে কোনো দ্বিধা থাকতে পারে না। অনুষ্ঠানে বিপুল করতালির মধ্যে উদ্বোধনী মঞ্চ থেকে প্রথমে এই ঘোষণা দেন বইমেলার আহবায়ক, বিশ্বব্যাংকের সাবেক অর্থনীতিবিদ ড. আব্দুন নূর এবং এরপরই ঘোষনার সাথে একাত্ততা প্রকাশ করেন মুক্তধারা ফাউন্ডেশনের সভাপতি একুশে পদকপ্রাপ্ত লেখক বীর মুক্তিযোদ্ধা ড. নুরুন্নবী। আগামী বছর থেকে অর্থাৎ ৩৩তম বইমেলার নামকরণ হলো 'নিউইয়র্ক বাংলা আন্তর্জাতিক বইমেলা'।

বইমেলার উদ্বোধনের পর মিলনায়তনের ভেতরের মূলমঞ্চে উঠার সময় ৩২ বছরের মেলার মূলপর্বের আগে ৩২ জন খ্যাতিমান কবি-সাহিত্যিক-লেখক-প্রকাশককে উত্তরীয় পরিয়ে দেয়া হয় এবং তারা ৩২টি প্রদীপ প্রজ্বলন করেন। প্রদীপ প্রজ্জলকারীদের মধ্যে ছিলেন-বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) ডা. সিতারা রহমান, কনসাল জেনারেল ড. মনিরুল ইসলাম, 'মুক্তধারা-জিএফবি সাহিত্য পুরস্কার'র প্রবর্তক, বাংলা সাহিত্য ও সংস্কৃতির অন্যতম পৃষ্ঠপোষক এবং শিল্পপতি গোলাম ফারুক ভূঁইয়া, বীর মুক্তিযোদ্ধা ডা. আবিদুর রহমান, বীর মুক্তিযোদ্ধা তাজুল ইমাম, বীর মুক্তিযোদ্ধা মেজবাহউদ্দিন আহমেদ, সাংবাদিক রোকেয়া হায়দার, অভিনেত্রী রেখা আহমদ, লেখক-সাংবাদিক হাসান ফেরদৌস, লেখক ফেরদৌস সাজেদীন, জসীম মল্লিক, প্রকাশ মনিরুল হক, নালন্দা প্রকাশনী'র রেদয়ানুর রহমান জুয়েল, কাহিনীক-এর কর্ণধার ইফতেখার ইভান, কথা প্রকাশ-এর জসিম উদ্দিন, অন্বয় প্রকাশ-এর কর্ণধার ছড়াকার হুমায়ুন কবীর ঢালী, মুক্তধারা ফাউন্ডেশনের সেক্রেটারী বিশ্বজিৎ সাহা প্রমুখ।

অনুষ্ঠানে বইমেলার প্রধান অতিথি, বাংলাদেশের জীবিত একমাত্র বীর প্রতীক খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) ডা. সিতারা রহমান বলেন, 'আমি এখানে এসে এতো আনন্দিত, খুশি এবং গর্বিত। মনে হচ্ছে যে, আমার বীর প্রতীক খেতাব পাওয়াটা বোধহয় স্বার্থকই হয়েছে। কারণ, এখানে এত বাঙালী-বাংলাদেশ, কলকাতা, যুক্তরাজ্য, কানাডা, জার্মানী, অস্ট্রিলিয়া থেকে এসেছেন, সবারই একটি পরিচয়, তা হচ্ছে বাঙালী।' প্রসঙ্গত উল্লেখ্য, ৭৮ বছর বয়সী ক্যাপ্টেন (অব.) ডা. সিতারা রহমান বার্ধক্যজনিত নানা রোগে আক্রান্ত বলে চেয়ারে বসে বক্তব্য প্রদান করেন।

মেলার উদ্বোধনী পর্বে শুভেচ্ছা বক্তব্যে নিউইয়র্কে বাংলাদেশের কন্সাল জেনারেল ড. মনিরুল ইসলাম বলেন, 'বইমেলা শব্দটি আমার কাছে মনে হয় এটি একটি প্রবেশদ্বার, এটি বইয়ের জগতকে আপনার সামনে উন্মুক্ত করে দেয়। যখনই কেউ বইয়ের জগতে প্রবেশ করেন তখনই তার কল্পনাজগত এবং সৃজনশীলতার জগতে প্রবেশ করেন। যার মাধ্যমে তিনি নিজেকে আবিষ্কার করেন এবং নিজের সম্ভাবনাগুলোকে নতুন করে আবিষ্কারের ক্ষেত্র তৈরি করে দেয়। আর এমন একটি সুযোগ তৈরি করে দিয়েছে মুক্তধারা ফাউন্ডেশন বাংলাদেশ থেকে বহুদূরে বহুজাতিক এ সমাজে।'

ড. মনিরুল ইসলাম বলেন, 'আমি মনে করি বাংলাদেশের লেখক-কবি-সাহিত্যিকগণের মধ্যে যারা এই প্রবাসে স্থায়ীভাবে বাস করছেন তাদের সেই সত্ত্বা অটুট রেখে বাঙালী সংস্কৃতির ফল্গুধারা নতুন প্রজন্মের সামনে উপস্থাপনের চমৎকার একটি পরিবেশ তৈরি করেছে এই বইমেলা। একইসাথে আমি আরো মনে করছি, যারা বাংলাদেশে থাকতে লেখালেখির সাথে যুক্ত ছিলেন না, তাদেরও একটি অংশ এই প্রবাসে লেখালেখিতে উদ্বুদ্ধ হয়েছেন এবং উৎসাহবোধ করছেন গত ৩২ বছরের এই মেলা থেকে। প্রিয় মাতৃভূমির প্রতি ভালোবাসা, আবেগ, যে অনুভূতি তা প্রকাশ করার জন্য অনেকে লেখছেন অথবা উদ্যোগী হয়েছেন। তাই এই বইমেলা শুধু বই পড়ার জন্যই নয়, নতুন লেখক সৃষ্টিতেও অবিস্মরণীয় ভূমিকা রাখছে।'

লেখক-সাংবাদিক শামীম আল আমীন এবং উর্বি হাই'র উপস্থাপনায় উদ্বোধনী পর্বে আরো বক্তব্য রাখেন বাংলা একাডেমি পুরস্কারপ্রাপ্ত ছড়াকার লুৎফর রহমান রিটন, আবৃত্তি শিল্পী আহকাম উল্লাহ, ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসের প্রেস মিনিস্টার এ জেড এম সাজ্জাদ হোসেন, কলকাতা বইমেলার সভাপতি সুধাংশ শেখর দে, সাধারণ সম্পাদক ত্রিদিব কুমার চট্টোপাধ্যায় প্রমুখ।

এদিকে মেলার আয়োজন উপলক্ষে বৃহস্পতিবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে মেলার বিস্তারিত তুলে ধরা হয়। এবারের মেলায় নতুন প্রজন্মের জন্য বিশেষ দিন থাকছে মেলার শেষ দিন সোমবার।

বিশিষ্ট লেখক হাসান ফেরদৌসের সঞ্চালনায় মেলার আহ্বায়ক ড. আব্দুর নূর সহ অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ড. নূরুরন্নবী, সাংবাদিক রোকেয়া হায়দার, নিনি ওয়াহিদ, লুৎফুর রহমান রিটন, সঙ্গীত শিল্পী পবন দাস, ঢাকার অনন্যা প্রকাশনীর কর্ণধার মনিরুল হক, লেখক ফাহিম রেজা নূর, নতুন প্রজন্মের সেমন্তী ওয়াহেদ প্রমুখ সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন।

উল্লেখ্য, এবারের বইমেলায় দেশ ও প্রবাসের ২৫টি প্রকাশনা সংস্থা ছাড়াও শতাধিক লেখক-সাহিত্যিক-কবি-প্রাবন্ধিক যোগ দিয়েছেন বলে মেলার কর্মকর্তারা জানান। মেলায় নতুন বইয়ের সংখ্যা দুই হাজার। মেলায় বাংলাদেশ, কলকাতা এবং যুক্তরাষ্ট্রের খ্যাতনামা শিল্পীরা বিভিন্ন পর্বে অংশ নেন। রয়েছে নতুন প্রজন্মের অংশগ্রহণে 'শিশু-কিশোর যুব উৎসব'।

নগর জুড়ে ক্লিন এয়ার

(শেষের পাতার পর)

কেটে গেছে। কিন্তু এই সময়ে নগরবাসী টের পেয়েছে এহেনে পরিস্থিতি সামাল দিতে কতটা অপ্রস্তুত নগর কর্তৃপক্ষ। আর সে কারণেই সরকারি কৌসুলি জুমান উইলিয়ামস নিয়ে এসেছেন কয়েকটি সুপারিশ। যাতে তুলে আনা হয়েছে বাতাসের মান নিয়ে এমন সঙ্কটকালে সিটি কিভাবে প্রস্তুত থাকতে পারে। পরিকল্পনার অভাবটাই এখানে মুখ্য হয়ে ধরা দেয়। এই সঙ্কটকালে আমরা টের পেয়েছি নগর কর্তৃপক্ষের কাছে পরিকল্পনা বলে কিছু নেই। মঙ্গলবার এক টিভি আলোচনায় বলেন উইলিয়ামস।প্রাথমিক সুপারিশের মধ্যে রয়েছে নগরের বাতাস কখন বিপজ্জনক মাত্রায় পৌঁছাতে পারে তার আগাম বার্তা যাতে নগরবাসীকে দেওয়া যায় তা নিশ্চিত করা। গোটা নগর জুড়ে একটি বায়ু পর্যবেক্ষণ পদ্ধতি চালু করে তার ভিত্তিতেই এমন বার্তা তৈরি ও পরিবেশন করতে হবে, বলেন উইলিয়ামস। গরম আবহাওয়ার ক্ষেত্রে বর্তমানে যেমন কুলিং এয়ার সেন্টার রয়েছে তারই আদলে নগর জুড়ে ক্লিন এয়ার সেন্টার নামে সেন্টার স্থাপন করা যেতে যারে যাতে বাতাসের মান নেমে গেলে বিশুদ্ধ বাতাস সরবরাহ সম্ভব হয়। পাবলিক স্কুল ও পাবলিক লাইব্রেরিগুলোতে এমন সেন্টার স্থাপনের সুপারিশ করেছেন উইলিয়ামস। বাতাস দুষণের মাত্রা ১৫০ ছাড়িয়ে গেলেই সিটি কর্মীদের ঘরে থেকে কাজ করার অনুমতির কথাও রয়েছে এই সুপারিশে। বুধবার এই রিপোর্ট নিয়ে সিটি কাউন্সিলে শুনানি হয়। তাতে উইলিয়াম তার পরামর্শগুলো সেখানে তুলে ধরেন।

উইলিয়াম বলেন, জুনের গোড়ার দিকের ঘটনায় আমরা কিন্তু প্রস্তুতি নিতে পারতাম, কারণ আমাদের কাছে তথ্য ছিলো। কিন্তু যতক্ষণ না নিউইয়র্কের আকাশ কমলা রূপ নিলো ততক্ষণ আমরা অপেক্ষাই করলাম। শুনানিতে এ বিষয়ে সচতনতার পাশাপাশি শিক্ষণের ওপরও জোর দেন উইলিয়ামস। বাতাসের এমন মারাত্মক দূষণ স্বাস্থ্যের জন্য কতটা হানিকর তা নিউইয়র্কারদের জানাতে হবে। এই রিপোর্ট কেবল পেছনে কি ঘটছে সেটাই দেখেনি, ভবিষ্যতে এহেন পরিস্থিতিতে আর যেনো ভুল না হয়, তার ওপরও জোর দেওয়া হয়েছে।

তুরস্কের অভ্যুত্থান প্রচেষ্টা

(শেষের পাতার পর)

এরদোগান বলেন, দেশ সর্বদা অভ্যুত্থান প্রচেষ্টা এবং জনগণের আত্মত্যাগকে স্মরণ করবে, যারা সাহসিকতার সঙ্গে এর বিরোধিতা করেছিল। তিনি বলেন, তুরস্ক গুলেনবাদী সন্ত্রাসী গ্রুপের (এফইটিও) সদস্যদের খুঁজে বের করতে সব প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তাদের অপরাধের জন্য তাদের জবাবদিহি করতে সব কূটনৈতিক, রাজনৈতিক এবং বুদ্ধিমত্তা ব্যবহার করা হয়েছে।

এরদোগান বলেন, আমি শ্রদ্ধার সঙ্গে সেসব সাহসী ব্যক্তিদের স্মরণ করি, যারা আমাদের মাতৃভূমির নিরাপত্তা এবং আমাদের জাতির মঙ্গলের জন্য নিঃস্বার্থভাবে শাহাদাত বরণ করেছেন।

তিনি আরও বলেন, আমি দেশ ও জাতির পক্ষ থেকে প্রবীণ উপাধিতে সম্মানিত হয়েছি। আমার সব ভাই ও বোনদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমি তাদের সুস্বাস্থ্য, সমৃদ্ধ ও দীর্ঘায়ু জীবন কামনা করছি। অভ্যুত্থান প্রচেষ্টার প্রথম থেকে যারা রাস্তায় নেমেছিলেন, গুরুত্বপূর্ণ পয়েন্টে দৃঢ় অবস্থান নিয়েছিলেন এবং অভ্যুত্থানের ষড়যন্ত্রকারীদের বিজয়ী হতে দেননি, তাদের প্রতিও এরদোগান কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। তুরস্কের প্রেসিডেন্ট বলেন, তিনি রাষ্ট্র, জাতি এবং স্বাধীনতা রক্ষা করার সময় শহিদ হয়েছিলেন, এমন সব বীরের জন্য তাদের আত্মার মাগফিরাতের জন্য আল্লাহর কাছে প্রার্থনা করি। সেই সঙ্গে দেশের সত্যিকারের বন্ধুদের ধন্যবাদ জানিয়েছেন তিনি। এরদোগান বলেন, ১৫ জুলাই আমাদের জন্য একটি মাইলফলক।

বদলে দেই পৃথিবী
ধাঁপে ধাঁপে
শুভকাজে

RENAISSANCE
HOME HEALTH CARE



নিউইয়র্ক সিটির সর্বশ্রেষ্ঠ হোমকেয়ার প্রতিষ্ঠান রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ার
সর্বোচ্চ সম্মানীতে রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ারে যোগ দিন

আপনার মর্যাদা, সম্মান ও সহানুভূতির সাথে সর্বোচ্চ গুণগত পরিসেবা প্রদানই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য

- আমাদের রয়েছে আকর্ষণীয় ক্ষতিপূরণ প্যাকেজ
- ছুটির দিনে দ্বিগুণ বেতন
- বিনামূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা
- গুগল-এ ৪.৫ স্টার রেটিং



রেনেসাঁয় কাজ করতে চান? আজই যোগাযোগ করুন

(718) 649-3670

1959 WESTCHESTER AVE.
BRONX, NY 10462

www.renaissancehomehc.com

বাংলা পত্রিকা
প্রান্তিক পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika // Monday // July 17 // 2023

সিলেটে ফেব্রুয়ারিতে করা নাশকতার মামলায় জামায়াতের ৭ কর্মী গ্রেপ্তার

সিলেট, ১৬ জুলাই : সিলেটে জামায়াতে ইসলামীর সমাবেশস্থল পরিদর্শন করে ফেরার পথে দলের সাতজন কর্মীকে আটক করেছে পুলিশ। গতকাল শুক্রবার দুপুরে তাঁদের আটকের পর আজ শনিবার সকালে নাশকতার পুরোনো একটি মামলায় তাঁদের গ্রেপ্তার দেখানো হয়েছে। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন সিলেটে বিয়ানীবাজার উপজেলার আজিজুল ইসলাম (৪৩), বালাগঞ্জ নুরপুরের এস এম রুমেল (২৩), কানাইঘাট উপজেলার বড়দেশের মারুফ আহমদ (১৮), বাগেরহাটের আবু বক্কর সিদ্দিক (৫৮), সুনামগঞ্জের শান্তিগঞ্জ উপজেলার সাইদুল ইসলাম (৩৮), সুনামগঞ্জের হোসেন আহমদ (৩০) ও বগুড়ার মাহমুদুল আলম (৩৪)। তাঁদের যে মামলায় গ্রেপ্তার করা হয়েছে, সেটি ফেব্রুয়ারি মাসে দায়ের করা। ওই মামলার অজ্ঞাতনামা আসামি হিসেবে তাঁদের গ্রেপ্তার করা হয়। সিলেট কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আলী মাহমুদ বলেন, গত ফেব্রুয়ারিতে দায়ের হওয়া নাশকতা মামলায় তাঁদের গ্রেপ্তার দেখানো হয়েছে। তাঁদের আদালতে পাঠানোর প্রস্তুতি চলছে।









নিউইয়র্কে বাফার বর্ণিল আয়োজন

বাংলাদেশ নাইট কালারস অব রিদম

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কে বাংলাদেশ একাডেমি অব ফাইন আর্টস-বাফা'র পরিবেশনায় উদযাপিত হয়েছে 'বাংলাদেশ নাইট কালারস অব রিদম'। ব্রঙ্কসের পার্কচেস্টার কন্ডমোনিয়ামের সৌজন্যে গত ১১ জুলাই মঙ্গলবার কর্মমুখর দিনশেষে গ্রীষ্মকালীন সন্ধ্যায় পার্কচেস্টার ওভালে বিশেষ কর্মসূচি বাস্তবায়ন করে বাফা। বহুমূখী জাতিগোষ্ঠীর আবাসস্থল নিউইয়র্কে রবি-চক্রময় সাংস্কৃতিক শ্রোতধারায় স্বজাতির ঐতিহ্যগত সংস্কৃতি তুলে ধরার প্রয়াসেই আয়োজিত হয় 'বাংলাদেশ নাইট কালারস অব রিদম' শীর্ষক এ চমৎকার মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা। যার মূল ভাবনা এবং নৃত্য পরিচালনায় ছিলেন বাফার নির্বাহী পরিচালক মার্জিয়া স্মৃতি। গীটার ও সঙ্গীত পরিচালনা করেন এএফএম আফতাবুজ্জামান স্পন্দন।

শামীম আরা বেগমের সঞ্চালনায় আবহমান বাংলার প্রাণস্পর্শী এই মনোরম আয়োজনে ছিল পুঁথিপাঠ, জনপ্রিয় বাংলা গান, গীটার ড্রাম কীবোর্ডের সাঙ্গীতিক সুর-মুর্ছনা এবং চিত্তাকর্ষক ঐতিহ্যবাহী বাংলার লোকনৃত্য। অনুষ্ঠানে আবৃত্তি ও পুঁথি পাঠ করেন আবৃত্তি শিল্পী আনোয়ারুল হক লাভলু। অন্যান্য সঙ্গীত এবং নৃত্য পরিবেশনায় ছিলেন বাফার নিয়মিত ছাত্র-ছাত্রী এবং শিক্ষক মন্ডলী।

মিশ্র ধারার সাংস্কৃতিক পরিমন্ডলে প্রচলিত চ্যালেঞ্জকে ছাপিয়ে ঐতিহ্যগত বিনোদনের মাধ্যমে দেশীয় সংস্কৃতির মৌলিক শিক্ষা ছড়িয়ে দেয়ার উদ্দেশ্যই বাংলা সাংস্কৃতিক শিক্ষা ও চর্চা কেন্দ্র 'বাফার'।

অনুষ্ঠান উপভোগ করতে এসে উপস্থিত প্রবাসী দর্শকশ্রোতারা মানসিক তৃপ্তি এবং সাংস্কৃতিক চেতনাবোধে উজ্জীবিত হয়ে বাড়ি ফিরে যান। এধরনের অনুষ্ঠান মাঝে মাঝেই আয়োজন হলে বর্তমান প্রজন্ম তাদের মূল শিকড় এবং নৈতিক শিক্ষানির্ভর সাংস্কৃতিক চেতনাকে বিশ্ব দরবারে তুলে ধরতে সক্ষম হবে বলে কেউ কেউ মন্তব্য করেন।

এ অনুষ্ঠানে অংশগ্রহণীরা হলেন: তাহমিনা শহীদ, শারমিন আক্তার রেক্সোনা, সারাফ রহমান, মায়া এঞ্জেলিনা, নাসিমা চৌধুরী, নুসরাত শিকদার, অস্মিতা, অদিতিয়া, জান্নাতুল, আবৃত্তি, কেয়শি, রাইদা, অধরা, ইশারা, দিশিতা, জ্বারা, ভর্তিকা, রাজভিকা, লাইসা, আরিয়ান ১, আরিয়ান ২, আরোহি, আরশি, অর্জুন ১, অর্জুন ২, সামান্তা, সানভি, আলভিরা, পূর্ণ, রাইয়ান, রুহিত, জয়, সুচী, বর্ণ, আরাফ, জ্বারা ২, তাকওয়াজ, তামজিদ, ইনারা, মিষ্টু ও শন। সার্বিক সমন্বয়ে ছিলেন বাফার প্রতিষ্ঠাতা ফরিদা ইয়াসমিন।



চট্টগ্রাম সমিতির সাবেক উপদেষ্টা নিজাম উদ্দীন আর নেই

নিউইয়র্ক: চট্টগ্রাম সমিতি উত্তর আমেরিকা ইনকের সাবেক নির্বাচন কমিশনার ও উপদেষ্টা এডভোকেট নিজাম উদ্দীন আহমেদ ইন্তেকাল (ইন্নালিল্লাহে-রাজিউন) করেছেন। বেশ কিছু দিন থেকে তিনি ফুসফুস ক্যান্সারের সাথে যুদ্ধ করছিলেন। গত ৯ জুলাই রোববার নিউইয়র্ক সময় বিকেল সাড়ে ৪টায় ব্রঙ্কসের একটি হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেন।

চট্টগ্রাম সমিতির অন্তর্বর্তীকালীন কমিটির পক্ষ থেকে মাকসুদুল এইচ চৌধুরী তার শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। আল্লাহ ওনাকে সকল দোষ ত্রুটি ক্ষমা করে জান্নাতুল ফেরদাউস নসিব করুন।

এডভোকেট নিজাম উদ্দীন আহমেদ (৭০) পরিবার পরিজন নিয়ে ব্রঙ্কসে বসবাস করতেন। তার জন্মস্থান চট্টগ্রামের রাউজান উপজেলায়। মৃত্যুকালে ৩ সন্তান, স্ত্রী ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

নিজাম উদ্দীনের নামাজে জানাজা সোমবার বাদ জোহর ব্রঙ্কসে অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সমিতি তার ফিউনারেলের দায়িত্ব গ্রহন করেছে। তার মরদেহ দাফনের জন্য সোমবার রাতে বাংলাদেশে পাঠানো হয়। -প্রেস বিজ্ঞপ্তি।







নিউইয়র্কে প্রথম বারের মতো লোকসংগীত উৎসব অনুষ্ঠিত

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কে প্রথম বারের মতো অনুষ্ঠিত হয়েছে 'লোকসংগীত উৎসব-২০২৩'। 'ফিরে চলো মাটির টানে স্লোগান'-কে সামনে রেখে গত ৮ জুলাই শনিবার জ্যাকসন হাইটসের ডাইভার্সিটি প্লাজায় অনুষ্ঠিত হয় এই উৎসব। বাঙালীর আত্মপরিচয় ও শেকড় সন্ধানে জেগে থাকা লোকসঙ্গীত উৎসবের আয়োজন করে বেঙ্গলী ক্লাব ইউএসএ।

ঐদিন বেলা ১২ থেকে প্রায় মধ্যরাত অবধি বিরামহীনভাবে চলে এই উৎসব। সঙ্গীত পরিবেশন করেন পবন দাস বাউল, একুশে পদকপ্রাপ্ত শিল্পী রথীন্দ্রনাথ রায়, প্রবাসের জনপ্রিয় শিল্পী শাহ মাহবুব, রানো নেওয়াজ, অনিক রাজ, সুশীল সিনহা, মিলন কুমার ও মোহর খান।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন দুই বাংলার জনপ্রিয় লোকসঙ্গীত শিল্পী পবন দাস বাউল, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের কণ্ঠযোদ্ধা ও একুশে পদকপ্রাপ্ত রথীন্দ্রনাথ রায়, লোকসংগীত উৎসব কমিটির আহবায়ক দীপক দাস, উপদেষ্টা শিতাংসু গুহ ও প্রধান সমন্বয়কারী দীনেশ চন্দ্র মজুমদার। উৎসব অনুষ্ঠান পরিচালনা করেন সদস্য সচিব শিবলী ছাদেক। সর্বস্তরের বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী ছাড়াও ভিনদেশীরা অনুষ্ঠানটি উপভোগ করেন।





TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MBA CPA

সাঈদ তারেকের কলাম

'নেপোয় মারে দৈ'!



আজরা জিয়া ডোনাল্ড লু'র ঢাকা সফরে প্রাপ্তি অপ্রাপ্তি নিয়ে আলোচনা এখনও চলমান। তিনি কি বলে গেলেন কি ইঙ্গিত করে গেলেন, কি মীন করলেন আর কিই বা রেখে গেলেন- চলছে চুলচেড়া আর চুল ছেড়া বিশ্লেষন। সরকার পক্ষীয়দের দাবী- মিস জিয়া তাদেরকে (বাকি অংশ ৩৬ পাতায়)

শিতাংশু গুহ'র কলাম

একটি সুন্দর নির্বাচন করলেই তো হয়!

সমুদ্রে ঝড় উঠলে তা সাথে সাথে উপকূলে আছড়ে পড়েনা, ধীরে ধীরে তা ঘনীভূত হয়, এবং এক সময় ১০নং বিপদ সঙ্কেত উড়িয়ে লোকালয়ে সবকিছু ওলোট-পালট করে দেয়। কখনো-বা (বাকি অংশ ৪০ পাতায়)

জাপা যুক্তরাষ্ট্র শাখার উদ্যোগে হুসেইন মোহাম্মদ এরশাদের মৃত্যুবার্ষিকী পালন

নিউইয়র্কঃ ১৫ই জুলাই রোজ শনিবার সন্ধ্যা সাত ঘটিকায় এ্যাস্টোরিয়ায় হ্যলো বাংলাদেশ রেস্টুরেন্ট মিলানায়তনে জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা (বাকি অংশ ১৮ পাতায়)

বাড়ী ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে (বাকি অংশ ৪০ পাতায়)



আগামী বছর থেকে 'নিউইয়র্ক বাংলা আন্তর্জাতিক বইমেলা'র ঘোষণা

বাংলা পত্রিকা রিপোর্টঃ উৎসবমুখর পরিবেশে শুক্রবার থেকে নিউইয়র্কে শুরু হয়েছে চারদিনব্যাপী 'নিউইয়র্ক বইমেলা-২০২৩'। চলবে সোমবার পর্যন্ত। মুক্তধারা ফাউন্ডেশনের উদ্যোগে জ্যামাইকা পারফর্মিং আর্টস সেন্টারে আয়োজিত এবারের বইমেলা হচ্ছে ৩২তম মেলা। মেলার প্রথম দিন শুক্রবার বিকেলে প্রধান অতিথি বীর মুক্তিযোদ্ধা ডা. সেতারা রহমান (বীর প্রতীক) পাশে নিয়ে কথাসাহিত্যিক শাহাদুজ্জামান ফিতা কেটে মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এ সময় মেলা কমিটির কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এর আগে শুভেচ্ছা (বাকি অংশ ৪৪ পাতায়)

বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহ সভাপতি

মহিউদ্দীন দেওয়ান গ্রেফতার : জামিনে মুক্ত



নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটি'র সিনিয়র সহ সভাপতি মহিউদ্দীন দেওয়ান গ্রেফতার হয়েছেন। তিনি যুক্তরাষ্ট্র আওয়ামী লীগেরও সাংগঠনিক সম্পাদক। পুলিশের নির্দেশে নিউইয়র্ক সিটির কুইন্সের স্থানীয় প্রিসিংকটে গেলে তাকে বুধবার (১২ জুলাই) বিকেলে আটক করা হয়। খবর ইউএনএ'র। জানা গেছে, বাংলাদেশ সোসাইটির সভায় হাতাতাতির ঘটনায় সোসাইটির (বাকি অংশ ৩৯ পাতায়)

বাতাসে দুষণ নিউইয়র্কে

নগর জুড়ে ক্লিন এয়ার সেন্টার বসানোর সুপারিশ

নিউইয়র্কঃ জুনের গোড়ার দিকে নিউইয়র্কের আকাশ ছেয়ে যায় কমলা রঙের মেঘে আর তারই জের ধরে বিশ্বের সবচেয়ে দুষিত বায়ুর শহরে পরিণত হয় এই মেগা সিটি। গোটা নি-উইয়র্ক পার্শ্ববর্তী নিউজার্সি কানাডার দাবানল থেকে উড়ে আসা ধোঁয়ায় ছিলো আচ্ছন্ন। এখন ধোঁয়াশা (বাকি অংশ ৪৪ পাতায়)

বর্ণাঢ্য অয়োজনে 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস' ১২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালনেঃ কাজী আকরাম উদ্দিন আহমেদ

মা-বাবা আর দেশের সেবা করুন

বাংলা পত্রিকা রিপোর্টঃ 'সেবার মান আরো বৃদ্ধি'র প্রত্যয়ে' প্রবাসের অন্যতম জনপ্রিয় মানি ট্রান্সমিটার প্রতিষ্ঠান 'স্ট্যান্ডার্ড এক্সপ্রেস' বর্ণাঢ্য অয়োজনে ১২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করেছে। এ উপলক্ষ্যে গত ১২ জুলাই বুধবার সিটির উডসাইডের গুলশান ট্যারেসে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল ড. মোহাম্মদ মনিরুল ইসলাম এবং বিশেষ অতিথি ছিলেন স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেট, বাংলাদেশ এবং স্ট্যান্ডার্ড এক্সপ্রেস ইউএসএ'র চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা কাজী আকরাম উদ্দিন আহমেদ। খবর ইউএনএ'র। (বাকি অংশ ৩৭ পাতায়)





আলহামদুলিল্লাহ -এর মর্মকথা

জাফর আহমাদ

"সমস্ত প্রশংসা সেই আল্লাহর জন্য যিনি নিখিল বিশ্ব-জাহানের রব। যিনি পরম দয়ালু ও করুণাময়। যিনি প্রতিদান দিবসের মালিক।"(সুরা ফাতিহা:১-৩) আল্লাহর স্মরণের (বাকি অংশ ৪০ পাতায়

খেলার খবর

নতুন নারী চ্যাম্পিয়ন পেল উইম্বলডন

স্পোর্টস ডেস্ক: উইম্বলডনের নতুন রানি মার্কেতা ভন্দ্রোসোভা। শনিবার (১৫ জুলাই) ফাইনালে কার্যত একপেশে লড়াইয়ে ওনস জাবেরকে ৬-৪, ৬-৩ গেমে হারিয়ে তিনি শিরোপা জিতে নেন। উইম্বলডনের (বাকি অংশ ৩৯ পাতায়)

হেলথ টিপস

পুরুষদেরও স্তন ক্যান্সারের ভয়

বাংলা পত্রিকা ডেস্ক: স্তন ক্যান্সারের কথা এলেই অনেকে ভাবেন এই রোগ শুধু মহিলাদের মধ্যে দেখা যায়। তবে বিশেষজ্ঞরা (বাকি অংশ ৪১ পাতায়)

বিনোদন

নিউইয়র্কে ছেলেকে নিয়ে ঘুরছেন শাকিব-অপু!

বিনোদন ডেস্ক: বর্তমানে বাংলা সিনেমার আলোচনার কেন্দ্রবিন্দুতে রয়েছেন শাকিব খান। কারণ ঈদে মুক্তি পাওয়া তার 'ফি-প্রয়তমা' সিনেমা ভালো ব্যবসা করছে। শুক্রবারও (১৪ জুলাই) দেশ-বিদেশের বিভিন্ন সিনেমা (বাকি অংশ ৪১ পাতায়)

তুরস্কের অভ্যুত্থান প্রচেষ্টা ব্যর্থ-এরদোগান



বাংলা পত্রিকা ডেস্কঃ যতই সময় চলে যাক না কেন, তুরস্ক ১৫ জুলাইয়ের সেই অভ্যুত্থান ভুলে যেতে এবং স্মৃতি থেকে কখনো মুছে যেতে দেবে না বলে জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান। শনিবার ইস্তানবুলের বেইলারবেই জেলায় অভ্যুত্থান প্রচেষ্টার সপ্তম বার্ষিকী স্মরণসভায় তিনি এসব কথা বলেন। (বাকি অংশ ৪৪ পাতায়)

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন


GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত ৩১ পাতায়

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
হজ্বব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com